SANKHYA PHILOSOPHY.

TOGETHER WITH

EPITOME OF HISDUPHILOSOPHX IN QUNBRAL,

PART I.

PRINCEPLES OF COOMING

ΒY

KALIVARA VEDANTABAGI



অন্যান্য দশ্লের মত দক্ষিত। পরীক্ষাকাও।

শ্রীকালীবর বেদান্তবাগীশ প্রণীত।

[भष्ठश्वकटियोव ग्रन्तभिष्यतानुना । क्रतमिश्वेव रमते जनः साध्रसाध्यपि]।

ROY PRESS,

17, Blandpee Churn Dute's Lune, Calcutta.)
PRINTED BY BABCORAN SINOAR
AND
PUBLISHED BY THE AUTHOR.

1877.

SANKHYA PHILOSOFTY

TOGETHER WITH

AN EPITOME OF HINDUPHILOSOPHY.

PART I.

PRINCIPLES OF COGNITI

ΕY

KALIVARA VEDANTABAGISA:



そのかなななんない

অন্যান্য দর্শনের মত সম্বলিত। পরীক্ষাকাও।

শ্রীকালীবর বেদান্তবাগীশ প্রণীত।

[भग्रष्टकाटिगीव-ग्रजनिक्तिकातानुना । क्राप्तिलेव रैमते जन: साधुरसाधिप]।

ROY PRESS,

(17, Bhowanes Churn Duti's Lane, Calcutta,
PRINTED BY BABOORAM SIRCAR

PUBLISHED BY THE AUTHOR.

1877.

কৃতজ্ঞতা ও বিজ্ঞাপন।

শ্বপ্ন-প্রয়াণ ও তত্ববিদ্যা প্রভৃতির লেখক শ্রীযুক্ত বাবু বিজেল্রনার্থ ঠাকুর, মদীর-ছাত্র এবং চিরপ্রতিপালক বহরমপুর নিবাদী পুরাতত্ব লেখক শ্রীযুক্ত বাবু রাজনারায়ণ বহু, শ্রীরামপুর নিবাদী এম এ উপাধি ধারী শ্রীযুক্ত বাবু নারায়ণচল্র ভট্টাচার্য্য, বি এল উপাধি প্রাপ্ত কলিকাতা জলকোর্চ্চর উকীল শ্রীযুক্ত বাবু জগদীশচল্র বহু প্রভৃতি মহাত্মা গণের ইচ্ছা এই যে, দেশীয় লোকের দ্বারা দেশীয় দর্শনশান্তের অন্তর্মর্ম সকল নিক্ষাশিত হইয়া ক্রমশা বলভাষায় আনীত হইতে আরম্ভ হইলে বড় আনন্দের বিষয় হয়। বিশেষতঃ রামদাদ বাবুর দাহায়ে আমি যখন অধ্যমন করি, তপন হইতেই ভাহার ইচ্ছা যে, আমি কোন দার্শনিক প্রস্তাব লিখি। উলিখিত মহাত্মাগণ এবং আত্মীয় বর্গের ভাদৃশ ইচ্ছার অনুবর্ডা হইয়া রাজর্ষিত্লা বছমানাম্পদ শ্রীল শ্রীযুক্ত বাবু দেবেল্রনাথ ঠাকুর তথা শ্রীযুক্ত জ্যোতিরিল্রনাথ ঠাকুর মহোদরের যত্নেও অনুগ্রহে আমি 'সাক্ষাদর্শন' শীর্ষক এই ক্রম্ব পুত্তক খানি মুদ্রিত ও প্রচারিত করিলাম। ইতিপুর্বেই ইহার অধিকাংশই ক্রমপ্রকাশ্য রূপে তত্ববোধিনী পত্রিকায় প্রকাশিত হইয়াছিল, সম্প্রতি সেই সকল প্রস্তাব সঙ্কালিত, পরিমাজিতিও ও পরিবর্জিত করিয়া পুত্তকাকারে মুদ্রিত করিলাম।


এক্ষণে অধ্যতা ও অধ্যাপক গণের নিকট আমার বিনর প্রার্থনা এই যে, ছরবগাই দর্শনশান্তে হস্তক্ষেপ করা মাদৃশ অল্পজ্ঞ চপলমতি ব্যক্তির পক্ষে অত্যস্ত অসকত জানিয়াও আমি যে আপনাদের নিকট এই চাপল্য প্রকাশ করিলাম, আমার এ অপরাধ আপনারা নিজ্পুণে মার্জনা করিবেন। অপব নিবেদন এই যে, ইহাতে কোন প্রকার অম প্রমাদ দৃষ্ট হইলে তাহা আমাকে অনুগ্রহ করিয়া জ্ঞাপন করিবেন। তাহা হইলে আমি আপনাদের নিকট শিক্ষালাভ করিতে পারিব এবং ভবিষ্যতে যদি ইহার ভাগ্যে পুন্মুদ্রণ থাকে—তবে সে সমক্ষেত্র আমি অনায়াসে পরিহার করিতে পারিব। ইত্যলম্।

শ্রীকালীবর শর্মা।

পুঁড়া, বশীর হাট।

সুচি-পত্র।

विवन्न	,	•	গৃষ্ঠ হইতে	পৃষ্ঠপৰ্য্যন্ত ।
গ্ৰন্থানুবন্ধ ও পূৰ্বাভাস	•••	••	1.	21.
দর্শনশান্তের লক্ষণ ও সংক্ষিপ্ত	ইতিহাস	•••	` \$	۶٤
সাঝাশান্তের প্রতিপাদ্য	¢	•••	>5	. <i>>७</i>
জ্ঞান-নির্বাচন এবং তৎসম্বদ্ধে	বিবিধ মত		>9	>>
প্রমাণ নির্ণয়	•••	•••	66	ર•
চক্রিন্তির ও চাক্ষ-প্রতাক	• • •	•••	२১	৩২
অধ্যাদ বা ভ্ৰমজ্ঞান	***	• •	৩২	9¢
ভ্রমোৎপত্তির কারণ	***	•••	૭૯	40
ज्य-निवांत्रत्वत्र छेशात्र	***	•••	८०	82
च्रवन ও च्रवतिक्रिय	•••	•••	85	89
স্পর্শ ও ছগিন্দ্রির	•••	•••	89	82
द्रम छोन ও दमना	•••	•••	68	
ছাণেক্রিয় ও গন্ধ-জ্ঞান	•••	•••	82	
কর্মেন্ত্রিয় ও মনের ইন্সিয়ত্ব	•••	•••	¢ o	49
যুক্তি ও যৌক্তিকজ্ঞান	•••	•••	69	98
যুক্তির অবয়ৰ ও তাহার শ্রেণ	ीकझना		98	, 95
ঔপদেশিকজ্ঞান ও উপদেশ	•••	•••	94	45
শাগুবাক্য			४ २	. 54
বেদের পৌরুষেয়ত্ব শঙ্কা	•••	•••	56	66
শাক্তের সত্যোদার-প্রণালী ও	বিচারিত-	বাক্যের শ	के ४४	>05
সংকাৰ্য্যবাদ ও প্ৰমাণকাত-	সমা প্তি	• • •	3.8	323



শঙ্গভাষায় বিচারগ্রন্থের অবতরণ করিবার সময় অদ্যাপি আগত হয় নাই। হেতু, বর্ত্তমান বঙ্গভাষার আয়তন অতি অৱ। যদিও বর্ত্তমান বঙ্গভাষা পূর্বাপেক্ষা পৃষ্টি নাভ করিয়াছে, অপেক্ষাকৃত প্রস্তুত হইয়াছে, তথাপি তদ্বারা কেবল ছই চারি টি রমণীমূর্ত্তি বা ছ-পাঁচ্টি লতা গুল চিত্রিত হইতে পারে, রামায়ণ মহাভারতের উপাধ্যান ভাগও অনুদিত হইতে পারে; তত্তির, কোন দার্শনিকভাব অঙ্গ-প্রত্যঙ্গ যুক্ত করিয়া জদ্প্রবিষ্ট করান যাইতে পারে না। কেন না, দার্শনিকভাব হৃদ্গত করিবার একমাত্র উপায় বিচার। (যাহাকে আম্রা যুক্তি, তর্ক, উই প্রভৃতি বছনামে ব্যবহার করিরা থাকি)। সেই বিচার নির্শ্বাণের উপ-যুক্ত উপকরণ (শব্দরাশি) বাঙ্গালা ভাষায় কৈ ?—যদিও থাকে, বা না থাকিলেও ভাষান্তর হইতে প্রয়োজনাত্তরপ সংগ্রহ বা প্রস্তুত করিয় লওরা যাইতেপারে,—ত্থাপি সেরূপ করিয়া বিচার নির্মাণ করিবার্ ব্যক্তি কৈ ?--যদিও কোন কুশলী পুরুষ বিচার নির্মাণ করিতে প্রবুক্ত हन,(इहेटनहे वा कि इहेटव ?)—एनथा गांग्न,विठात निर्माटन প্রবৃত্ত हहेता, অনেক লোকই কিছু দিন না কিছু দিন পরে নিবৃত্ত হন। নিশ্মতাদিগের कार्यामाय शामी ना श्रेल कि जन्नाता कल लाएउन जाना कता ষার ?--তাঁহাদের উদ্যম ভদের অনেকবিধ হেতু আছে। প্রাধানতম হেভু এই বে, বর্ত্তমান সময়ে তাদৃশ গ্রন্থের ব্যবহর্তা ও

তাদৃশ গ্রন্থের আদরকর্ত্তা লোক অতি অল্প। একথা সত্য কি মিথাা, দেখ,—এ যাবৎ ন্যায় পদার্থ তত্ত্ব, তত্ত্ব বিদ্যা ও ধর্মতত্ত্বদীপিকা প্রভৃতি কএকথানি উত্তম বিচার গ্রন্থ প্রচারিত হইয়াছে ; কিন্তু তাহা ক-টি লোকে বাবহার করে? ক-টি লোকেই বা আদর করে?---অনাদরের কারণ আর কিছুই না, কেবল,তাদৃশ গ্রন্থে লোকের রুচি না থাকাই কা-রণ। রুচি না থাকার কারণ বিবিধ। তন্মধ্যে তজ্জাতীয় গ্রন্থ না বুঝিতে পারাও এক-টি কারণ। এইটিই মুখ্য কারণ। না বৃষ্ণিবার কারণ কি ?— প্রতিবন্ধক। কি প্রতিবন্ধক?—অপ্রাপ্ত ব্যবহার শিশুদিগের ব্যাকরণ স্থ্য বুৰিবার যে প্রতিবন্ধক, বর্ত্তমান কালের অধিকাংশ লোকেরই দার্শনিক পদ পদার্থ বৃঝিবার সেই প্রতিবন্ধক। বালকেরা বৈয়াকরণিক পদার্থের চর্চ্চা করে না; সেইজন্য তাহা তাহারা হঠাৎ ৰুঝিতে পারে না; তজ্রপ, বর্ত্তমান কালিক লোকেরাও চর্চ্চা করেন না বলিয়া দার্শনিক গ্রন্থ বুঝিতে পারেন না। অচর্চিত পদ-পদার্থ মহসা উপস্থিত ছইলে জ্ঞান তাহাকে আয়ত্ত করিতে পারে না। জ্ঞানগম্য না হইলেও বস্তুর বথাষথ আদর হয় না। অতএব, একদেশীয় ব্যবহার্য্য ভাষাদি, চর্চ্চা রহিত অন্যদেশীয়দিগের নিকট যেমন বিরক্তি ও উপেক্ষার সামগ্রী,—সেইরূপ, চর্চাবিহীন বর্ত্তমানকালিক অধিকাংশ লোকের নিকট দার্শনিকভাব বিরক্তি ও উপেক্ষার সামগ্রী হইয়া আছে। মুমুষ্যের যে বস্তুতে অরুচি থাকে, সে যদি যতুপূর্বক প্রতিদিন কিছু কিছু করিয়া সেই বস্তর চর্চ্চা বা সেবা করে—তাহা হইলে তাহার সেই চর্চা, তলাত অরুচির কারণ ধ্বংস করিয়া তদিষয়ে অপূর্ব্ব রুচি উৎপাদন করে। এইরূপ চর্চ্চা-প্রবণতা মানব মনের স্বাভাবিক ও অব্যভিচারী ধর্ম। মুহঁষি ব্যাস একস্থানে বলিয়াছেন,—

"सात् क्रमनामः चरितादि सितापविद्या-पित्तीपतप्रसमस्य न रीचिनैत । किन्त्वादरादनुदिनं सन् सेवयैव; साधी पुनर्भवति तुद्यद मूल इन्बी॥"

মর্মার্থ এই যে, পিত্ত ছৃষ্ট হইলে জিহ্বায় দিতা অর্থাৎ চিনিও ভালা লাগে না। তিক্ত লাগে। কিন্তু, যদি আদর পূর্ব্বক ঔষধ দেবনের ন্যায় প্রতিদিন কিছু কিছু করিয়া তাহার দেবা (ভক্ষণ) করা যায়, তাহা হইলে, তদ্বারা দেই পিত্তদোষ নিবারিত হইয়া ক্রমে তাহাতেই কৃচি জন্মে এবং তথন তাহার যথাবৎ স্বাহতা অহুভূত হয়। এইরূপ, অপবিদ্যাং অর্থাৎ অক্তান বা মায়ামোহে দমাচ্ছর ব্যক্তির ঈশ্বরধ্যান ভাল লাগে না, কিন্তু তাদৃশ মহুষা যদি (ভাল না লাগিলেও) বতুপূর্ব্বক কিছু কিছু করিয়া প্রতিদিন তাঁহার দেবা করে, তাহা হইলে দেই ভাল না লাগার কারণ অক্তান বা মায়ামোহ বিধ্বস্ত হইয়া গিয়া ক্রমে তাহার মনে ঈশ্বরং ধ্যানের স্বাহতা অহুভব হয়।

অপিচ, শৈশব কালে আমরা কি জানিতাম;—আর এখনই বা'
আমরা কি জানি;—শিশুকালে আমাদের কি ভাল লাগিত,—আর
এখনই বা কি ভাল লাগে;—অন্ধাবন করিয়া দেখিলে স্পষ্টই প্রতীত
হইবে যে, আমরা অনেক বিষয়ে শিশুকালে যাহা জানিতাম না—এখন
তাহা জানি; শিশুকালে যাহা তিক্ত বোদ হইত—এখন তাহাই মিষ্ট
বোধ হয়; শিশুকালে যাহা তৃঃথকর ও বিরক্তিকর ছিল—তাহাই
এখন সুখকর। এরপ ক্ষচি পরিবর্ত্তের কারণ আর কিছুই না, কেবল
চর্চা। সংসারচক্রের মহিমা, লোকযাত্রা নির্বাহের অবশান্তাব বা
আবশ্যকতা, সংসর্গ ও কালের পরিবর্ত্তন সহকারে তত্তৎ বিষয়ের

চর্চা সাংসারিক লোকের আপনা হইতেই ঘটিয়া উঠে। অতএব, মছুষ্য যে যে বিষয়ের সাদর চর্চা করিবে, কিছুকাল পরে চর্চাপ্রবণ यन, সেই সেই বিষয়েই আমোদ পাইবে। মনের যদি এরূপ চর্চা প্রবণতা-গুণ না পাকিত, তাহা হইলে এ সংসার একরপই शांकिত, नाना मण्डानारम कर्नाठ विज्ज रहेठ ना। এक मण्डानारम्ब মধ্যে আজু কাল্ যেমন কাবা, নাটক ও ইতিহাসাদির চর্চা নিবন্ধন ভজাতীয় গ্রন্থপাঠে কচি বা চিত্তপ্রাবণ্য দৃষ্ট হইতেছে; এইরূপ, জ্ঞান-শাস্ত্রের চর্চ্চা করিলেও কালে তাঁহাদের সাহাতেই কুচি বা চিত্তপ্রাবণা ন্ধনিতে পারে। চচ্চ। ও কাবার চিতার প্রভাবে তাঁহারা যেমন কাব্য পাঠে প্রভৃত আনন্দ প্রাপ্ত হইতেছেন—চর্চ্চা করিলে তর্কণান্ত্রেও সেই ক্লপ আমোদ লাভ করিতে পারেন। যদি বল, বিচারশাস্ত্র অতান্ত কঠিন. ৰড় নীরস, সহজে বুঝা যায় না, তলিবন্ধন তাহাতে আমোদও পাওয়া ৰায় না; স্থভরাং আমরা জানচচ্চ য়ি বিরত আছি। এই আপত্তির উত্তর धारे (य, ठक्कां कत। ठक्कां कतिला शूर्वकिष्ड मृष्टीख असूमाद्र ভোমাদের বৈচারিক ভাব, ভঙ্গী, শব্দপরিপাটী সমস্তই আয়ত্ত হইবে। क्रथन आंत्र त्म कर्डिन, त्मर्टे ना तुवा, किडूरे शोकित्व ना । এथन त्य তোমরা কাব্য ইতিহাসাদির ভাব ভদ্মী ও শব্দপরিপাটী প্রভৃতি সহজাত শক্তির ন্যায় অনায়াদে হদয়ক্ষম করিতেছ —এরূপ হৃদয়ক্ষম করিবার শক্তি কি তোমাদের সহজাত শক্তি? কদাপি নহে। এ শক্তিও তোমাদের চক্র। বা অভ্যাস দারা সঙ্কলিত হইয়াছে জানিবে।

আর এক কথা। জ্ঞান শান্ত্রের চর্চ্চা বাতিরেকে মানব-মনের মলাফ্লে অপগত হয় না। বাক্ সৌষ্ট্রবও জন্মে না। শিশু দিগের তুল্য সমুদ্ধ জ্ঞান ও অক্ট্রকুছ চিরকালই থাকে। যদি বল,তাহাতে ক্ষতি কি ? বিশক্ষণ ক্ষতি আছে। সন্মুগ্ধজ্ঞান ও বাক্-বিশুদ্ধির অভাব শিশুদিগেরই শোভা পায়, পরিণতবয়স্কদিগের নছে। পরিণত বয়স্কদিগের সন্মুগ্ধজ্ঞান ও অপরিস্কৃত বাক্য থাকা যে, ক্ষতি ও বিরক্তির বিষয় তাহা বলা বাহলা।

অপিচ, ভাষার অধিকার বৃদ্ধি ব্যতিরেকে বিচার গ্রন্থের বহু প্রচলন হইতে পারে না। বিচার গ্রন্থের ব্যবহার-প্রাচ্র্য্য ব্যতিরেকে জ্ঞান চচ্চার আধিক্য জ্মিতে পারে না। জ্ঞান চচ্চার আধিক্য না হইলেও সম্মুগ্ধজ্ঞান ও বাক্ বিশুদ্ধির অভাব মহুষ্য-সমাজকে পরিত্যাগ करत ना। এতদৃষ্টে, বর্ত্তমান বিজ্ঞ সম্প্রদায়ের অনেকেরই মত এই যে, যাবৎ না বঙ্গভাষার অবয়ব বৃদ্ধি হয়—যাবৎ না বিচার গ্রন্থের বহুল প্রচার হয়—যাবৎ না দেশীয় দিগের মন বিচার দর্শনে উন্মুখ হয়,—তাবৎ, বঙ্গভাষার দারা কোন প্রকার আত্মোৎকর্ষ লাভের সম্ভাবনা নাই। এক্ষণকার কাব্যক্রচি এবং এক্ষণকার কাব্য, আর্ষ काला कावाकृति धवः व्यार्थकाला कावाब नाम नहा। शूर्व কালের লোকেরা ধর্ম, জ্ঞান ও বৈরাগ্যাদি সংযুক্ত কাব্যই ভাল বাসিত। তৎকালের কাব্য লেথকেরাও তদমুদ্ধপ কাব্য লিথিতেন। এক্ষণকার কাব্য ও কাব্যক্ষচি তাহার সম্পূর্ণ বিপরীত ; স্থতরাং বর্ত্তমান পদ্ধতির কাব্য শ্রেণী আশাতীত উন্নৰ্ত হইলেও তদ্বারা ওৎকর্ব্য লাভের সম্ভাবনা নাই। কাব্যরুচিতা একে ত তরল মনের কার্য্য; তাহাতে আবার তাহা গান্তীর্য্যের বিনাশক এবং অস্তস্তম্ব দর্শনের প্রতিরোধক। এই সকল দোষ কাব্য সাধারণের। অপকৃষ্ট রসোদীপক কাব্য এতদপেক্ষাও দূষণাবহ। অপকৃষ্ট কাব্যরসে আর্জ্র হইলে মন জড়তা প্রাপ্ত হয় ও ক্ষুদ্র হয়। স্বচ্ছতা, প্রকাশ শক্তি, ধারণা শক্তি, ধর্ম, জ্ঞান, বৈরাগ্য

ও শান্তিপ্রভৃতি মানবমনের যে কিছু সদ্গুণ, সকলই বিনষ্ট হয় 🛭 বিশেষতঃ শৃষ্মার রসাত্মক কাব্য মন্ত্রেরে ন্তর্ধ বৃত্তিকে (কাম বৃত্তিকে) বেগিত করে। স্তর্য বৃত্তি ধেমন মন্ত্র্যাকে বেগে আক্রমণ করে, অন্য ্বৃত্তি সেরূপ নহে । তথ্ বৃত্তির বেগু, যথন মানব হৃদয়ে পূর্ণতা প্রাপ্ত হয়, তথন তাহার দৃশ্য হয় কামিনী, আর ধ্যেয় হয় কামিনীর মূর্ত্তি। তংকালে তাহার মন কেবল সেই রমণী মূর্ত্তিতেই বিলাস করিতে থাকে। সে তথন জগতের অন্য কিছুই দেখিতে পায়-না। কি আক্ষেপের বিষয়। যে মন ঐ বিপুল গ্রহ-নক্ষত্র-তারকা-বিরাজিত অনস্ত আকাশ—আর এই সকাননা সভ্ধরা সাগরাস্তা পৃথিবী,—যুগপৎ এতছভয়কেই আক্রম করিতে সমর্থ,—মনুষা সেই মন'কে কি না একটা ক্জায়তন নারী দেহে নিমগু করিয়া রাখিবে ! কি আশ্চর্য্য ! ঐ অবস্থাকেও আবার কেহ কেহ স্থথের অবস্থা মনে করেন, বর্ণনাও করেন; পরস্ত তাঁহারা একবারও অনুধাবন করেন না যে, তত্ব চিস্তায় নিমগু করিতে পারিলে মন কত উন্নত হয়-ও কত স্থা হয়। একন কি, একটা সামান্য কীটের বা ধূলিকণার তত্ব চিন্তা করিতে করিতে মহুষ্য ঈশ্বরের সনিধি লাভ করিতে পারে বলিলেও অত্যক্তি হয় না া একজন কাব্য জিজাস্থ, আর একজন তত্ব জিজ্ঞাস্থ, এতহভয়ের মধ্যে যে কি তরতম ভাব আছে, তাহা তিনিই বুঝিতে পারিবেন, যিনি একবার উভয় জিজ্ঞানার স্বাদ গ্রহণ করিয়াছেন। কাব্যবিদ্যা ও তত্ববিদ্যা এতত্বভয়ের ফল-তারতমার প্রতি নিপুণ হইয়া দৃষ্টিচালনা করিলে, কাবোর আলোচনা রহিত করাই কর্ত্তব্য বলিয়া প্রতীতি হইবে। পরস্ক আমরা সেরপ করিতে বলিনা। আমাদের মত এই যে শ্রমাশ-

নোদনের অবলম্বনস্থরপ যৎকিঞ্চিৎ সৎকাব্য আলোচনা কর, আর তঘটিস্তা বহুপরিমাণে কর। পূর্ব্ব পৃথিতেরাও কাব্যশাস্ত্র ও জ্ঞানশাস্ত্রের পরস্পর বাধ্য বাধক ভাব নির্দেশ করত এই কথাই বলিয়াছেন। যথা,———

> "काव्येन इन्यते शास्त्रं काव्यं गीतेन इन्यते। गीतन्तु स्त्रीविलासीन स्त्रीविलासी वृश्चया॥"

কাব্য জ্ঞানশাস্ত্রকে বিনাশ করে। আবার কাব্যকে বিনাশ করে গীত। গীতকে বিনষ্ট করে স্ত্রীবিলাস, স্ত্রীবিলাসকে দূর করে বুভুক্ষা।

জ্ঞানিশ্রেষ্ট কবি শিহলণ-মিশ্রও অপরুষ্টরসোদ্দীপক কাব্য রচয়িতাদিগকে শক্ষ্য করিয়া এই আক্ষেপোক্তি প্রকাশ করিয়াছেন,—

"यदा पृकृतीय जनस्य रागिषः स्तः प्रदीप्तो इदि मन्यथानसः। तदाव भूयः क्रिमनर्थपस्तिः कुकाव्य इत्याइतयी निवेशिताः !"

শিহলণ কবি শৃঙ্গার-রসের কবিতালেথকদিগকে অনর্থ-পণ্ডিত বলিয়া-ছেন। উক্ত শ্লোকের মর্মার্থ এই যে, কামাগ্নি, মহুষ্য হৃদয়ে স্বভা-বতঃই প্রজ্জনিত, তাহাতে আবার অনর্থ-পণ্ডিতেরা নিরন্তর কু-কাব্য রূপ স্বতাহতি নিক্ষেপ করিতেছে, ইহা কি সামান্য আক্ষেপের বিষয়!!

এইরপ, দার্শনিক পণ্ডিতেরাও কামিনীজিজ্ঞাসাকে জ্ঞানের বিশেষ প্রতিবন্ধক বলিয়া জানেন। তাঁহারা সর্ব্ব দাই বলেন "কাদিনী জিরায়া লবঃ দনিবন্দিন।"—অতএব, কেবল কামিনী ধ্যানের উদ্দীপক কাবোর উন্নতি দেখিয়া আমাদের সস্তুষ্ট থাকা উচিত নহে,—অস্তত্ত্ব প্রভৃতি তাত্ত্বিক ভাব ও তৎপ্রকাশোপযোগী ভাষা, এতত্ত্ভয়েরই বহু আন্দোলন করা উচিত।

ষদি বল, "কাবা কারেরা যে কেবল রমণী মূর্ভিই চিত্রিত করেন, আর আমরা যে কেবল তাহাতেই ডুবু ডুবু হইয়া থাকি এমত নহে। তাঁহারা কত শত নদ, নদী, দাগর, শৈল, বন, উপবন, তড়াগ, মরুভূমি, শুলানভূমি, যুদ্ধভূমি, শুর্গ, নরক প্রভৃতি বর্ণনা করিয়া আমাদিগের চিত্তকে হর্ষ, শোক, আবেগ প্রভৃতি বহুবিধ ভাবে পরিপূরিত করেন,—তদ্বলে আমরাও ইহলোকের জালা যন্ত্রণা আনেকাংলে ভূলিয়া থাকি,—স্কৃতরাং কাব্যালোচনা আমাদিগের অকুশলের নিমিত্ত নহে। যাহা অকুশলের নিমিত্ত নহে, তাহা পরিত্যাগ করিব কেন?"—

উত্তর এই ষে, আমরা কাব্যকে একবারে পরিত্যাগ করিতে বলিতেছি না; বলিতেছি কুৎসিত কাব্যের পরিত্যাগ ও সৎকাব্যের অল্প সেবা কর। সৎকাব্য বলিলা তাহাতে ব্যসনী হওয়া উচিত নতে; যেহেতু ব্যসনী হইলে কাব্যের উভফল গ্রহ হয় না। ধীরতা ও সমুদ্ধি পরিচালন পূর্ব্ধ ক অল্প অল্প সেবা করিলে তৎপরিপাক দশায় কাব্যান্তর্গত ওভফল অনুভূত হইলেও হইতে পারে। কাব্য-নির্মাতার যদি নির্মাণ নৈপ্ণা থাকে, আর পাঠকের মন যদি পাঠ মাত্রেই সেই বর্ণনীয় বিষরে উপনীত হয়, তাহা হইলেই, সেই সৎকাব্য দারা নিয় লিখিত ফল লাভের আশা করা যাইতে পারে বটে। যথা,—

বে মহুষ্যে দয়া, দাক্ষিণ্য, করুণা, মৈত্রী, পুণ্য লিপ্সা ও পাপজিহাসী প্রভৃতি সদগুণের অভাব বা অনুদ্রেক আছে,—সংকাষ্য
সেবা করিলে হয় ত তত্তাবং গুণের উদ্রেক হইতে পারে। স্বর্গবাসীদিক্ষের স্থেসমৃদ্ধি দেখিয়া হয় ত পুণ্যলিপার উদয় হইতে পারে—
নারকীদিগের নরক যন্ত্রণা দেখিয়া হয় ত পাপজিহাসা জ্মিতে

পারে—ধনি-দিগের ক্রক্টিভঙ্গী দেখিয়া হয় ত ধনবিরাগ উপস্থিত হইতে পারে—হিংসার অনিষ্ট পরিণাম দেখিয়া হয় ত মৈত্রীভাবের উদ্ম হইতে পারে—অন্ধ-পঙ্গু প্রভৃতি দরিত্র ও দরিদ্রনিবাস সন্দর্শন করিয়া হয় ত করণা রব্ভির উদয় হইতে পারে এবং য়ন্ধবীরদিগের অলোকিক প্রভাব দেখিয়া হয় ত উৎসাহিতা ও ওজ্বিতা জন্মিতে পারে। দান-বীরদিগের সদাশয়তা ও বদান্যতা দেখিয়া হয় ত সেই সেই গুণের উত্তেক হইতে পারে। অতএব, যে সকল কাব্য দ্বারা তোমার বা জগতের উক্তবিধ উপকার হইবার সন্ধাবনা আছে, সে সকল কাব্যের পরিসেবা করিতে আমাদের নিষেধ নাই। ব্যসনী না হইয়া সংকাব্যের পরিসেবা আর ব্যসনী হইয়া জানশাল্রের আন্দোলন করা কর্ত্তব্য, ইহাই আমাদের মত। এই মত কেবল আমাদের নহে, পূর্ব্বপণ্ডিতগণেরও বটে। যথা,—

"ते उत्तमा ये: क्रियते सच्छास्त्रस्य निषेवनम्। 🧓 सत्काव्यं ये च सेवन्ते ते जना मध्यमा मताः॥"

অর্থ এই যে, যাঁহারা জ্ঞানশাস্ত্রের চর্চ্চণ করেন, পূর্ব্বপিণ্ডিত দিগের মতে তাঁহারাই উত্তম। যাঁহারা সংকাব্যের সেবা করেন, পূর্ব্বপণ্ডিতগণের মতে তাঁহারা মধ্যম। অসংশাস্ত্রের ও অসংকাব্যের সেবকেরাই তাঁহাদের মতে অধম।

যদি বর্গ "তত্বচিস্তা করিতে হইলে ভাষাস্তর শিক্ষার অপেক্ষা করে, কেবল বঙ্গভাষায় হয় না, যেহেতু বঙ্গভাষার অবস্থা এখনও বিচার শিক্ষার উপযোগী হয় নাই।"

এ কথারও অনেক উত্তর আছে। তন্মধ্যে প্রধানতম উত্তর এই যে, হতাশ না হইয়া, উপেক্ষা না করিয়া, চেষ্টা করি,—চেষ্টা করিলে দিশিত ফল অবশাই লব্ধ হইবে। যে সংস্কৃত ভাষা একণে বর্ষীমদী হইয়াছেন, জীণ তমা হইয়াছেন, একবার সেই সংস্কৃতভাষার শৈশব কাল চিস্তা কর—বৃথিতে পারিবে যে, বঙ্গভায়াও ইচ্ছান্ত্রগ ফল-প্রস্বাব ক্রিতে পারিবে কি না।

প্রথমকালে সংস্কৃতভাষায় কি ছিল?—কেবল বস্তবাধক শুটি-কতক লাম, আর ক্রিয়াবোধক শুটিকতক লাল (ধাতু) ছিল। বে লাশব্যকে আজ্ আমরা শত শত নামে উল্লেখ করিতেছি, তাহার ছই-টি মাত্র নাম ছিল। ক্রমে দল, পঞ্চদল, বিংশতি-টি (ইহা নিঘণ্টুর প্রেম্) নাম প্রকাশ পাইল। এইরূপে ক্রমে শব্দ ও শব্দ বিন্যাস ভঙ্গী অর্থ ও অর্থ-চাতুর্য্য বৃদ্ধি পাইতে লাগিল। এখনও ব্যাকরণ হয় নাই। ক্রমে নাম, ধাতু, আখ্যাত ও নিপাত,—শব্দের এই চতুব্বিধ জাতি স্থির হইল। এই সময় এক এক-টি করিয়া শব্দ অধ্যয়ন করিতে হয়—শব্দ পারায়ণের শেষ হয় না—অব্যেতাদিগের অত্যন্ত ক্রেশ। এক সময়ে যে সংস্কৃতভাষার এবংবিধ অবস্থা ছিল, তাহা বেদ দেখিলেই প্রতীতি হয়। যথা,—

"हहस्यतिरिन्द्राय दिव्यं वर्ष सहस्र' प्रतिपद्पाठिविहितानाम श्रव्दानां श्रव्दपाराययं प्रीवाच, नानः जगान ॥"

অর্থ এই যে বৃহস্পতি বক্তা, ইক্র অধ্যেতা, অধ্যয়নকাল দৈব-পরিমাণের সহস্র বৎসর। তথাপি এক একটি করিয়া অধ্যয়ন করিতে হয় বলিয়া শব্দ পারায়ণ শেষ হয় নাই। বোধ হয় এই উন্নতির সময়েই ব্যাকরণের স্থাষ্ট হইয়াছিল। এবংবিধ সময়েই ব্যাকরণের আবশ্যক।

ব্যাকরণ বলিলে এক্ষণে পাণিনি-ব্যাকরণ বুঝায়। প্রথমপ্রস্ত

याकिका जोश नरहा अथरम रय किक्रभ वाकिका जिस्साहिका. অখন আঁর তাহা অনুভূত হয় না.৷৷ কেহ কেহ বলেন, পাণিনির পূর্ব্বে 'মাহেশ' নামক ব্যাকরণ ছিল, তাহাই প্রথম প্রস্তত। এ কথা: কতদূর সত্য, বলিতে পারি না। অনেকানেক প্রাচীন পণ্ডিভেরাও এ বিষয়ের তথ্য নির্ণয় করিতে: श্বারেন নাই। আবার অনেক পণ্ডি-তের সিদ্ধান্ত এই যে, 'মাহেশ' নামক কোন স্বতন্ত্র ব্যাকরণ নাই, ছিলও না। পাণিনি, কাত্যায়ন, ও পতঞ্জলি,—এই মুনিত্রয়বিনির্মিত স্থা, বুন্ধি ও ভাষ্য,—এই গ্রন্থ ত্রেরেই নাম মাহেশ। উহার 'মাহেশ'' নাম হইবার কারণ এই যে, পাণিনি ও কাত্যায়ন মহেখরের উপা-সনায় দিন্ধ হইয়া তদীয় উপদিষ্ট পদ্ধতিতে উক্ত ব্যাকরণ রচনা করেন।: ফল, পাণিনির পূর্ব্বে 'মাহেশ' নামক ব্যকরণ না থাকিলেও অন্যবিধ ব্যাকরণ ছিল সন্দেহ নাই। বেহেতু পাণিনিকে পূর্ব্ব পূর্ব্ব ব্যাকরণের মত থণ্ডন করিভে দৃষ্ট হয়। কথাসরিৎসাগর নামক ইতিহাস গ্রন্থে লিখিত আছে, পাণিনির পূর্বে ঐন্ত ও চাব্র প্রভৃতি কতকগুলি কুর वाकित्रभाव श्रीतिम हिल। शानिनित्र आयु अकरण अन्।न २००० বংসর। এই মহামূনিকৃত বিস্তীর্ণ ব্যাকরণের প্রচারের পরও অনেক অভাব হইয়াছিল। কাত্যায়ন বৃত্তিনির্মাণ দারা সেই অভাবের পূরণ করেন। বৃত্তি-প্রচাল্পের পরেও ন্যুনতা দৃষ্ট হইল। পুতঞ্জলি, ভাষ্য নির্মাণ দারা তাহার পরিহার করিলেন। ভাষ্যপ্রচারের পরেও বৈকলা লক্ষ্য হইল। তাহার পরিপুরণ নিমিক্ত কৈষ্টাচার্য্য টীকা. করিলেন। ইহাতেও অসম্পূর্ণতা। সেই অসম্পূর্ণতা নিরাকরণের নিমিত্ত বিবরণকার প্রভৃতি আচার্য্যের। প্রবৃত হইলেন। ব্যাকরণ-টি এত-দিনের পর সর্বাঙ্গ-সম্পন্ন হইল। এখন আর এমন কোন ভার বা পদার্থ দৃষ্ট হয় না, যাহা সংস্কৃত দারা প্রকাশ করা না যায়। এই যেমন সংস্কৃত ভাষার অভ্ত পরিণাম দৃষ্ট হয়, এইরূপ বঙ্গভাষারও হইতে পারে—হতাখাস হইবার বিষয় কি ?—

अशिष्ठ, "दे विद्ये वेदितव्ये परा चैवापरा च"

विमा विविध। এক কার্য্যাবসালা অপর অফুভবাবসানা। বে বিদ্যাকে বহিঃকার্য্যে উপনীত করা যায়—কার্য্যে উপনীত করিতে পারিলে যে বিদ্যা দারা বাহিরের (সংসারের) উন্নতি হয়—(এই উন্নতির নাম বাহ্যোন্নতি) সেই সকল বিদ্যার নাম কার্য্যাবসানা। ইহার নামা-স্তর অপরা ও বিজ্ঞান। শিল্প যুদ্ধ-জ্যোতির্বিদ্যা প্রভৃতি ঐ কার্য্যাবসানা বা অপরা বিদ্যার জাতি। আর যে বিদ্যাকে কোন সাংসারিক কার্যো নিয়োগ করা যায় না—সাংসারিক উন্নতি বা বাহ্যোন্নতি হওয়া যে বিদ্যা দ্বারা সম্ভবে না—কেবল অমুভব করাই যাহার প্রয়োজন— প্রকৃত প্রস্তাবে অমুভূত হইলে যে বিদ্যা অমুভবকর্তার চিত্তোৎকর্ষ বা আত্মোৎকর্ষ জন্মায়—সেই বিদ্যার নাম অনুভবাবসানা। এই অনু-- ভবাবসানা বিদ্যার নামান্তর পরা বিদ্যা ও রহসাবিদ্যা। উপনিষদ্ ও দর্শন প্রভৃতি এই পরা বিদ্যার জাতি। উক্ত দ্বিবিধ বিদ্যার ফলও প্রধানতঃ দ্বিবিধ। প্রথমবিধের প্রধান ফল সাংসারিক উন্নতি বা ্বাহ্যোরতি, আর দ্বিতীয়বিধের মুখ্য ফল আত্মোনতি বা আত্মোংকর্ষ। এতভিন্ন উভয় বিদ্যারই কিঞ্চিৎ কিঞ্চিৎ অবাস্তর ফলও আছে। সে ফল উক্ত প্রধানফলের সহিত সংস্কৃত্ত; অর্থাৎ, কার্য্যাবসানা বিদ্যা ক্লাচিৎ আত্মোৎকর্ষফল স্পর্শ করিবার চেষ্টা পায়-এবং অমুভবাব-সানা বিদ্যাও কথন কথন কার্য্যোলতি ফলের স্পর্শ চেষ্টা পায়। व्यञ्ज्य । उक्त उक्त विकारि द्याप्रकारी सानत्वत्र त्नवा। विक्

আমরা কদাটিং প্রতিবন্ধক বশতঃ কার্যাবসানা বিদ্যাকে কার্য্যে উপনীত করিতে না পারি—তথাপি তাহার আন্দোলন করা উচিত। হেতু, তন্ধারা কোন সময়ে না কোন সময়ে চিত্তোৎকর্যকলের লাভ সন্তাবনা আছে। এইরূপ, অত্তত্বাবসানা বিদ্যাকে অত্তত্বে উপনীত করিতে না পারিলেও তাহার সেশ্বা করা কর্ত্তব্য; কেন না, তাহার দারা তদীয় অবাস্তরকল লাভের প্রত্যাশা আছে। অন্য কিছু না হউক, অস্ততঃ তৃথিলাভের সন্তাবনাও আছে। মনে কর, বেদবিদ্যা (পূর্বকাও) এক-টি কার্য্যাবসানা বিদ্যা; কেন না যাগ-যজ্ঞাদি ক্রিয়াকাও নিম্পাদনের নিমিত্ত উহার আবির্ভাব। যদিও আমরা যাগ-যক্ত করি না, তথাপি উহা জ্ঞানে রাথিতে দোষ কি? বেদ পড়িলে অন্য ফল না হউক,—পুরাকালের রীতি, নীতি, মানব ও মানবীর আচার ব্যবহার প্রভৃতি ত জানা যাইতে পারিবে!—অস্ততঃ দশ্টা কথা বলিবার ত অবলম্বন হইতে পারিবে!—

"पुरा किल वेदमधील त्वरितं कतारी भवनि।"

আদিম কালের ব্রান্ধণেরা অনেকে কেবল বক্তা হইবার জন্যই বেদ.
পড়িতেন। না পড়িবেন কেন ?—বক্তৃত্বশক্তি কি স্থ্য-সাধন সামগ্রী
নহে ?—অতএব, কোন না কোন দার্শনিকপদার্থ বাঙ্গালাভাষার
আনীত হইলে এবং তাহার, আলোচনা করিলে, কিছুমাত্র অপকার
নাই—প্রত্যুত কোন না কোন উপকার আছে।

কেহ কেহ বলেন, "না,—দর্শনশাস্ত্রের আলোচনায় কিছুমাত্র উপকার নাই। দর্শনশাস্ত্র অধ্যয়ন করিলে মনুষ্য কেবল বাচাল হয়, আর বিচারমল্ল হয়। আর কিছুই হয় না। দর্শনশাস্ত্রের সমস্তই কল্পনাময়, পরীক্ষার বাহির, স্কুত্রাং তত্ত্লিখিত ফুলও থ-পুস্পতুল্য। অতএব বৃথা কালব্যর না করিয়া, যাহাতে আপনার হিত হর—জগতের উন্নতি হয়—জান্যের উপকার হয়—এরপ শান্তের চর্চা কর। যথা জ্যোতিঃ-শিক্ষ ভৈবজ্য প্রভৃতি।''*

কেহ কেহ ইহার উত্তর করেন, "হঁ।,—এই উপদেশ বাক্য-টি শুনিতে মিষ্ট বটে, হিতকারীও কটে; কিন্তু, যদি উহার একদেশে "দর্শনশান্তের ফল থ-পূপাতুল্য" এই ভ্রম কলুষিত অংশটুক্ সংলগু না থাকিত—এবং উহার বক্তৃগণ যদি ঐ স্থানটিতে গিয়া ভ্রমান্ত না হইতেন—তাহা হইলেই ঐ উপদেশ যথার্থ উপকারে আসিত। আক্ষেপের বিষয় এই যে, তাঁহারা ইহা বোধগম্য করিতে পারেন না যে, জ্যোতিঃ-শিল্ল-ভৈষজ্যাদি যাবদীয় বিজ্ঞান, সমন্তই জ্ঞানশান্তের গাত্রৈকদেশে সংলগু আছে। আপোগও শিশুরা নিরম্ভর আহার লাভ করিয়া

मः मः मृत लिथकितित मर्थाए এই स्तर्ण मठ एक मृष्टे दे से । यथी ज्यां जिल्ल शिक्ति का स्तं विद्यां का स्तं विद्य

পরিবর্দ্ধিত হইতেছে, কিন্তু তাহারা জানে না বে, সেই আহার তাহারা কাহার প্রসাদাৎ প্রাপ্ত হইতেছে। অপ্রবিষ্ট জ্ঞানালোক অসভা ক্লাতিরা স্বচ্ছনজাত বুক্ষ-শিলাদি ভৌতিকবস্ত 'ও ক্ষিতি, জল, প্রনাদি ভূত-পিণ্ড লইয়া ভোগোপকরণ নির্ম্মাণ করিতেছে, কিন্তু তাহারাও জানে না যে, সেই সমস্ত পার্থিব বস্তু আহারা কি ভাবে, কি গতিকে, কাহার প্রদাদে লাভ করিতেছে। আমরাও যে, আহার ব্যবহার, গত্যাগতিপ্রভৃতি চেতনকার্য্য নির্মাহ করিতেছি,—ইহা যে কি,— কাহার বলে করিভেছি, আমরাও তাহা সহজ জ্ঞানে অবগত নহি ৷ এইরপ, উক্ত সম্প্রদায়ের লোকেরাও অবগত নহেন যে, তাঁহারা কাহার প্রসাদাৎ সেই সকল শিল্প-ভৈষজ্যাদির বীজোদ্ধার ও তাহাকে विखात कतित्व ममर्थ हरेत्वहान। वित्वहना हम्र त्य, जलाई है ना থাকাতেই জাঁহারা তাঁহাদের স্ব স্ব শাত্রের মূল ও জীবন বোধগম্য করিতে পারিতেছেন না। সে যাহা হউক, জ্ঞানশাস্ত্র চর্চার যে কি ফল—ও তজ্জনা স্থা বে কি স্থা—তাহা আমরা কথা দারা বুঝাইতে পারি না।

"বর্তমার" স মকান নিবা নন্ জ্বর্য নহন:ক্ষেত্রণ বছান।" বদি কাহারও ভজ্জাতীয় চিত্ত থাকে, তবে তিনিই আপনা আপনি বুঝিতে পারিবেন। সহসা অনো পারিবে না।

অপিচ, জ্ঞানশাস্ত্রের একটা দামান্য অঙ্গ-ফলের প্রতি দৃষ্টি চালনা কর, ব্রিতে পারিবে যে, অন্যান্য শাস্ত্রের সহিত ইহার কি তারতম্য আছে।

> "व्यक्षिरनिष्ट् संस्पर्भात् श्रमादिष्टनिवर्जनात् । दुःसं सतुर्भिः शारीरं कारभैः सम्पदम⁸ते ॥अ

ব্যাধি, আগন্তক অনিই অর্থাৎ কটকবেধাদি, শ্রম, আর অরাদি ইষ্ট বস্তুর অভাব বা অপ্রাপ্তি,—এই চারি প্রকার কারণ হইতে শারীর-হংথ উৎপন্ন হয়।

> "तदातत्पतिकाराच सतत्वाविचिन्तनात्। ' भाषिव्याधि प्रश्नमन' क्रियायीगदयेन तु॥"

তৈষজ্য দারা ব্যাধি, উপানং প্রভৃতি দারা কণ্টক বেধাদি, অনায়াস কর্ম্ম দারা শ্রম, ও অন্নাদি আহরণ দারা ইপ্প বস্তুর অভাব জনিত হৃংথের শান্তি হয়। চতুর্বিধ উপায় দারা যেমন কথিত চতুর্বিধ হৃংথের শান্তি করা যায়—তেমনি আবার একমাত্র উপায় দারাও উক্ত চতুর্বিধ হৃংথের নিবৃত্তি করা যায়। সে উপার কি? না অবিচিন্তন; অর্থাৎ হৃংথের নিবৃত্তি করা যায়। সে উপার কি? না অবিচিন্তন; অর্থাৎ ততুৎকালে তত্তৎ বিষয় হইতে মনকে আচ্ছিন্ন করিয়া অন্যত্র স্থাপন (যাহাকে আমরা ভূলিয়া থাকা বা অন্যমনস্ক বলিয়া ব্যবহার করি)। অত্যন্ত অন্যমনস্ক অবস্থার যে, বাহ্য স্থথ হৃংথাদির অন্তত্ব হয় না, তাহা প্রসিদ্ধই আছে। অতএব মনকে ইচ্ছাত্ররূপ আয়ন্ত ও আত্মেচ্ছার অধীন করিবার শক্তি কাহার আছে ?—তাদৃশ শক্তি না ভৈষজ্য বিদ্যার, না শিল্পবিদ্যার, না জ্যোতির্বিদ্যার,—কাহারও নাই। উহা কেবল জ্ঞানাঙ্গশান্তেরই আছে। (জ্ঞানান্ধশান্ত্র—যোগ)।

অপিচ, তৈষজ্য বিদ্যা যে অন্যের হৃঃথ হরণ করেন বলিয়া শ্লাঘা করেন—ভালই—কিন্তু, তাঁহাকে আর এক কথা জিপ্তাসা করা যাউক
—"তৃঃথ উপস্থিত হইলে পর তাহার নিবারণ করা ভাল ? কি এক বারে তৃঃখোৎপত্তির মূলোচ্ছেদ করিয়া দেওয়া ভাল ?—এস্থলে ইচ্ছা না থাকিলেও ভৈষজ্য-বিদ্যাকে বলিতে হইবে যে, তাহার মূলোচ্ছেদ করাই ভাল। যদি তাহাই স্থির হয়, তবে, তাঁহাদের এমন কি ঔষধ

আছে যে তদ্বারা হৃংখোৎপত্তির ম্লোচ্ছেদ হইবে ?—তাহা তাঁহাদের
নাই। চতুর্বিধ শারীর-হৃংথের মধ্যে, মাত্র ব্যাধিক্ত হৃংথই তাঁহারা
নিবারণ করিতে পারেন। তাহাও আবার কার্য্যরূপ অর্থাৎ প্রকাশ
হইলে পর। তাহার পূর্বরূপ অর্থাৎ কারণ-অবস্থার বিনাশ করিতে
পারেন না। পরস্থ আহার-বিহারাদির ব্যতিক্রম, শীত-বাত-আতপ-বর্বা
প্রভৃতির ব্যতিদেবা, ইন্দ্রির-ক্রিরার আতিশব্য,—ইত্যাদি বাহ্যকারণ হইতে যেমন মহুষ্যের হৃংখোৎপত্তি হয়; তেমনি শোক, হর্ষ,
আবেগ, কাম, ক্রোধ প্রভৃতি মানসিক বিকার হইতেও হৃংথোৎপত্তি
হয়। জরাদি যেমন শরীরের রোগ—কামাদি তেমনি মনের রোগ।
শারীর-রোগ যেমন শরীরকে জীর্ণ করে, মানস-রোগও তেমনি মনকে
জীর্ণ করে। অতএব, তাঁহাদের এমন ঔষধ কি আছে যে তাঁহারা
মানস-রোগের নিবারণ করিবেন ?—অথবা কাম-ক্রোধাদির বিলয়
করিবেন ?—উহা তাঁহারা পারিবেন না। মানস রোগ নিবারণের
অন্বিতীয় ঔষধ কেবল জ্ঞানশাস্ত্রেই আছে, অন্যত্র নাই।

"ননীইছবন্তু আন্দা বু: আন্দা নি ই সান্।"
মন এবং দেহ, এই উভয়কেই অধিকার করিয়া মনুষ্যের ছঃখোৎপত্তি হইতেছে। তন্মধ্যে মান্স ছঃখই প্রবল; যেহেতু মন উত্তপ্ত হইলে শরীর আপনা হইতে তাঁপযুক্ত হয়।

> ं मानसेनिह दु:खेन श्ररीरसुपतव्यते । ... श्रय:पिन्छेन तप्तेन सुन्धसंस्य-मिवीदकम्॥" ।

যেমন কুস্তাবিয়ব লোহ প্রতথ্য হইলে তন্মধ্যন্থ সলিলও প্রতথ্য হয়, তেমনি মন উত্তথ্য হইলে শরীরও উত্তথ্য হয়। মন যদি তাপস্পৃষ্ট না হয়, তাহা হইলে সহস্র ব্যতিক্রম ঘটনা হইলেও শ্রীর স্কুন্থ থাকে।

"मानसं श्रमयेत्तकाल्ज्ञानेनाग्नि-निवास्तुना। प्रशासी मानसिद्धस्य शारीर-मुपशास्यति॥"

এই জন্য, — বৃদ্ধিমান্ মন্থ্য অগ্রে জ্ঞানোৎপাদন দারা মানস্ব্যাধির নিবারণ করিবেন, মানস তাপ বিনিত্ত হইলে শারীর-তাপ স্বতই নিবৃত্ত হইলে। "মন ভাল থাকিলে শরীর ভাল থাকে—কি শরীর ভাল থাকিলে মন ভাল থাকে ?"—ইহার নির্ণয় গ্রন্থ মধ্যে প্রদর্শিত হইবে। স্থল কথা এই যে প্রবলপরাক্রম মানস-তাপ নিবারণ করিবার অধিকার না ভৈষজ্য বিদ্যার, না শিরবিদ্যার, কাহারও নাই, উহা কেবল জ্ঞানশাস্ত্রের আছে। ইহা সপ্রমাণ করিবার নিমিত্ত স্বতন্ত্র প্রয়াস পাইতে হইবে না। যেহেতু দর্শন শাস্ত্রের অধিকাংশ স্থলই ঐ অংশের প্রতিপাদক। যাহারা দর্শনচর্চা করিবেন, তাঁহারা তত্তংস্থানে উহার বহুপ্রমাণ পাইবেন এবং সেই সকল প্রমাণ পরীক্ষিত কি অপরীক্ষিত, তাহাও বৃঝিতে পারিবেন; স্থতরাং জ্ঞানের সর্ব্যহ্থ-নিবারকত্ব শক্তির পরিচয় ও পরীক্ষাপ্রকার স্বতন্ত্র স্থানে বিন্যাস করা রুখা।

এন্থলে ইহাও ব্ঝিতে হইবে যে, জ্ঞানশাস্ত্র পড়িলেই যে তত্তৎ-ফলভাগী হওয়া যায়, তাহা নহে। কেবল জ্ঞানশাস্ত্র কেন, কোন শাস্ত্রেরই সেরূপ শক্তি নাই। তাহাতে বিলক্ষণ অভ্যাস যোগ, অমু-ষ্ঠান, সমাহিত হইয়া নিয়মিভরপে আচ্রণ এবং তাহার দার্চ্চ-সংস্থাপন অপেক্ষা করে। শাস্ত্রকারেরা বলেন,—

> ' "ययमभ्यस्य मेधावी ज्ञानविज्ञान तत्परः । पवावनिव धायाधी सजेद्यय-मग्रेषतः ॥"

জ্ঞান বা বিজ্ঞান উপার্জ্জনের নিমিত্তই গ্রন্থাভ্যাদের আবশ্যকতা। ধান্যাথা ব্যক্তি 'যেমন সর্ব্বদমেত আহরণ পূর্বক ধান্য ভাগ গ্রহণ করিয়া অবশিষ্ট (পলাল) ভাগ ত্যাগ করে;—সেই রূপ বৃদ্ধিনান্ ব্যক্তি গ্রন্থাহরণ পূর্বাক তত্পদিষ্টপথে বিচরণ করত অনুষ্ঠান দারা জ্ঞানাদির অর্জন করিবেন। আত্মা যখন সেই সমস্ত আভ্যাসিক জ্ঞানে পরিপূর্ণ হইবে, তথনই তিনি কথিতবিধ ফলভোগের অধিকারী হইবেন। অতএব, যখন জ্ঞানশান্তের সামান্ত্রত অঙ্গফলের সহিত অন্যান; শাস্ত্রের মুখ্যফল তুলিত হয় না, তথন "দর্শনশাস্ত্র নিক্ষল"—এই ভ্রমক্র্বিত বাক্য শুনিয়া নির্ভ হওয়া বৃদ্ধিমান্ মহুষ্যের পক্ষে অতীব গ্র্নীয় সন্দেহ নাই।"

যাহাই হউক, গ্রন্থাবতরণ-প্রদঙ্গে আমরা অনেক দূরে আসিয়া পড়িয়াছি; কিন্তু প্রকৃত বিশ্বরণ হই নাই। যে উদ্দেশে এত দূর বলা, তাহা কিছু কিছু করিয়া প্রত্যেক প্রাদিপিক বাক্যের সঙ্গে সঙ্গে বলিয়া আসিয়াছি। তথাপি, উপসংহার কালে বক্তব্য এই যে, আজ্ কাল বঙ্গ-সমাজ বেমন কাব্য ইতিহাসাদির চর্চ্চায় মনোনিবেশ করিয়াছেন, এইরূপ, জ্ঞানচর্চাও কর্মন। তাহাতে অন্যবিধ ফল না হউক, নিয়লিধিত ফল হইবার বাধা নাই। যথা, "শিশুবং সম্মাজ্ঞানের বিলয়—বাক্বিশুদ্ধির অভাবত্রীকরণ—আধ্যাত্মিক শুংকর্ষ্য ও আধ্যাত্মিক স্থুথ লাভ—ভোতিক স্থুখ অপেক্ষা আধ্যাত্মিক স্থুথের পরিশুদ্ধতা বোধ—মনের শক্তিবৃদ্ধি—ধর্মপ্রবণতা—তৎসঙ্গে দামা দাক্ষিণ্য প্রভৃতির উদ্রেক—ইত্যাদি—"

সংসারের সকল মন্ত্রয় যদি এই সকল স্বর্গীয় গুণে বিভূষিত হয়, তাহা হইলে এই পৃথিবীই স্বর্গ হয়; পরস্ত সেরূপ হইবার সম্ভাবনা নাই। সে বাহা হউক, আমি আপন মনের ঔৎস্ক্রক্যনিবৃত্তি, বঙ্গভাষার অবয়ব বৃদ্ধি ও বঙ্গীয়ছাত্রগণের অভিজ্ঞতা বৃদ্ধি লক্ষ্যকরিয়া এই গ্রন্থ- গানি প্রতিষ্ঠ করিলাম। এতদারা যদি মামকীন উদ্দেশ্যের কোন সংক্র্ সংসিদ্ধ হয়, তাল্লা হইলেও আমি ধন্য হইব। ইহার শিরোদেশে 'সাঙ্খ্য-দর্শন' এই মুকুটার্পণ করিলাম বটে, কিন্তু এতন্মধ্যে সাঙ্খ্য-ব্যতীত স্থানীন্য দর্শনেরও মত সনিবিষ্ট আছে। সাঙ্খ্যমতের আধিক্য ধার্কাতেই তদক্ষারী 'সাঙ্খ্য-দর্শন' ধাম দিয়াছি।

হৈছা কোন গ্রন্থ বিশেষের অন্থবাদ নহে। ভিন্ন ভিন্ন দর্শনের ভিন্ন ভিন্ন মূলবাক্য ও টীকাকারগণের ব্যাখ্যাবাক্য অবলম্বন করিয়া তত্ত্বাক্যের অভিপ্রায় যত দূর আকর্ষণ করা যাইতে পারে, তত দূর আকর্ষণ করিয়া বঙ্গীয় রীতিতে গ্রথিত করিয়াছি।

ইহাতে কোন প্রকার স্ব-কল্পিত বিষয় সন্ধিবিষ্ট করি নাই।
বে বে স্থানে কল্পিত বলিয়া সংশয় অর্থাৎ তাহা মূলে আছে কি না,
এইক্লপ মনোভাব উপস্থিত হইবার সম্ভাবনা আছে, সেই সেই স্থানের
আলম্বন বাক্যগুলি (সংস্কৃত) উদ্ধৃত করিয়া দিয়াছি।

ইহাতে ভ্রম-প্রমাদ ও অনভিজ্ঞতাদি-জনিত দোষ থাকিবার সম্পূর্ণ সন্তাবনা; যদি থাকে, সহদয়গণ মংপ্রতি অফুগ্রহ বিতরণ পূর্বক সেইগুলি সংশোধন করিয়া লইবেন এবং আমাকে জাত করাইবেন। এক্ষণে আশা বা প্রার্থনা এই যে, ক্রমে এতি দিধ গ্রন্থের ভূরি প্রচার হউক এবং বাঙ্গালাভাষার ছাত্রগণ নাটকাদি বিনিঃস্থত নিয়শ্রেণীর আনন্দ অপেক্ষা উচ্চতর দার্শনিক আনন্দে নিবিষ্টচেতা হউন।



Sankhya Philosoph

MNROT) माध्यानमंन


দর্শনিশান্ত্রের লক্ষণ ও সংক্ষিপ্রসংবাদ।

মানবীয় জ্ঞান তুই প্রকার। এক আজানিক অপর সম্পাদ্য। আহার নিদ্রা ভয় প্রভৃতি যাহার বিষয়, সেই জ্ঞান মন্তব্যের অভ্যাস ব্যতিরেকেও জন্মে, এজন্য উহার নাম আজানিক (স্বাভাবিক); আর যাহ। অভ্যাস দারা সম্পাদন করিতে হয়, তাহা সম্পাদ্য। পূর্ব্ব পূর্ব্ব পণ্ডিতের। এই সম্পাদ্য জ্ঞানকে ছুই ভাগে বিভক্ত করিয়া গিয়াছেন। জ্ঞান ও বিজ্ঞান। মোক্ষ-বিষয়কজ্ঞান অর্থাৎ আত্মা কি ?— ঈশ্বর কি ? —জগৎ কি ?—এই মোকোপযোগি প্রশ্ন ত্রয়ের তত্ত্ব যে জ্ঞানের বিষয়, তাহাই জ্ঞান, আর তরিণায়ক শাস্ত্রের নাম জ্ঞানশাস্ত্র। শিল্প বা শিল্পোপযোগি বস্তু বা বস্তু-শক্তি যে জ্ঞানের বিষয়, পূর্ব্ব পণ্ডিতেরা তাহাকে 'বিজ্ঞান' আর তদ্বিয়ের গ্রন্থকে বিজ্ঞান গ্রন্থ বা বিজ্ঞানশাস্ত্র विनियाद्यात्म । এই निर्भयः


> "शास्त्रममास्य मेधावी ज्ञान-विज्ञान-तत्पर:।" मीचे धी र्जानमन्यव विज्ञान' शिलाशास्त्रयी:।

ইত্যাদি বাক্য হইতে লব্ধ হয়। অপিচ, দৃশ্ধাতু নিষ্পন্ন "দর্শন" এই শক্টির প্রকৃত অর্থ জ্ঞান। যদি দর্শন শক্তের প্রকৃত






জান হইব্য তবে দর্শন শাস্ত্র বলিলে আমরা এই অর্থ সংগ্রহ করিতে শারি বে, সাশান্তে পূর্বোক্ত তত্তের নির্ণয় আছে তাহাই দর্শন শাহ্ম শর্ম ও জ্ঞানশাস্ত্র একই বস্তু। (ভারতবর্ষীয় জ্ঞান শাস্তের মধ্যে প্রসন্দ বৰ্ণজ্ঞ বিজ্ঞান শাস্ত্রেরও প্রবেশ থাকা দৃষ্ট হয়)। ভারত্বর্বে ্বত প্রকার দশ্র শান্ত্র আছে, তত্তানতের মত এক রূপ না হইলেও, 'भूकि (अवस्वितित्व) अ अरक्ष काशाव विवान नाहे। दक्वन মুক্তির স্থান্ত পুক্তির উপায়, এই হুই অংমেই সম্পূর্ণ বিবাদ। কেহ কেহ মুক্তির স্বরূপ ও উপায় নির্দ্ধারণ করিতে গিয়া ঈশ্বর मात्नन, त्वल मात्नन, अलुष्टे मात्नन। त्कर वा क्रेश्वत मात्नन ना, अलुष्टे मात्नन, त्वल्ख मात्नन। त्कर् वा ত্রিত্যের किছूरे मात्नन ना। याँशां विष यानितान ना, ठाँशां नाखिक-शां ि প्रार्थ श्हेरलन। যাঁহারা বেদ মানিলেন, তাঁহারা ঈশ্বর না মানিলেও আন্তিক থাকি-লেন। সাংখ্যকার কপিল, ঈশ্বর মানেন না। প্রচলিত ক্রিয়া কাণ্ড যাঁহার মত, সেই মীমাংসা দর্শনকার জৈমিনিও ঈর্থর মানেন না। তথাপি তাঁহারা আন্তিক। (ইহাঁদের মতে বেদও পরলোক অমান্য कांत्रीबार नांखिक)। क्विन अक्मांज त्रापत मर्गामा-वर्णर देशांबा নাস্তিক অপবাদ হইতে মুক্ত আছেন; আর, বৌদ্ধ চার্ম্বাক প্রভৃতিরা বেদ অমান্য ক্রিয়াই নাস্তিক অপবাদ প্রাপ্ত হইয়াছেন। ফল, বি-বেচনা করিতে গৈলে, ঈশ্বর অপলাপ কারীরাই বাস্তবিক নাস্তিক। নান্তিক ও আন্তিক, উভয় দর্শন মিলিত করিলে সমুদায়ের সংখ্যা পাঁচ হয়। আন্তিক দর্শন তিন ও নান্তিক দর্শন ছই। প্রাচীন আর্য্য গ্রন্থেও এইরূপ দিদ্ধান্ত দৃষ্ট হয়। অষ্টাদশ বিদ্যার গণনা স্থলে সাংখ্যকে ধর্মশান্ত্রের মধ্যে গণ্য করিয়া "মীমাংসা নাার এব চ'' এই বলিয়া মীমাংসা ও ন্যায় এই ছুইটিকে পৃথক্ করিয়া বলিয়াছেন। আবার স্থানান্তরে, "নান্তি সাংখ্যসমং জ্ঞানং" এই বলিয়া সাংখ্যের প্রাধান্য স্বীকার করিয়াছেন। স্থতরাং আতিক দর্শন প্রধানতঃ তিনই হইতেছে। তবে যে বড়দর্শন বলিয়া প্রাসিদ্ধি আছে, কেবল প্রসিদ্ধি নহে গ্রন্থভেনও দৃষ্ট হক্ষ, তাহার সংগতি এই রূপ,



গৌতমের কৃত নাম, কণাদের কৃত বৈশেষিক, কপিলের কৃত নিরীশ্ব সাংখ্য, পতঞ্জলির কৃত সেশ্ব সাখ্য ও যোগ, জৈমিনির কৃত পূর্ববিমাংদা, ব্যাদের কৃত উত্তর মীমাংসা ও বেদান্ত নামে প্রসিদ্ধা

নাস্তিক দর্শনেরও এই রূপ প্রস্থান ভেদ আছে। যথা,—



সিংক্ষিপ্ত-

সম্দায়ে দাদশ দর্শন। এই সকল দর্শনের উৎপত্তিকাল, বা অগ্র-পশ্চাৎ-ভাব নিঃসন্দিগ্ধ রূপে নির্ণয় করা যায় না; কারণ, এতৎ-সম্বন্ধে কোন বিশ্বস্তলিপি নাই। অনুমান করিয়া নির্ণয় করাও স্থকঠিন; কেন না, পরস্পত্রের প্রতি পরস্পরের কটাক্ষ দৃষ্টি দেখা যায়। যদি এক

বিজ্ঞান অর্থাৎ প্রতায় বা আলয়বিজ্ঞান নামক বুদ্ধির মিথাাও নাই – তবে কি না তাহা ক্ষণিক।

উৎপন্ন হইতেছে ধ্বংস হইতেছে এই রূপ বিজ্ঞান ধারাই (প্রবাহ) সতা।
তিন্তিন্ন প্রত্যেক বিজ্ঞান ক্ষণিক। এই সতা বিজ্ঞান ধারাই জগদাকারে ফ্রাড়া
করিতেছে। যাহা বাহিরে দৃষ্ট হয়, উহার অন্তিত্ব বাহিরে নহে সকলই অন্তরে
এবং ঘট, পট, গৃহ, কুডা, নদ, নদা, নদার, শৈল প্রভৃতি যে কিছু বাহা দৃশ্য
দেখিতেছ—উহার একটিও ক্থিত নামক বস্তু নহে। সকলই প্রতায় বা আলয়
বিজ্ঞান; এই রূপ যে শান্ত্রে বলে. তাহার নাম ক্ষণিক বিজ্ঞান বাদ।

ক্ষণিকানুনেয়বাহ্যবস্তবাদ প্রায় এইরূপ,; প্রভেদ এই বে,উহারা বাহ্যবস্তর অন্তিত্ব একবারে বিলোপ করে না। বলে, বাহ্যবস্তর উপলব্ধি অস্তরে হয় বটে কিন্ত তাহার সন্তা বাহিরে। তাহাব প্রত্যক্ষ হয় না, তবে কি না প্রত্যায়ের কোন আলম্বন থাকা উচিত, এই বলিয়া বাহ্য বস্তুর সন্থা বাহিরে থাকা অনুমিত হয়।

প্রতাক্ষবাহ্যবস্তবাদীরা বলেন, "না,—বাহ্য বস্তু বাহিরে বটে, প্রত্যক্ষ-সিদ্ধও বটে,—পরস্তু তাহ। ক্ষণিক। আলয় বিজ্ঞানের সঙ্গে সম্প্রে জন্মায়— আবার তৎসঙ্গে বিলীন হয়। হিমালয় যে চিরকাল আছে, এই প্রতীতি কেবল প্রতায় প্রবাহের মহিনা। উহা পূর্কবিধি অগগুদুগুর্যমান নহে।

^{* &}quot;শুক্রশোণিতের পরিণামজনিত এই দৃশ্যনান দেহই আস্থা, এত দতিরিক্ত কোন স্বতন্ত্র আত্মা নাই,—এই সিদ্ধান্তের প্রতিপাদন যে শান্ত্রে আছে তাহার নাম দেহাক্রবাদ।

এই দৃশামান স্থল দেহ আঝা নহে, ইহাতে যে চৈতন্যসংযোগ আছে, তাহাই আঝা; কিন্তু নে চৈতনা দৈহিক পরিণামনিশেষের ধর্ম, তাহা দেহ যন্ত্রের পরিপ্রিতা কালে উৎপন্ন হয়—অসম্পূর্ণতাকালে ধ্বংস হয়,—ইহা প্রতিপাদন ও মনই আঝা ইহার নির্ণয় নিমিত দৈহিক পরিণামনিশেষ বাদের প্রবৃত্তি।

[†] এ জগতে সৎ অর্থাৎ সতা বস্তু কিছু নাই; দেহ নৃষ্ট হইলেই মুক্তি; এই সিদ্ধান্তের অনুশাসন যাহাতে আছে তাহার নাম সর্কশূন্যবাদ!

সময়েই সমুদার দর্শনের জন্ম কল্পনা করা যায়, তবেই ওরূপ ঘটনা সম্ভব হয়, নচেৎ হয় না। আবার সমসাময়িক কল্পনা করাও যায় ना ; दकन ना, पर्नन-পরম্পরার লিখন ভঙ্গী ও প্রাণাদি আখ্যায়িকা-গ্রন্থ পর্য্যালোচনা করিলে স্পষ্টই প্রতীত হয় যে, দর্শনকারেরা বিভিন্ন সময়ের লোক এবং তাঁহাদিগের মধ্যে সম্পূর্ণ অগ্র পশ্চাভাব বিদ্যমান व्याद्ध। यथन वाामात्तर्वत क्या दश नार्टे, त्रामाध्य ज्थन वर्षीयान् ; এই রামায়ণে মহর্ষি কপিলের উল্লেখ দেখা যায়। রামায়ণ যথন অমুপস্থিত কালের উদরস্থ, শ্রুতি তথন যুবতী। তদ্বিধ শ্রুতিতেও কপিলের উল্লেখ আছে। এইরূপ,স্থানে স্থানে গৌতমেরও উল্লেখ থাকা দৃষ্ট হুত্রবাং বুজাবার দর্শন সকলের লিখনগতি অবেষণ করিলে দেখিতে পাওয়া যায় "न वयं षट्पदार्घवादिनोवैशेषिकादिवत्।" এই বলিয়া কপিল रेवामिक कर्णामाक कछाक्र कतिराज्या । देजिमिनि अध्यादरायणसान-पेचलात्।" वामताय्रगरक शृका कतिराष्ट्रहम । आवात वाम "अधिकारं जीमिनि:" এই বলিয়া জৈমিনিকে স্মরণ করিতেছেন, "एतेन योगः प्रस्काः" এই বাক্যে পাতঞ্জলকেও খণ্ডন করিতেছেন। গৌতমও "महदण यहणात" এই সূত্র দারা কপিলকে লক্ষ্য করিতেছেন। আবার কণাদও গৌতমের সহিত নিরস্তর স্পদ্ধা করিতেছেন। এই সকল तिथिया बिलिट इस त्य, नार्गिनिक है जिहाम निर्गय करा। महक्रमाथा नत्ह। বিশেষতঃ কাল নির্ণয় করিবার ত কোন উপায়ই নাই। যদিও চেষ্টা, করিলে বংসর গণনায় ১,২ করিয়া ব্যাস পর্যান্ত যাওয়া যাইতে পারে; কিন্তু তৎপরে অর্থাৎ ব্যাদের ওদিকে আর বৎসর নাই, কেবল যুগ— দাপর, ত্রেতা, সতা !! এই জন্য বলি, দার্শনিক ইতিবৃত্ত গ্রন্থপীঠ মধ্যে সন্নিবেশিত করিবার প্রয়াস পাওয়া বৃথা। ক্লবে, যাহা কিছু

5

বলা যায়, তাহা কেবল মনের আবেগ নিবৃত্তি করা মাতা। যাহাই হউক, অস্ততঃ মনোবেগ নিবৃত্তির নিমিতও আমাকে কিঞ্ছিৎ বলিতে হইতেছে।

যুক্তিশান্ত্রের প্রথম-নির্মাতা কে ?—অন্তুসন্ধান করিতে গেলে পক্ষাপক্ষ উপস্থিত হইবে। এক শ্বক্ষের অভিপ্রায় এই যে "নাস্তিক সম্প্রদান্ত্রের কোন আদি পুরুষই যুক্তিপথের আবিভাবিক। যে হেড়ু সমস্ত আন্তিক-শাস্ত্র হৈতুক [শুক্ষতর্ক বা নাস্তিকোচিত তর্ক] শাস্ত্রের নিন্দায় পরিবাপ্ত। পুরাণের ত কথাই নাই, বৃদ্ধমহর্ষি মন্তুও—

> "योऽवसन्येत ते मूले हेतु मास्तात्रयाद दिन: । स साधुभिवीहकार्यों नासिको वैदनिन्दक: ॥" 🄰 🗫,

এই বণিয়া হেতু শাস্ত্রের নিন্দা ও তদবলম্বিদিগকে বৈদিক দ.. হঠতে বহিদ্ত করিবার অনুমতি দিয়াছেন। বেদভাগ অরেষণ করিলেও "নীঘা নর্নীয়া দানিবাদনিয়া" "নন্ত্রীন্ধ মান্ত বছবিনীর দায় মানীন্" ইত্যাদি প্রকার নান্তিক্য-নিন্দাস্ট্রক বছতরবাক্য প্রাপ্ত হওয়া যায়। অতএব, আন্তিক্য উরতির পূর্বে যে হেতুশাস্ত্রের জন্ম, তাহাতে আর সংশ্রম নাই।"

সম্ভব বটে। আদিমকালের ঋষিদিগের বালবং সরল-হাদর-নিশাদিত বেদনির্ণয় অবলম্বন করিয়। ধর্মাচয়ণ ও বস্তানির্ণয় করাই সম্ভব—
দ্বিতীয় কালের লোকদিগের ক্রমে কোটিল্য-কবলিত তীক্ষবৃদ্ধি হওয়াই
য়্কিসিদ্ধ—তীক্ষবৃদ্ধি পুরুষের বৈদিক মতে আস্থা উচ্চটিত হওয়াই
অমুভবসিদ্ধ—আস্থা উচ্চটিত হওয়াতেই তাহাদের পূর্বাগত মত'কে
'দুর্নীভ্ব' করিবার চেষ্টা জন্মিয়াছিল—তৎপরিপাকদশায় বিশ্বাসের
সর্ধানাশক তর্ক উদিত হইয়াছিল।

ক্রমে চির-সংস্থার।পর প্রাতন ঋষিদিগের মধ্যে একচা কোলাহলঃ উপস্থিত হইল। তদ্ধে সেই দ্বিতীয় কালের নাস্তিকসম-তীক্ষবৃদ্ধি আন্তিক ঋষিরা সেই নান্তিকোদ্ভাবিত নৃতন পথ অবলয়ন পূর্বাক তাহা-দিগের মত থণ্ডন ও বেদের মর্য্যাদা রক্ষা করিতে প্রবৃত্ত হইলে, ক্রমেন্যায়, সাংখ্য, পাতঞ্জল প্রভৃতি ক্রম গ্রহণ করিল—এ কথা অত্তব বিরুদ্ধ নহে।

অপিচ; নান্তিক্য আদিজীবের সম্বন্ধে স্বাভাবিক নহে। আন্তিক্যই স্বাভাবিক। আন্তিক্যের বীজ সরলতা, নান্তিক্যের বীজ বক্রভাব। বক্রভাব সারল্যের পরভাবী, ইহা যুক্তিশান্তের স্থিরদিক্ষান্ত। জল-বায়ু-অগ্নি ও গ্রহ-নক্ষত্র-ভারকাদি-মণ্ডিত জগদ্যন্ত্রের অভূতব্যাপার ও আ-শ্চর্য্য ঘটনাবলি প্রত্যক্ষ করিয়া আদিম মন্থব্যের অবক্রহ্নরে আন্তিক্য বা অনির্বাচনীয় ঈশ্বরভাবের উদয় ও তাহার দৃ চ স্থিতি—ক্রমে সেই সারল্য মূলক অমোৰ-আন্তিক্যের প্রাবল্য জন্মিয়াছিল। তরিবন্ধন বিবিধ বাগ যজ্ঞ পূজা হোমাদির স্রোভ প্রবৃদ্ধ হইয়া ছিল। অনুমান হয়, অপেক্ষাকৃত বক্ত হৃদয় তৎপরভবিক লোকেরা ক্রমে সেই সমস্ত কার্য্যে প্রান্ত ও বিরক্ত হইয়া, অকিঞ্চিৎকর বিবেচনা করিয়া কিসে সেই সকল অকিঞ্চিৎকর ক্লছু সাধ্য ক্রিয়াকলাপের হস্ত ইইতে পরিত্রাণ পাওরা যায় সেই চিস্তার নিবিষ্ট হইরাছিল; তাছাতেই ক্রমে তর্ক অঙুরিত—ক্রমে শাখা পল্লব—ক্রমে তাহার কল অর্থাৎ তর্কগ্রন্থ। নান্তিক্য ও আন্তিক্যের এবংবিধ কার্য্য-কারণ ভাব বা সম্বন্ধ-পরম্পরায় প্রতি দৃষ্টি চালনা করিলে অমুমিত হয় যে নান্তিকেরাই যুক্তিশান্তের প্রথম নির্মাতা।

অপর পক্ষ বলেন, "না,—আন্তিকেরাই আদি-ভার্কিক। নান্তিক-

দিগের মন্তকোন্ডোলনের পূর্ব্বেও আন্তিকদলে তর্ক প্রথা প্রচলিত ছিল। তবে কি না তাহা ইতন্ততঃ বিক্ষিপ্ত ভাবে ছিল। বেদ, শ্বৃতি ও পূরাণ প্রভৃতি যে কিছু আন্তিক-গ্রন্থ আছে, সমন্তই তর্ক বা যুক্তি পরিপূর্ণ। আন্তিক সম্প্রদায়ের কতকগুলি লোক জন্মন্তরীণ পাপ বা ঐহিক-ছুর্ক্ দি বশতঃ ক্রিয়াকাণ্ডের প্রতি হতশ্রদ্ধ হইয়া তত্তাবতের বিশ্ব জন্মাইতে আরম্ভ করিলে, হিতৈষী আন্তিকেরা সেই সমন্ত পাষণ্ড দিগের দলনের নিমিত্ত শান্তের তত্তৎ স্থান হইতে থণ্ড-যুক্তি সকল আহরণ পূর্বাক আন্তিক্য রক্ষার উপুযোগী যুক্তিশান্ত নির্মাণ করিয়া ছিলেন। নান্তিক-খ্যাতিপ্রাপ্ত সেই সমস্ত ঋষি সন্তানেরা পশ্চাৎ সেই সমস্ত আর্য্যমতিদিগের দেখাদেখি স্বমত রক্ষার নিমিত ছুর্মস্বরূপ যুক্তি কাণ্ড অবলম্বন করত বিবিধ গ্রন্থ রচনা করিয়াছে।"

এইরপ পক্ষাপক্ষ থাকাতে দর্শন সাধারণের কথা দ্রে থাকুক, আন্তিক-ষড় দর্শনের প্রাথম্য বা পূর্বাপরীভাব নির্ণয় করা ছঃসাধ্য। তবে, যদি শঙ্করাচার্য্যের সিন্ধান্ত অভ্রান্ত হয়, তাহা হইলে কথঞিং আন্তিক ষড়দর্শনের অগ্র-পশ্চাৎ-ভাব নির্ণয় হইতে পারে। এতৎসম্বন্ধে যে একটা স্বভাবিক আ্রা-প্রত্যায় [ছয়টা দর্শন এক সময়ে হয় নাই] আছে, তাহাও অবয়্য হইতে পারে।

শ্রুরাচার্য্য একস্থানে প্রদক্ষকমে মলিয়াছেন যে, "কপিল সাঙ্খ্য শাস্ত্রের বক্তা এবং দগর সন্তানগণের দাহ কর্ত্তা"—এই সম্বাদে লোক দকল ভ্রান্ত হইয়া বর্ত্তমান সাঙ্খ্যের প্রতি বিশেষ শ্রদ্ধা করিয়া থাকে। কিন্তু উহা সেই আদিবিদ্ধান্ বিখ্যাত মহিমা ঋষি-কপিলের না হইলেও পারে। কেন না, শাস্ত্রান্তরে অন্য এক কপিলের কথা শুনা যায়।"*

^{• &}quot;कपिचनितिश्रुति सामान्यमावलात् भन्यस च कपिचस्य सगर पुत्राणां प्रतप्तु वांसुदेवनामः स्वरणात्।" [भार्त्रीद्वक छारा]।

এতাবতা শেষরাচার্য্যের মতে ছই কপিল। এক কপিল জাতি প্রাচীন, অন্য কপিল ব্যালাদির পরভবিক। প্রচলিত সাজ্য নব্য কপিলের। নব্য কপিল পুরাতন কপিলের মননের ধন [পদার্থ] লইয়া স্বীয় মতের যোগে স্ত্র রচনা করিয়াছেন।

যদি আমরা এই সিদ্ধান্তে পিশাস নিক্ষেপ করি, তাহা হইলে সকল দিক ্রক্ষা পায়। যথা,—

১ম। কপিলের একটি নাম 'আফদি বিদ্বান্'। সাজ্যাদর্শন আদিম হইলে তৎপ্রণেতা কপিলের ঐ নাম সার্থক হয়।

२য়। কপিল যে আদিজ্ঞানী ও বহুপ্রাচীন, এবিষয়ে শ্রুতি,
শ্বতি, পুরাণ, সকলেই সাক্ষ্য প্রদান করিতেছে, যথা—

"ऋषिं प्रमृतं कपिलं यस्तमये ज्ञानैविंभित्तं जायमानच प्रस्तेत्।" [अर्थः]

"भादी यो जायमानच कपिलं जनयेद्दिम् ।

प्रमृतं विश्वयाज्ञाने स्तं प्रस्थेत् प्रसियरम् ॥'' [श्रृि]

"सनक्षय सनन्दय हतीयय सनातनः ।

कपिलयामुरियेव वीढु;पचिश्विसया॥" [প्राप] .

প্রথমোলেথিত শ্রুতিবাক্যাটর মর্মার্থ এই যে, যিনি কপিলঋষিকে সর্বারো জ্ঞানপূর্ণ করিয়া স্বষ্ট করিয়াছেন, মন্থ্য সেই
পরমেশ্বরকে ধ্যানযোগে দর্শন করিবেক। কপিলের প্রাচীনতা বোধক
বাক্য এইরূপ অনেক আছে, কাপিল দর্শন আদিম হইলে সে সমস্তই
রক্ষা পায়।

৩য়। 'তত্ব স্থাস' নামক অন্য এক প্রকার কাপিল স্ত্র আছে। তাহাতে অন্য কোন দর্শনের প্রতি কটাক্ষী করা নাই। আদি গ্রন্থে যেরপ নিরপেক্ষ রচনা থাকা উচিত, তাহাতে তাহাই আছে। *

৪র্থ। পরভবিক গ্রন্থে কৌশলাধিকা, আয়তনে বিস্তার ও পদার্থ সমন্বরের সংক্ষেপ হইয়া থাকে। কাপিল দর্শন আদিম হইলে এ মুক্তিও রক্ষা পায়। কপিল চতুর্বিংশতি পদার্থ দ্বারা যাহা নির্বাহ করিয়াছেন, গৌতম তাহা ষোড়শ পদার্থে, কণাদ তাহা সপ্ত পদার্থে, পূর্বে মীমাংসা তাহা ষট্ পদার্থে নির্বাহ করিয়াছেন। পূর্বে মীমাংসা যাহা ষট্ পদার্থে, উত্তর মীমাংসা অর্থাৎ বেদান্ত তাহা এক পদার্থে ই পর্য্যাপ্ত করিয়াছেন। এই সকল দেখিয়া আমাদের বোধ হয় য়ে, সাংখ্যদর্শনই আদিম; পাতঞ্জল উহার সমসাময়িক, ন্যায় তৎপরভবিক, তৎপরে বৈশেষিক, তৎপশ্চাৎ পূর্বিমীমাংসা, বেদান্ত সর্ব্বকনিষ্ঠ। কোন মতে 'সংখ্যা' হইতে 'সাজ্যা' এই পদ নিশার হইন্নাছে। যথা—

"संख्यां प्रकुर्वते चैव प्रकृतिस प्रचवते । तस्त्रानि च चतुर्तिसत् तेन साह्याः प्रकीर्तिताः ॥"

ইহার অর্থ এই বে পদার্থ সংখ্যার নিদ্ধারণ পূর্ব্দক জ্ঞানোপদেশ থাকাতেই কাপিল দর্শন 'সাংখ্য' নামে বিখ্যাত হইয়াছে।

কেহ বলেন, তাহাও নহে। তিবে কি ? না, সংখ্যাশব্দের অর্থ সম্যক্ জ্ঞান, সম্যক্ জ্ঞানের উপদেশ যে,শাস্ত্রে আছে, তাহারই নাম সাখ্যা; পরস্ত সর্ব্ব প্রথমে ইহার (কাপিল দর্শনের) আবির্ভাব হওয়াতেই লোকে ইহাকে 'সাখ্যা' নামে প্রখ্যাত করিয়াছে।

মহর্ষি কপিলের জন্ম ভূমির নির্ণয় হয় না। তাহা না হউক,ইনি যে একজন আর্য্যাবর্তীয় ঋষি, তাহাতে আর সংশয় নাই। প্রাণে

বিদ সাধ্যদর্শনই আদিম হয়, তবে এই তত্ব সমাস স্কুই তাহা। অথবাংসে
সাধ্য অর্থাৎ পুরাতন কপিলের সাধ্য বা সাক্ষাৎ লিপি লোপ হইয়া নিয়াছে।

বর্ণিত আছে যে,কপিল দেবছুভির পুত্র এবং বিঞ্র অবতার বিশেষ।

শ্ৰুতি, স্বাণ, সমস্ত আর্ষ-গ্রন্থই সাঝা মতে পরিব্যাপ্ত আছে। সাখ্যা মত যে অতদ্র বিস্তৃত হইয়াছিল, তাহা কেবল কপিল হইতে হয় নাই, ক্রমে তাঁহার শিষ্য-পরম্পরা হইতেই হইয়াছে।

সাংখ্য-শাস্ত্রের আদি-আচার্য্য কপিল—তৎশিষ্য আহরি ও বোঢ়। আহুরির শিষ্য পঞ্চশিখাচার্য্য—তংশিষ্য ঈশীরুষ্ণ। কেহ ्रतान, (क्षेत्रवेदक्षः श्रवि-भिषा नाटन 🔏।

আমরা আমুরির গ্রন্থ দেখিতে পাই না। পঞ্চশিথের গ্রন্থ না পাইলেও তাঁহার থও থও সূত্র অনেক পাওয়া যায় এবং ঈশ্বর ক্লফের এক থানি কারিকা গ্রন্থ (সাঙ্খ্য-সপতি) পাইতেছি।

ঈশর কৃষ্ণ বলিয়াছেন, মহাম্নি পঞ্শিথাচার্ঘ্য হইতেই সাজ্যা শাস্ত্র বহু বিজ্বত হইয়াছে। যথা,—

> "एतत्पवितसुग्रां सुनिरासुरयेऽनुकम्पया प्रदरी। पासुरिरपि पञ्चशिखाय तेन च वहुधान्नतं तन्त्रम्॥" (উপরে ইহার অর্থ এক প্রকার বলা হইয়াছে)।

পঞ্চশিথাচার্যা সাঙ্খ্য শাস্ত্রকে পরিবদ্ধিত করিলে পর, উহার নাম 'ষ্টিতন্ত্ৰ' হইরাছিল। ভাব এই বে. পঞ্চশিখাচার্যা কপিল সন্মত ষষ্টি-সংখ্যক পদার্থের উপর (৬০) ষষ্টি-সংখ্যক গ্রন্থ রচনা করিয়াছিলেন। যে সকল বিষয়ের উপর তাঁহার গ্রন্থ ছিল সে সকল বিষয় এই—

প্রকৃতি-প্রভৃতি মৌলিক্রিক্রের--> সন্তোষ অর্থাৎ আনন্দ বিষয়ের—»

পঞ্চনিখ এই ষষ্টি পদার্থের প্রত্যেক निशर्वात्र कर्या वक्काम निवरत्रत्र- ॰ পদার্বের উপর এক এক খানি গ্রন্থ রচনা করিয়া ছিলেন। একণে তাহার किट्टे शांश्या गांच ना । अकरन गांदा সিদ্ধি অর্থাৎ আয়ার ক্ষমতা- পাওয়া যায় তাহা নিম্নে প্রদর্শিত বিশেষ-বিষয়ের উপর———৮ হইতেছে। যথা—

60

গ্ৰন্থ এম্বর কপিল । ৯ ষড়ধ্যায়ী (সূত্র) किलित। তত্বসাদ (সূত্র) প্রবচন ভাষা সংখ্যীবিজ্ঞান ভিক্ যতি তত্ব স্থাস ব্যাপ্যা সাধা সপ্ততি : ? স্পৃথ্য তেহিন केयत कृषः ক্তিবকৌম্দী(সাত্ত্য) বাচস্পতি মিশ্র -বিজ্ঞান ভিক্ 'সাঝাস'র সাম্বাচন্দ্রিকা नावार मंडीचे রাজ বৃত্তি ভোজৱাজ

ক্ষমরকৃষ্ণ প্রস্থ সমাপ্তি কালে লিখিয়াছেন বে ''আখ্যায়িকাবিরহিতা :
পরনাদ-বিবর্জ্জিতাশ্চাপি " আমি ষষ্টতত্ত্বের সমস্ত পদার্থই সংক্ষেপে বলিলাম,
কিন্তু আখ্যায়িকা ও তর্কচ্ছট। পরিত্যান
করিলাম। এই লিখন ভঙ্গাতে বোধ
হয়, পঞ্চশিখাচার্য্য ও আহরি প্রভৃতি
খ্যিরা আখ্যায়িকা এবং বাদ-কথার
সোণে গ্রন্থ রচনা করিয়াছিলেন।

'সাখ্যসংগ্ৰহ ___ (পুঞ্চ শিখ্চাৰ্ট্যের বাক্য সংগ্ৰহ)

সাহ্যাত্রি ক্রেন্স লাজ এত বিস্তৃত এবং তাহার অধিকার এত প্রবৃদ্ধ হইয়াছিল যে, তত্তাবং লোপ হওয়াতে এখন আর কোন টি সাজ্যের সম্মত, কোন টি অসমত,তাহা আর নির্ণয় করা যায় না। সেই কারণে, আমি এত মধ্যে সাম্যাত্রগত পুরাণ, স্মতি ও অনেক বৈদ্যক বাক্যকেও সাংল্যা সম্মত বলিয়া নিবিষ্ট করিয়াছি i

সাখাশান্তের প্রতিপাদ্য, জ্ঞান সম্বন্ধে সাখ্যা এবং অন্যান্য দর্শনের মত।

সাংখ্য শাস্ত্র, চিকিৎসা শাস্ত্রের ন্যার চতুর্ব্যূহ। বৃাহ শব্দের অর্থ সমূহ। রোগস্মূহ, রোগের কারণসমূহ, আরোগ্যসমূহ ও লৈকজ্ঞা-মমূহ,—এই চারি-টি সমূহ যেমন চিকিৎসা শাস্ত্রের প্রধান প্রতিপাদ্য, তেমনি হংথ, ছংখনিবৃত্তি, ছথোৎপত্তির হেতু, ছংখনিবৃত্তির উপায়, এই চারি-টি সমূহ সাংখ্য দর্শনের প্রধান প্রতিপাল্য। সাংখ্যকার উক্ত চারি-টি সমূহের বিলক্ষণ পরীক্ষা করিয়াছেন। তংপ্রসঙ্গে অনেক জাগতিক (বাহা) পদার্থেরও পরীক্ষা করিয়াছেন। পরস্ত ছংখ-পদার্থ-টির পরীক্ষা করিতে অধিক প্রয়ায়্পান নাই। তিনি বলেন, ছংথকে পরীক্ষার করিবার প্রয়োজন কি?—উহা সর্বাদাই নকল মহুয়ের অন্তঃকরণে চেতনা শক্তির প্রতিকৃল-অহুভবে উপস্থিত হইয়া থাকে। অতএব 'ছংখ নাই' বলিয়া কেহ প্রত্যাখ্যান করিতে পারিবেন না। ছংথের নিবৃত্তি হয় কি না? এ সংশয়্ত কেহ করেন না। ছংখ-নিবারণের কোন উপায় নাই বলিয়াও কেহ মন্তকোরোলন করেন না; স্বতরাং ঐ সকল অংশ প্রতিপাদন করা সাংখ্যশাস্তের মুখ্য উদ্দেশ্য নহে। সাংখ্য-শাস্তের কেন, জ্ঞাতজ্ঞাপন করা কোন শাস্তেরই উদ্দেশ্য নহে। "অক্তাত জ্ঞাপকং হি শাস্ত্রম্ " ইক্রিয়ের অগোচর বস্তুর বোধ জন্মানই শাস্ত্রের কার্য্য।

"তবে সাংখ্য-দর্শনের উপদেশ্য বিষয় কি?'' যাহা সাধারণ জ্ঞানের গোচর নহে, যাহার উপদেশ অন্য কেহ করে নাই, সাঙ্খ্য-শাস্ত্রের তাহাই উপদেশ্য।

"এমন বিষয় কি আছে শে যাহার উপদেশ অন্য কেহ করে নাই ? অথবা সহজ জ্ঞানে উপলব্ধ হয় না ? দেখা যায়, বাত-পিত্ত-শ্লেমাদি ধাতুর বৈষম্যনিবন্ধন শারীর সমুখিত হুংখ নিরাকরণের শত শত উপায় বৈদ্যক গ্রন্থে আছে। বিষয়-বিশেষের অদর্শন বা অপ্রাপ্তি জন্য মানস হুংখ উপস্থিত হইয়া থাকে, তরিবারণের উপায়ীভূত মনোজ্ঞ-স্ত্রী-পান-ভোজন-বন্ধ-অলম্ভার প্রভৃতি লৌকিক পদার্থও জগতৈ প্রচুর পরিমাণে আছে। নীতিশান্তে কুশনতা থাকিলে, নিরুপত্রব স্থলে বাদ করিলে, আগন্তক হু:খও আক্রম করিতে পারে না। তবে, আর এমন কি গুপ্ত পদার্থ আছে, বাহা উপদেশ করিবার জন্য সাম্ব্যকার ব্যগ্র ?'—

"হু:থের আত্যন্তিক নিরোধ হয় কি না—যদি হয়—তবে তাহা কি উপায়ে ?"–এই অংশ সাধারণকেঁধের গম্য নহে। অতএব এই অংশই সাংখ্য শাল্কের উপদেশ্য। লোক মধ্যে ছংখ নিবৃত্তির যে সকল উপায় দৃষ্ট হয়, তভারা যে নিশ্চিত হঃখনিবৃত্তি হইবে, এরূপ নিয়ম দৃষ্ট হয় না। यमिও নিবৃত্তি হয়, তথাপি পুনর্কার সেই ছঃথের উদয় হইয়া থাকে। আত্যন্তিক নিবৃত্তি কদাচ হয় না। পরন্ত শাস্ত্রীয় উপায় অব-লম্বন করিলে অবশ্য হঃখনিবৃত্তি হইবে এবং সে নিবৃত্তি আত্যম্ভিক নিবৃত্তি। সাংখ্য দর্শনের মতে এই আতান্তিক ছঃখ-নিবৃত্তির নামই মোক্ষ বা স্বস্থারপ প্রাপ্তি। শান্তে ইহাকে পরম পুরুষার্থ বলে। মনুষ্য যে কিছু প্রার্থনা করে, হুঃথ নিকারণের জন্যই করে। মনুষ্য, হুঃথ নিবৃত্তি বা ছঃখ নিবৃত্তির উপার, উভয়কেই প্রার্থনা করে,—এজন্য উভন্নই পুরুষার্থ বটে, কিন্ত লৌকিক উপায় দারা যে ছঃথ নিবৃত্তি হয়, তাহা আত্যন্তিক নিবৃত্তি নহে। এজন্য উহা পুরুষার্থ হইলেও পরম-পুরুষার্থ নহে।

জৈমিনি বা জৈমিনির ন্যায় যজ্ঞবিদ্যা-বিশারদ ঋবিরা বলেন,
মন্থ্য মাত্রেরই "নিরস্তর স্থাই হউক, ছংখ যেন অণুমাত্র না হয় "
এইরূপ অব্যভিচারী অভিনিবেশ আছে। অতএব, ঐরূপ অভিনিবেশের
পরিপূর্ত্তি (নিরবিচ্ছের স্থা-ধারা সন্তোগ) মন্থ্যের সম্বন্ধে ঘটে কি
না—তর্ক করিলে 'ঘটে না' বলিয়া প্রত্যাখ্যান করা যায় না।
জৈমিনির মতে উহাই স্বর্গ-স্থা। যথা,—

"यत दु:खेन सिखन्न' नच यस मननारम्। ! चभिताषीपनीतच तसुखं सःपदाखदम्॥"!

ইহার সংক্ষেপ অর্থ এই যে নিরবচ্ছিন্ন স্থথ ধারা সম্ভোগই স্বর্গ ভোগ।
এই স্বর্গই মন্ম্যের স্থত্ফার বিশ্রান্তি ভূমি। উহাই পরম পুরুষার্থ,
উহাকেই মুক্তি বলা যায়, উহাক্টেই অমৃতভোগ বলা যায়। যাজিক
দিগের মত এই যে, বেদোক্ত কার্য্যকলাপ, ঐ অলৌকিক স্থথলাভের
অদ্বিতীয় উপায়।

যজ্ঞবিদ্যা-ব্যবসায়ীদিগের এই মত কপিলের হৃদয়গ্রাহী হয় নাই।
কপিল বেদ মানেন, বেদোক্ত ক্রিয়াকলাপের ফল-জননী শক্তিও
স্বীকার করেন, কিন্তু কথিত প্রকারে নহে। বলেন, কর্মসাধ্য স্বর্গস্থেও প্রহিক স্থেবর ন্যায় ছঃথমিশ্র ও অনিত্য। কারণ, য়াগ মাত্রেই
হিংসা সাধ্য। পশুষাত বা বীজ বিনাশ ব্যতিরেকে কোন য়াগই নিপান হয় না; স্থতরাং হিংসাঘটিত কার্যাকলাপ কি রূপে নিরবচ্ছিয় শুভ
ফল প্রসব করিতে পারে?—অতএব ক্রিয়াকাও কথনই তাদৃশ স্থেবর
জনক নহে। একমাত্র হিংসাদি-দোষরহিত বিশুদ্ধ তত্ত্বজ্ঞানই তাদৃশ
স্থেবের জনক এবং তাহাই মুক্তির উপায়। *

অপিচ, যেমন উপায় বিশেষ দারা ছংখবিশেষ কিছু কাল স্থগিত থাকে, আবার উপায়-বিশেবে তদপেক্ষা অধিক কাল স্থগিত থাকে, এবং কোন উপায়ে একপ্রকার ছংখের শান্তি, কোন উপায়ে বা ছই ও ততোধিক ছংখের শান্তি হয়, তেমনি কোন না কোন উপায়ে

^{*} সাংখ্য মতে, বীজ বিনাশ করিলেও পাপ জন্ম। কিন্তু অজ-বীজ ্ ভিন্ন। বে বীজ হইতে আর অঙ্কুর হইবে না, সেই বীজের নাম 'অজ'। অহিংসা-ঘটিত ব্রতে এই অজ বীজের বীবস্থা। ও বৎসর, কোন কোন বীজের ধ বৎসর পর্যন্ত অঙ্কু রোৎপাদিকা শক্তি থাকে।

সকল হংথের শান্তি হইতে পারে এবং সে শান্তি অনন্ত কালের জন্য হইতেও পারে। হংথের কারণ ধ্বংস করিতে পারিলে হংখ উৎপত্তি হইবে কেন ? পরন্ধ যে উপায়ে উহা সিদ্ধ হইবে. সে উপায় লোক মধ্যে নাই, যজ্ঞবিদ্যার মধ্যেও নাই। কারণ, সে উপায় তত্ত্বজ্ঞান। সেই তত্বজ্ঞানের আকার—''আমি, মহৎ-অহঙ্কার-ইন্দ্রিয় প্রভৃতি প্রাকৃতিক বস্তু হইতে অত্যন্ত ভিন্ন এবং চিৎস্বরূপ''—এইরূপ প্রত্যুর স্থান ও সাক্ষাৎকার হওয়া আবশ্যক। শান্তীয় ভাষার ইহাকে তত্বজ্ঞান, সন্ত্পুরুষান্যতা-প্রত্যন্ন ও বিবেকথ্যাতি বলিয়া থাকে। এই প্রত্যন্ন উৎপাদনের নিমিত্ত আত্মা ও জগৎ, এই বস্তুদ্বরের যথার্থ রূপ কি ?— তাহার অনুষণ করিতে হয়। আত্মা ও প্রকৃতি (জগৎতাবাপনা), এতহ্তুদ্বের যথার্থা অনুসন্ধান করার নাম তত্বাভ্যাস। দীর্ঘ কাল ব্যাপিয়া তত্বাভ্যাস করিতে পারিলে উক্ত প্রত্যায় জনিতে পারে।

আয়া ও জগৎ, এই ছই বস্তর পরীক্ষা করিতে হইবে। তন্মধ্যে জগৎ (বাহ্য-বস্তু) পরীক্ষাই প্রথম। তাহাতে কপিলের মত এই যে, জগতের মূলতত্ব চতুর্বিংশতি, আর আত্মতত্ব এক; এই পঁ চিশটি মাত্র তত্ব। এতন্মধ্যে যে চতুর্বিংশতি তত্ত্বের সমষ্টির নাম জগৎ, তাহার বাষ্টি এই—মূল প্রকৃতি, মহৎ, অহন্ধার; রূপ-তন্মাত্র, রস-তন্মাত্র, গন্ধ-তন্মাত্র, স্পর্শ-তন্মাত্র, শন্ধ-তন্মাত্র, স্পর্শ-তন্মাত্র, প্রকাত্মাত্র, স্পর্শ-তন্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, স্বাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্য, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্য, প্রকাত্মাত্র, প্রকাত্য, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্য, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্র, প্রকাত্মাত্য, প্রকাত্য, প্রকাত্য, প্রকাত্য, প্রকাত্য, প্রকাত্য, প্রকাত্মাত্য

কপিল, স্ব-প্রতিজ্ঞাত এই সকল পদার্থকে আজ্ঞা বাক্যের
ন্যায় স্বীকার করিতে বলেন না। তিনি বলেন, পদার্থ সকল
পরীক্ষারত করাও—প্রমাণ সহ হইলে গ্রহণ করিও। এক্ষণে প্রকৃতি
কি ?—অহম্বার কি ?—এ সকল জিজ্ঞাসা নিবৃত্ত রাথ। যদ্মারা বস্তুনিশ্চয় হইবে তাহার্থই চিন্তা কর।

তরঙ্গের ন্যায় দর্বদাই মহুযোর অন্তরে জ্ঞান প্রবাহ উদ্বিত ररेटिए, श्वि ररेटिए, नम्र ररेटिए। नकन छानरे विवस्क অবগাহন করিতেছে। "ਚर्च' ज्ञानं च विषयं" জ্ঞান মাত্রই কোন না কোন বিষয় অবলম্বন করিয়া উদিত হয়। কোন বস্তু অবগাহন করিতেছে না, অথচ জ্ঞান হইতে ছে, এরপ কথনই হয় না। "রূপ্রু। দৃশ্যতে, ন চান্তি চক্ষ্: " রূপ দেখিতেছি, কিন্তু চক্ষু নাই; এবাক্য যেমন প্রামাদিক [প্রলাপ] "জ্ঞান হইতেছে বিষয় নাই" এ কথা ততোধিক প্রামাদিক। অতএব জ্ঞানমাত্রেরই কোন না কোন বিষয়[†] আছে, বিষয় মাত্রেরই জ্ঞান আছে। জ্ঞান আছে বিষয় নাই—বিষয় আছে জ্ঞান নাই-এরপ দৃষ্ট হয় না। বিষয় বলিলেই জ্ঞানাবগাহিত-विषय वृक्षित्व इहेरव, जावात ज्ञान विषय विषय-युक्त ज्ञान वृक्षित्व হইবে। শব্দ ও অর্থের যেরূপ অবিগুক্ত সম্বন্ধ,—জ্ঞান ও জ্ঞের, এতহ্ভয়েরও ঠিক্ সেইরূপ **সম্বন্ধ**।*

স্থিরচিত্তে বিবেচনা কর-শাপরের তরঙ্গমালার ন্যায় নিরস্তর উথিত নানাবিধ জ্ঞান-প্রবাহের মধ্য হইতে কোন্টি যথার্থ [ঠিক্] জ্ঞান, তাহা চিনিয়া লইতে হইবে। একারণ যথার্থ জ্ঞানের লক্ষণ উপদেশ করা আবশ্যক 🗍 ভাহাতে কপিল এই রূপ লক্ষণ নির্দেশ করেন যে, "অনধিগত ও অকাধিত বস্তু অবগাহী ব্যবসায়াত্মক জ্ঞানই যথার্থ জ্ঞান।" মর্ম এই যে, অনধিগত অর্থাৎ যে বস্তু আর কথন জ্ঞানের বিষয় হয় নাই। অবাধিত অর্থাৎ জ্ঞানোত্তর কালে যাহার বাধ বা বিলয় হয় না। ব্যবসায় অর্থাৎ ইন্দ্রিয় সংযোগের অনস্তর "ইহা

^{🏸 &}quot; चेयं न ज्ञानं व्यक्तिचरति, तथा ज्ञानम्।" (প্রশ্বভাষ্য 🖠) "सर्वे सत्प्रवयाः सालन्तनाः सत्प्रवयतात् ॥" (তট্টীকা)

অমৃষ্ঠ বস্তু" এইরপ বিশেষবিধারণ হওয়। এইরপ অবস্থাপর যে জ্ঞান, তাহাই যথার্থ জ্ঞান। সংস্কৃতভাষার ইহা প্রজ্ঞা, সম্যক্ জ্ঞান, প্রমা, প্রমিতি, অমুভব প্রভৃতি বহু নামে অভিহিত হইয়া থাকে। এই প্রমাজ্ঞান, স্বীয় বিষয় হইতে কথনই ব্যভিচার প্রাপ্ত হয় না। প্রমাজ্ঞানের বিষয় কথন বাধিত হয় না। যে বস্তু একবার জ্ঞানের বিষয় হয়াছে, সেই বস্তু যদি বারাস্তরে বিষয় হয়, তবে তাহাকে প্রমানা বিলয়া "য়তি" বলা যায়। কাহারও মতে উক্ত য়থার্থ জ্ঞানের স্থতি এবং অমুভব, এই ছই প্রকার বিভাগ করা নিম্প্রয়োজন। ইহাদের মতে জ্ঞান, উন্ধ অবাধিত-বস্তু অবগাহন করিলেই তাহা প্রমা হয়। বিভাগবাদীর মতে বিভাগের যে কি প্রয়োজন, তাহা পশ্চাদ্যক্ত হইবে। এক্ষণে যাহা প্রমা হইবে না, ঈদৃশ ছই এক-টি জ্ঞান অবলম্বন করিয়া প্রমাকে স্পৃষ্ট রূপে উপলন্ধি-পথে আনীত করা যাউক।

মনোযোগ কর। মনান্ধকার-নিমগ্ন একটি নাল, রজ্জু অথবা জল ধারা দেখিয়া আমাদের কথন কথন সুর্প জ্ঞান জন্মে। সে জ্ঞান প্রমানহে। কারণ, সেই সর্পাকার জ্ঞান সর্পরপ বিষয় হইতে ব্যভিচার প্রাপ্ত হয় এবং সেই সর্প-টিরও বাধ হয়। কারণ, "ঐ সাপ্" এই জ্ঞানের অব্যবহিত উত্তরকালে যদ্যপি দর্পেদ্যিম পুর্বেক আঘাত করিতে যাওয়া যায়, তাহা হইলে তৎক্ষণাৎ সেই ল্রমের অধিকরণ টি প্রত্যক্ষ হয়, আর সে সর্প থাকে না। তথন জ্ঞানের ব্যবসায়ায়্মক অংশ সত্যকেই গ্রহণ করে, অর্থাৎ "ইহা সর্প নহে—ইহা জ্লাধারা বা রজ্জু" —এইরপে নিশ্চয় করে। "ইহা সর্প নহে" এই পরভাবি জ্ঞানের বাধ বা ব্যভিচার দৃষ্ট হয় না, স্মতরাং এই অংশেই প্রমা, আর বিপরীত অংশে ল্রম। এইরশে, সংশয়্ব-জ্ঞানও প্রমা নহে। কারণ, সংশয়স্থলে

বৃদ্ধিবৃত্তি বিভিন্ন বন্ধ গ্রহণ করিতে থাকে,তাহাতে ব্যবসায় (নিশ্চয়াবিকা বৃত্তি) জন্মে না। "ইহা অমুক ? কি অমুক ?"—এই আকারে
দোহলামান হইতে থাকে। অতএব যাবৎ না বৃদ্ধি একতর গামিনী
হয়, তাবৎ কি প্রমা কি ত্রম, কিছুই বলা যায় না। এইরূপ
আকারের জ্ঞানকে সংশয় নাজ্য ব্যবহার করা যায়। এতাবতা,
জ্ঞানের "ষ্তি" প্রমা" "ত্রম" "সংশয়" স্থূলতঃ এই চারিটি বিভাগ
করা হইল। এতন্মধ্যে প্রমা-জ্ঞানই বিশেব বিচার্য্য।

"উক্তবিধ প্রমার উৎপত্তি কি রূপে হয় এবং উৎপত্তির সাক্ষাৎ কারণই বা কি ?—"কপিল প্রসঙ্গ ক্রমে এই সকল জিজ্ঞাসার নিবৃত্তি করিরাছেন, কিন্তু তাহা সংক্ষেপে; যথা—"হুয়াইন্ধরমন্ত্র বাদ্দারিল্লভার্যपरिच्छित्तिः प्रमा तसाधकं सत् तितृतिधं प्रमाणम्।" এই স্ত্রটিকে আচার্যোরা বছ বিভারে ব্যাখ্যা করিরাছেন। সেই সকল ব্যাখ্যার কোন
কোন অংশ অবলম্বন করিয়া আমরাও ইহাকে বিস্তার করিব।

বদ্বারা সাক্ষাৎসম্বন্ধে উক্ত প্রমা উৎপন্ন হন্ন, তাহার নাম প্রমাণ।
এই প্রমাণ দারাই বস্তর পরীক্ষা দিদ্ধি হয়। বস্তকে প্রমাণার্ক্ত
করার নামই পরীক্ষা। ত্রিক্ষণে এই জিজ্ঞাসা জন্মিতে পারে যে "প্রমাণ
কত প্রকার ? এক প্রকার কি বিভিন্ন প্রকার ?" কিপিল মতাম্বযানীরা উত্তর দিবেন "যথক দেখা যাইতেছে বস্তু নানা বিধ এবং
তাহাদের অবস্থাও অনেক বিধ; অতীতাবস্থা, অনাগ্তাবস্থা ও
বর্তুমানাবস্থা,এবং সর্বাবিধ অবস্থাপন্ন বস্তর পরীক্ষা হওয়াও আবশ্যক;
তথন, স্থল স্ক্রম দৃশ্যাদৃশ্য পদার্থ পরিপূর্ণ বহুগুণবৃক্ত জগতের পরীক্ষার
জন্য যে একটিমাত্র প্রমাণ উপস্থিত থাকিবে, ইহা অসম্ভব। জগতের
কোন বস্তই অথও দুধান্ত্রমান নহে। পরীক্ষাসাধক পদার্থ একটি হইলে,

বে কালে পরীক্ষিত্ব্য বস্তু বর্ত্তমান থাকে, সে কালে সেই পরীক্ষা সামক সামগ্রী-টি না থাকিতেও পারে; যে কালে পরীক্ষা বর্ত্তমান, সে কালে পরিক্ষিত্ব্য না থাকিতেও পারে; এরপ হইলে পরীক্ষা পদার্থ-টি অপ্রতিষ্ঠিত হইয়া পড়ে। অপ্রতিষ্ঠিতত্ব দোষ পরিহারের নিমিত্ত এমন কোন পদার্থ স্বাকার করিতে হইবে, যাহা কালত্রয় স্থায়ী হইতে পারে। প্রমাণ একটি হইলে ত্রৈকালিক পরীক্ষা সিদ্ধ হয় না। বর্ত্তমান-পরীক্ষার নিমিত্ত যেমন সবর্ব সম্মত প্রত্যক্ষ উপস্থিত আছে, তেমনি অতীত ও অনাগত পরীক্ষার নিমিত্ত প্রমাণান্তর থাকা উচিত। আরও এক বিবেচনা আছে। পরীক্ষা কার্য্যাটকে জগদন্তঃপাতী স্বীকার করিতে হইবে। না করিলে, জগতের অসম্পূর্ণতা আপত্তি হয়। অতএব জগতের অবস্থা ও পদার্থ যেমন নানা, তেমনি তল্যাহক প্রমাণও নানা। *

প্রমাণের সংখ্যা-ঘটিত অনেক মত আছে। কেহ ১, কেহ ২, কেহ ৩, কেহ ৪, কেহ ৫, কেহ বা ৬, প্রমাণ স্বীকার করেন। ক্লীপিল ৩, প্রমাণ বাদী। † ঐক্রিয়ক, যৌক্তিক, আর ঔপদেশিক। ইক্রিয়

^{* &}quot;न प्रत्यचनिव्यत्ति माबादभावनिषयः" "विद्यमानीप्यषं इन्द्रियाणां कालभेदेन विषयीऽविषयत्र भवति" "समावति वाचान्यत्पृनाणम्।"

[[]কাপিলহত্ত্র ও ভাষ্য।]

^{† &}quot;प्रव्यचमेकं चार्व्याकाः काणाद-सुगतौ पुनः।
भनुमानच त्रचापि साङ्गाः शब्दय ते उमे ॥
न्यायैकदिश्वनीष्येव सुपमानच केष्णम्।
भर्थापन्ता सहैतानि द्रवार्थाष्टः प्रभाकराः।
भभावषष्टाव्येतानि भाष्टा वेदान्तिन खया।
सम्बदितिंद्ययुक्तानि इति पौराणिका जगुः॥" [त्वनाङकादिका।]

জন্য জ্ঞান ঐক্রিয়ক, অনুমান বা যুক্তিমূলক জ্ঞান যৌক্তিক, আর উপদেশ জন্য জ্ঞান ঔপদেশিক নামে ব্যবহৃত হয়। ইহার নামান্তর ঘথা-ক্রমে প্রত্যক্ষ,অনুমতি ও শাব্দ। এতন্মধ্যে প্রত্যক্ষটি সর্ববাদি দক্ষত, ইহাতে কাহারও আপত্তি দেখা যায় না। প্রমাণ চিন্তকেরা বলেন, প্রত্যক্ষ প্রমাণ প্রমাণান্তরের জীবন, এজন্য অগ্রে প্রত্যক্ষের বিচার আবশ্যক। প্রক্রেকটি ঘণার্থরূপে নির্ণীত হইলে জন্য প্রমাণগুলি সহজ হইরা আইসে। তদমুসারে,আমরাও সর্কাণ্ডে প্রত্যক্ষ, বিশেষতঃ চাক্ষ্য প্রমাণের বিচারে প্রবৃত্ত হইলাম।

চক্রিভ্রির ও চাকুষ-জ্ঞান।

"চক্রিক্রিয় কি?—কি প্রকারেই বা চক্র্বারা বস্তু-জ্ঞান জন্মে?"
—এ বিষয়ে ভিন্ন ভিন্ন মত দৃষ্ট হয়। কোন বৌদ্ধ বলেন, "চক্র্র কেন্দ্র স্থানে যে স্বচ্ছ-কৃষ্ণবর্ণ-গোল-লাঞ্ছিত অংশ দৃষ্ট হয়, লোকে যাহাকে "তারা" বা "চক্রের মণি" বলে, উহার আর একটি নাম কফসার। চাক্র্য-জ্ঞানের প্রতি ঐ ক্লফসার যন্ত্রটিই কারণ; কেন না, ক্লফসার যন্ত্র অবিক্রত থাকিলেই বস্তু গ্রহ হয়, নচেৎ হয় না। স্ক্তরাং ঐ ক্লফসার যন্ত্রটিই ইন্দ্রিন,তদ্বির 'চক্রিক্রিয়' নামে অপর কোন স্বতর্ত্তর নাই।

সাংখ্য বলেন, আছে। কৃষ্ণদারটিকে ইন্দ্রিয় বলা সম্পূর্ণ ভ্রম।
" স্বানীব্রেটাব্রিয় দালালাদিছাল" যেটি বাস্তবিক ইন্দ্রিয়, সেটি
অতীক্রিয়। কোন কালেই তাহার প্রত্যক্ষ হয় না। দৃশ্যমান কৃষ্ণদারটি তাহার অধিষ্ঠানস্থান মাত্র। অধিষ্ঠানকে (আশ্রয়কে) অধি
ভিত অর্থাৎ ইন্দ্রিয় বলা যে ভ্রম তাহা সহজ বোধা ১

মনে কর। বিষয় ও ইন্দ্রিয়,এতত্ত্তেরের সংযোগ না হইলে কোন

ক্রমেই বস্তু-গ্রহ হইতে পারে না। সন্নিকর্ষ-ব্যক্তীত, বস্তুদ্বয়ের সংযোগ यहेंना र्रेट शाद ना। विषय अक अतिरा, रेखिय अना अतिरा, সন্নিকর্ষের সম্ভাবনা কি ? অতএব, বিষয় ও ইন্দ্রিয় এতত্বভয়ের অত্যন্ত অসন্নিক্ষতা নিবন্ধন সংযোগ হইতে পারে না, সংযোগ না হইলেও উপলব্ধি হইতে পারে নাং, ইহা অবশ্যই স্বীকার করিতে रुटेर्दि। यमाप्रि, मः रागंश वाजिरद्राक माज कृष्ण्यात चात्रा वञ्च-छान জিমিত, তাহা হইলে এ জগতে আর কোন বস্তুই অপ্রকাশ থাকিত না। ক্লঞ্সার সকল সময়েই বর্ত্তমান আছে, বস্তুও সর্বতি নিপত্তিত আছে, তত্তাবতের জ্ঞান না হয় কেন ? ব্যবহিত বস্তুই বা অক্সাত থাকে কেন ?—অপিচ, জগতে যত প্রকার প্রকাশক পদার্থ দৃষ্ট হয়, সকল পদার্থই প্রকাশ্য-বস্তুর সহিত সংযুক্ত হইয়াই প্রকাশ করে। দীপ একটি প্রকাশক বস্তু। উহা যে বস্তুর সহিত সংযুক্ত হয়, সেই বস্তুকেই প্রকাশ করে। যে বস্তুর সহিত সংযুক্ত হইতে পারে না, সে বস্তুকে প্রকাশ করিতেও পারে না। যদি পারিত, তবে গৃহান্তরীয় দীপ গৃহাস্তরীয় বস্তকেও প্রকাশ করিতে পারিত। অতএব, দ্রস্থিত বস্তর সহিত চক্ষুরিক্রিয়ের সংযোগ দিদ্ধির নিমিত্ত এমন কোন পদার্থকে ইক্সিয় বলা উচিত যে, যে পদার্থ চক্ষু-র্গোলকে অধিষ্ঠিত থাকিয়া গোলক হইতে অবিচ্ছিন্ন রূপে প্রসর্ণিত হইয়া দূরস্থ বস্তুর সহিত সংযুক্ত হইতে পারে। *

" দে পদার্থ কি ? "—এই প্রশ্নের উত্তরে নৈয়ায়িক বলেন, সে পদার্থ ভৌতিক অর্থাৎ তেজ বিশেষ। সাংখ্যকার বলেন, সে বস্তু

^{* &}quot;नाप्राप्तपायकत्वनिन्द्रियाणामप्राप्तेः सर्व्वदा प्राप्तिक्वा " " दूरवसुनः सम्बन्धार्थं गोखकाश्विरिक्तनिन्द्रियं वाच्यं " " तक्र भौतिकं "—(क्रिन, चात्र्मां ७ ७ विक्रानिक अवृधि ।)

আহম্বারিক অর্থাৎ অহং তত্ত্বের পরিণাম বিশেষ। চক্ষু ও চাক্ষজ্ঞান সম্বন্ধে নৈয়ারিকদিগের মত ও প্রক্রিয়া এইরূপ—

"কৃষ্ণসার যন্ত্রে এক প্রকার রশ্মি আছে, তাহাই চক্ষুরিন্ত্রির নামে অভিহিত হয়। ঐ রশ্মি, সম-স্ত্রপাত-ক্রমে ধারাকারে ও অবিচ্ছিন্ন-ভাবে কৃষ্ণসার হইতে বিনিঃস্ত[®]হইরা সন্মূথস্থ বস্তর সহিত সংযুক্ত হয়। সংযোগ হইবা মাত্র আত্মাতে "ইহা অমুক বস্তু " ইত্যাকার জ্ঞান সমূৎপন্ন হয়। পরস্ত দীপালোক যেমন চক্ষুমান্ ব্যক্তির সম্বন্ধেই বস্তু প্রকাশ করে, অচক্ষু ব্যক্তির সম্বন্ধে করে না, সেইরূপ রশ্মিমর চক্ষুরিন্ত্রিয়ও মনঃ-সংযুক্ত ইহয়া রূপবিশিষ্ট বস্তু প্রকাশ করে, অন্যথা করে না। রূপহীন বস্তু বা অমনোযুক্ত চক্ষুঃ, চাক্ষুয়জানের অন্ধিকারী। ক্ষুন, মনঃসংযোগ ব্যতীত কোন ইন্দ্রির দ্বারা জ্ঞান জন্মে না। *

এই মত নৈয়ারিকদিগের। সাংখ্য মত অন্যবিধ। সাংখ্যাচার্যাদিগের মত এই বে, ইন্দ্রির সকল ভৌতিক নহে; উহা আহঙ্কারিক। বিশেষতঃ চক্ষ্রিন্তির কোনক্রমেই ভৌতিক হইতে পারে না।
কারণ, চক্ষ্ আপন অপেক্ষা ন্যুন বস্তু গ্রহণ করে, আবার বহৎপরিমাণবস্তুও গ্রহণ করে। চক্ষ্রিন্তির যদি ভৌতিক হইত, তাহা
হইলে সে কদাচ বৃহৎপরিমাণ বস্তুকে গ্রহণ করিতে পারিত না।
কারণ, কোন অল্পরিমিত ভৌতিকবস্তুকে কোন বৃহৎ পরিমাণ বস্তু

[&]quot;रामार्थसितिकषीत् तदग्रस्यं" "रामगेषिकाविक्यं तेजः" "रामगेषिकाविक्यं तेजः" "रामगोषिकाविक्यं प्रति तयानःसंयोग एवहेतः" (গৌতম ও विश्वनाथ প্রভৃতি)। ছই চকুর ছই কৃষ্ণার হইতে ছইটি রঞ্জিধারা নির্গত হইয়া তহভরের অপ্রভাগ দৃশ্যবস্তুতে গিয়া দক্ষিলিত হয়। একটি চকু মৃদিত করিলে অথবা নই অইলে অপর, চকুর বলবৃদ্ধি হয় ও ডরির্গত রশ্মি কিঞ্চিৎ বিশীর্ণ ভাবে প্রসর্পিত হয়।

ै ব্যাপিতে দেখা যায় নাই। বিশেষতঃ ভূত পদার্থের এমন কোন শক্তি নাই যে, সে তদ্ধারা বিনা বিভাগে দূরস্থ বস্তুর সহিত সন্মিলিত হইতে পারে। যদাপি তেজের ঐরপ শক্তি থাকা করনা কর, কেন না সর্মদাই দেখিতে পাইতেছ যে, ক্ষুদ্র ক্ষুদ্র দীপগুলি 'প্রভা'রূপে দ্র প্রদৈশে গমন করিতেছে এবং আশন অপেক্ষা অধিক পরিমাণযুক্ত বস্তকেও ক্রোড়ীক্বত করিতেছে; তথাপি, তন্মধ্যে একটু স্কা দৃষ্টি পরিচালন করা আবশ্যক। নির্ণয় কর দেখি 'প্রভা' বস্তুটি কি ?— 'প্রভা' বস্তুটি আব কিছুই নয়, কেবল কতকগুলি বিরল অবয়ব তৈজস-্পরমাণু মাত্র। স্ক্র-তৈজস পরমাণুর ঘনতমসংযোগ হইলে অধি, আর বিরল ভাব ধারণ করিলে প্রভা; অগ্নিও প্রভার এইমাত্র প্রভেদ। এখন বিবেচনা কর, যে সকল আগ্নেয়-পরমাণু দীপ শিখা (প্রশীভূত আপ্রেয়-পরমাণ্) হইতে বিশ্লিষ্ট হইয়াছে, পরস্পর বির্শভাবে দ্র প্রদেশে চলিয়া গিরাছে, তাহাদিগের সহিত দীপের বা তাহাদের পরস্পরের সংযোগ আছে কি না ; 'নাই' একথা অবশা বলিতে হইবে। ना विनित्न, "मार जनात्र ना किन ?"-रेंगामि ज्ञानकिष जापिछ উথিত হইবে। অতএব দীপের দৃষ্টান্তে ইহাও স্বীকার করিতে হইবে যে,ক্ষুণার হইতে যে সকল রশ্মি চলিয়া গিয়াছে, তাহাদিগেরও পর-স্পারের সহিত পরস্পারের এবং ক্লফসারের আর সংযোগ নাই। যদ্যপি না বল, ধারার ন্যায় সম্প্রদারণ শক্তি থাকা স্বীকার কর, তাহা হইলেও অভীষ্টসিদ্ধি হইবে না। অপদর্পণ দেথিয়া চক্ষ্কে তৈজদ কর্মনা করিতেও পারিবে না। যেহেতু, ওরূপ অপদর্পণ শক্তি অনা পদার্থেরও আছে। প্রাণ-বায়ু যে অবিচ্ছিন্ন থাকিয়া অর্থাৎ দেহ ত্যাগ না করিয়াও প্রসর্গিত হয়, তাই বলিয়া কি চক্ষকে বায়বীয় কল্পনা করিবে ? অতএব চক্ষ্রিস্তিয়ের ভৌতিকত্ব পক্ষ অতি চ্র্বল, আহঙ্কারিক পক্ষই প্রবল।

ইন্দ্রিরের ভৌতিকত্ব পক্ষ যেরূপ সহজ্ঞ বোধা, আহম্বারিক পক্ষ দেরূপ নহে। এপক্ষে কিঞ্চিৎ স্ক্র দৃষ্টি ও একাগ্রতার আবশ্যক। বিবেচনা কর, যাবংরুদ্ধিবৃত্তির মূল অহংভাব। সমস্ত বৃদ্ধিবৃত্তিই: অহংভাবের পরিণাম। কেন না, এজগতে যত প্রকার বিশেষ বিশেষ জ্ঞান উপস্থিত হইতে দেখা যায়, তত্তাবতের সঙ্গে, 'আমি' বা 'আমার' এবস্প্রকারের অহংভাবে অন্নস্থাত আছে। যদ্যপি স্থল বিশেষে অনেক সময়ে অহংভাবের জ্ঞাপক 'আমি' বা 'আমার' ইত্যাদি প্রকার শব্দের স্পষ্টত উল্লেখ হয় না; তথাপি তাহার অভ্যন্তর-মূলে উহা নিহিত আছে সংশয় নাই।

হিন্দারে, 'অ' এই বর্ণটিকে সকল বর্ণের বীজ বলিয়া নির্দারিত আছে; যেহেতু ঐ 'অ' সমুদার শব্দের অভ্যন্তরে বা মূলে নিহিত আছে। কি প্রকারে ? প্রণিধান কর। কোন বংশীতে ফুৎকার প্রদান করিবা মাত্র তন্মধ্য হইতে প্রথমতঃ একটি অবিকৃত সরল শব্দ সম্থিত হয়। অনস্তর সেই শব্দ অঙ্গুলির চাপে বিকৃত হইয়া নানা আকার ধারণ করে। সেই সকল বিকৃত স্বর স-রি-গ-ম ইত্যাদি নামে প্রাসিদ্ধা । মানববাক্যপ্ত এই বাংশিক নিনাদের তুল্য নিয়মাক্রাস্ত। প্রাণিদিগের প্রথমতঃ জার্সরাম্নি ও প্রাণ-বায়ুর সহযোগে উদর কব্দর হইতে তত্ত্বের অভিযাত জন্য একটা অবিকৃত সরল শব্দ উৎপন্ন হইয়া থাকে। সেই বিশুদ্ধ সরল শব্দটির নাম নাদ। এই নাদই ভবিষ্যংধ্বনি সমুদারের বীজ। যতক্ষণ না উহা গলগছবরে উপস্থিত হয়, ততক্ষণ তাহা প্রবণ-

[&]quot; न तेनीऽपसर्पवात्तेज्यः चन् कृत्तितसत्सिष्टः।" (क्शिन एक)

रवाना रव ना। (मर्क वित्मरव नात्मत উৎপত্তি द्वान **উদরক**न्मत, मक বিশেষে কষ্ঠনাল।) সেই নাদ বা ধ্বনি-বিশেষ প্রযন্তুপ্রেরিত তাপ-সংযুক্ত ওদর্য্য বায়ুর বলে গলগহনের অভিঘাতিত হইলে পর যে আকার প্রাপ্ত হয় সেটি 'অ'। এই 'অ' পশ্চাৎ প্রযত্ন অমুসারে কণ্ঠ ও তালু প্রভৃতির দ্বারা বিক্কত হইয়া 'আ' ঠেই' 'উ' 'ক' 'থ' প্রভৃতি বর্ণের উৎপত্তি করে, স্থতরাং ঐ 'অ'–ই সকল বর্ণের বীজ। 'অ' যেমন সমুদায় বর্ণের বীজ, সেইরূপ, অহংতত্ত্বও যাবৎ বিশেষ বিশেষ জ্ঞানের বীজ। 'অহং' অর্থাৎ 'আমি' এই জ্ঞান হইতে 'আমার'—'আমার' ্এই জ্ঞান হইতে 'অমুক' ইত্যাদি। অতএব 'অহং'-জ্ঞান অবিক্লত, আর তংপরভবিক জ্ঞান সমস্ত ইন্দ্রিয় দ্বারা বিক্কৃত এবং সে সকল জ্ঞाন অহং-সংযুক্ত ইক্রিয়ের বিকার মাত্র। যাবৎ বিশেষ বিশেষ জ্ঞানের উপাদান (মূল কারণ) যথন ইক্রিয়, তথন অবশ্যই ইক্রিয়নিচয় আহম্বারিক অর্থাৎ অহংতত্ত্বের পরিণাম-বিশেষ হইবে। ইন্দ্রিয় যদি আহংকারিক নিশ্চয় হইল, তবে তাহাকে অমুভব করিতে হইলে বৃদ্ধি-স্থলাভিষিক্ত করিয়া অন্থভব করিতে হইবে। কেননা বৃদ্ধির <u>जवाा भा भार्थ कार्र्ड नार्रे। जार्रकातिक रेखिया ए जाभन</u> অপেক্ষা বৃহত্তম বস্তুকে ক্রোড়ীকৃত করিতে পারে, তাহা কেবল বৃদ্ধির ञ्चानीय वित्राहे भारत ।

একণে সাংখ্য মতের আহংকারিক চক্ষু যে প্রণালীতে বস্তু প্রহণ করে, তাহা প্রদর্শিত হইতেছে, মনোযোগ কর।—

চাক্ষপ্রক্রিয়া পক্ষে কপিলের অন্তর্গভিপ্রায় কি ? তাহা ঠিক্ বলা যায় না। পরস্ক আচার্য্যদিগের বিভিন্ন অভিপ্রায় দৃষ্ট হয়। কোন আচার্য্য শক্তিবাদী, —কেহ বা শক্তি সহক্ষত-বৃত্তি বাদী। শক্তিবাদী আচার্য্যেরা বলেন, "রুঞ্চনারের এক প্রকার বিষয়-গ্রাহিণী শক্তি আছে,—তাহাই চক্ষ্রিক্রির শব্দের বাচ্য। আমরা যাহা দেখি, তাহা দৃশ্যমান বস্তুর প্রতিবিশ্ব মাত্র। রুঞ্চনার যথন স্বীয়-শক্তিতে আপনার স্বচ্ছাংশে বস্তুর প্রতিবিশ্ব গ্রহণ করে, তথনই জ্ঞান হয় ''ইহা অমুক বস্তু''। *

वृद्धिवानी मच्छ्रामाय वर्णन, " कृष्णमात यनि देखिय ना दय, उदव তাহার শক্তিও ইন্দ্রিয় নহে। বল দেখি শক্তি পদার্থ-টি কি ? স্বতম্র ? কি কাহারও অমুগত ? বিচার করিতে গেলে স্পষ্টই প্রতীত হইবে ষে শক্তি, রূপ-প্রভৃতির ন্যায় সেই সেই বস্তুর অধীন অর্থাৎ গুণ-পদার্থ। গুণ, কোন ক্রমেই আপনার আশ্রয় ত্যাগ করিয়া অন্যত্র সংগত হয় না স্তরাং শক্তিও আশ্রয় চাত হইয়া দূরে প্রস্থিত হয় না। বি শেষতঃ দ্রবা ভিন্ন অনা কোন পদার্থে ক্রিয়া জন্মেনা। ক্রিয়া না জিয়ালেও বস্তুর চলন হয় না। যদি শক্তিক্ষেত্রে ক্রিয়া বা চলন না হয়, তবে সে দ্রস্থ-পদার্থের সহিত কিরূপে সংযুক্ত হইবে ? মনে কর, অগ্নির দাহিকা শক্তি আছে, জলের শৈত্য গুণ আছে, পুশের সৌরভ আছে.—কিন্তু দাহিকা শক্তি, শৈতা গুণ, সৌরভ, ইহারা কি অগ্নি, জল, ও পুষ্প পরিত্যাগ করিয়া যায় ? কথনই না। তবে যে আমরা দূর হইতে তাপ বা ক্ষুলিঙ্গ শৈত্য বা সৌরভ আসিতে দেখি, তাহা কেবল গুণ বা শক্তি নহে, সকলই আপন আপন আশ্রয় দ্রব্যের পরমাণু সহযোগেই আইদে। যদি, অগ্নি পিণ্ড হইতে ক্লুলিকের ন্যায় কুষ্ণসার হইতে শক্তিও বিভক্ত হইয়া বিষয় প্রদেশে চলিয়া যার

^{*} এই মতটি কপিল সূত্র হইতে স্পষ্টত উদ্ধার করা যার না। তবে বে, কোন কোন আচার্য্য ঐরূপ বলিয়াছেন, বোধ হর ''শক্তিক্লেদেণি ভেদসিন্ধৌ "— এই স্তাটিই তাহার বীজ। যাহাই হউক, এই মতটি সাধারণতঃ প্রচলিত নহে।

এমত বল, তাহা হইলে আর মনের সহিত ইন্দ্রিয়ের বা বিষয়ের সম্পর্ক থাকে না। মনের সহিত সম্বন্ধ ব্যতিরেকে জ্ঞানোৎপত্তিও হইতে পারে না। অতএব গোলক বা শক্তি, উভয়ের কেহই ইন্দ্রিয় নহে। *

বৃত্তিবাদী সাংখ্যাচার্য্য শক্তিবাদীকে এই প্রকার দোষ প্রদান করেন বটে, কিন্তু সেই শক্তিকে যে ব্রিষর প্রদেশে যাইতে হইবে, বোধ হয় তাঁহাদের এরপ অভিপ্রায় নহে। শক্তিবাদীদিগের অভিপ্রায় এইরূপ হইতে পারে যে, সে শক্তি চুম্বকের আকর্ষণ শক্তির ন্যায় স্বস্থানে থাকিয়াই কার্য্য অর্থাৎ বস্তুর প্রতিবিম্ব গ্রহণ করে। +

এই মতের চাক্ষ জ্ঞানোৎপত্তির প্রক্রিয়া এই রূপ-

মনে কর,একটি বৃক্ষ ও ক্লক্ষ্যার যন্ত্র পরস্পর সামুখীন হইয়াছে।
মধ্যে শক্তি প্রতিবন্ধক বাবধান নাই। এমত হইলে, চুম্বক ও লৌহ
পরস্পর সমুখীন হইবা মাত্র লৌহ-শরীরে যেমন এক প্রকার বিইন্ত
অর্থাৎ ক্রিয়াবিশেষ উপস্থিত হয়,অনন্তর চুম্বকের আকর্ষণ শক্তি প্রবল
বা কার্য্যোন্মুখী হইয়া লৌহকে স্বাভিমুখে আকর্ষণ করে, তৎপ্রভাবে
লৌহথও আকৃষ্ট হইয়া চুম্বকের সহিত সংগত হয়, এই রূপ, ক্লফ্যার
যন্ত্র ও বৃক্ষ উভয়ের সামুখ্য হইবা মাত্র ক্লফ্যার যন্ত্র-টি বিইন্তিত
হইয়া প্রতিবিশ্বগ্রাহিণী শক্তিকে কার্য্যোন্মুখী করিল এবং তংক্ষণাৎ
বৃক্ষটির প্রতিবিশ্ব আকৃষ্ট হটুয়া ক্লফ্যান্রের স্বচ্ছাংশে গর্ভন্থ ভৌতিকপদার্থ-বিশেষের বলে ধৃত করিল। সঙ্গে তদমুগত বৃদ্ধি-বৃত্তিও

 ^{* &}quot;भागगुबास्तत्तृ नरं" "विभागे हि सति तहारा चसुषः
 सूर्यादिसम्बन्धी न घटते, गुबलेच सर्पवास्त्रियात्त्रपण्णेय " (छाष्)

^{† &}quot;भधवार्धप्रतिनिन्धीद्यइषमेवार्धप्रकाशकलमिन्द्रधाणां " (ভाग) " प्रतिविन्धीद्याहिन्धै श्रक्तिरेव " " भयस्तान्तवत् साविध्यमावेण तथालं " (वाहल्लाकि-कहीका) "क्रणसारार्थयोः सामुख्यमपेचते।" [গাগাভট]

বৃক্ষাকারে পরিণত হইল। নিকটে আত্মা আছেন, সেই বৃক্ষাকার। वृक्षि-वृद्धि आयटे हिल्ला প্রতিফ্লিত বা উজ্জ্বিত হইবা মাত্র জ্ঞান হইল " এই বৃক্ষ, '' বৃক্ষটির প্রতিবিশ্ব যেরূপ হইয়াছিল, জ্ঞানের আকারও ঠিক্ সেই রূপ হইল। পরিমাণ, রূপ, শাখা, কাণ্ড, পত্র প্রভৃতি সমৃদয় বিশেষণ [ভঙ্গী বিশেষ] গুলি যুগপৎ ভান [ছাপ লাগার মতন] হইল। এইরপে অভঃকরণ একবার যে আকারে পরিণত হয়, অন্তঃকরণের তদবধি সেই আকারে পরিণত হইবার এক অন্তুত শক্তি জন্মে এই শক্তির নাম সংস্কার। এই সংস্কার চিরস্থায়ী অর্থাং বত কাল অভঃকরণ, তত কাল স্থায়ী। যে কোন প্রকারে হউক, একবার জান হইলে [অর্থাৎ অন্তঃকরণে একটা বস্তুর ছাপ লাগিলে] তাহার সংস্কার অর্থাৎ অন্তঃকরণের সেই আকারে পুনঃ পরিণত হইবার শক্তি চিরকালই থাকে। যখন যখন সেই সেই শংস্কারের উদ্বোধক উপস্থিত হইবে তথন তথনই অন্তঃকরণ সেই সেই আকার ধারণ করিবে। এই কারণে, বৃক্ষের অভাব হইলেও--চকুঃ निमीनि कतिरन ९-- প্রতিবিষের ধ্বংস হইলেও-কালাস্তরে বা দেশান্তরে অবস্থিত হইলেও সেই পূর্ব্ব দৃষ্ট বুক্ষের স্বরূপটি বা ছায়াটি সংস্কার বলে অন্তঃকরণে পুনরুদিত হইয়া থাকে। ইহারই নাম স্বৃতি বা স্মরণ। এই স্মরণাত্মক জ্ঞানের সহিতু প্রথমোৎপন্ন প্রমাজ্ঞানের প্রভেদ এই যে, মরণাম্মক জ্ঞান সংস্কার বলে উদিত হয়, আর প্রথমোৎ-পর প্রনাজ্ঞান সাক্ষাৎ ইন্রিয় দারা সমুৎপর হয়। যাহা সাক্ষাৎ ইন্দ্রিয় দারা উৎপন্ন হয় তাহা স্থস্পষ্ট, আর যাহা সংস্কার বলে দৃষ্ট হয়, তাহা অস্পষ্ট, যথা স্বপ্ন দর্শন। শক্তিবাদী সংখ্যাচার্য্যদিগের দৃষ্টি-विकान এইরপ।

বুত্তিবাদিদিগের মতও এইরূপ বটে, কিন্তু তাঁহারা দূরত্ব বস্তুর প্রতিবিম্ব গ্রহণের নিমিত্ত বিম্বস্থান পর্যান্ত অন্তঃকরণের গতি স্বীকার করেন। দৃষ্টাস্ত দেখান, যেমন কোন পার্থিব বস্ততে [কাঠে বা প্রস্তরে] বিমর্দ্ধ উপস্থিত হইলে তদমুগত তেজঃ পদার্থ অগ্নির আকার ধারণ করিয়া দূরে প্রদর্পিত হয়, সেই রূপ, রুঞ্চদার যন্ত্র বিষ্টিন্তিত হইবা মাত্র তদমুগত আহলারিক অন্তঃকরণ বৃতিমান্ হয়, অর্থাৎ প্রাণ-বায়ু বেমন আয়ত হইয়া অবিচ্ছিন্নভাবে বহির্গত হয়, তাহার ন্যায়, অন্তঃ-করণও বিষ-স্থান পর্যান্ত প্রসপি ত হয়। শক্তিবাদী সাংখ্য অপেকা বৃত্তিবাদীর মত এই টুকু মাত্র অতিরিক্ত, নচেং আর সকলই সমান। ফল, অন্তঃকরণের বিষয়াকার প্রাপ্ত হওয়া, আত্ম-ট্রচতনো উদ্ভাগিত হওয়া, অনন্তর তাহা আত্মাতে প্রতিফলিত হওয়া পর্যান্ত সমন্ত ব্যাপারকে সাংখ্য শান্ত্রে প্রমা, প্রমিতি, জ্ঞান, বোধ, ফল, ইত্যাদি নানা নামে ব্যবহার হইয়া থাকে। পরস্ত চাকুষ প্রমা বা চাকুষজ্ঞান কথিত বিধ প্রণালী ক্রমেই সম্ৎপন্ন হয়। উক্ত প্রণালীর কোন প্রকার ব্যাঘাত বা ব্যতিক্রম ঘটনা হইলে জ্ঞান জন্মে না। যদি জরে, তবে তাহা বিপ্র্যায় বা ভ্রম জ্ঞান। সেই বিপ্র্যায় জ্ঞানের নাম মিথ্যা জ্ঞান, ভ্রম, আরোপ, অজ্ঞান ও অবিদ্যা। কপিল ও কপিল মতের আচার্য্যেরা এই সকল বিষয় বৃদ্ধ বিস্তার করিয়া বলিয়াছেন. আমরা তদপেকা অনেক সংক্ষেপে বলিলাম। *

^{* &}quot;वृत्तिः सन्वन्धार्थं समिति'' (किलिन) "यथा पाथिनोपष्टभात् तदनुगता चैजसोऽग्रिमंनति एनमेन तनत्य तेज पादि भूतोपष्टभोन तदनुगतादहङ्कारा-मजुरिन्द्रियाणि—''(छात्रा) ''चनुरिह्हारक बृहिहत्तिम प्रदीपख शिखातुल्या नाम्चार्थसिन-कर्षानन्दरीन तदाकारीक्षेषिनी भनति।" (छात्रा)

এস্থলে আরও ছই চারিটি সিদ্ধান্ত বাকা বলা আবশাক ইইতেছে। ভদয়থা—চাকুৰ প্রভাকে বাছ-আলোকের সাহায্য অপেকা করে এবং বস্তুতে অভিব্যক্ত রূপ ও বৃহত্ব থাকা আবশ্যক। কাচ প্রভৃতি স্বচ্ছ পদার্থ ভিন্ন অন্য কোন মলিন পদার্থ ব্যবধান না থাকা উচিত। ৰস্তুর সর্বাশরীর প্রত্যক্ষের বিষ্ণুয় নহে, সমুথের অদ্ধ প্রত্যক্ষের বিষয়। অপরাদ্ধ মহুমেয়। গোলক ছুইটি হইলেও ইক্রিয় একটি। অতি দূরত্ব প্রভৃতি নব বিধ প্রতিবন্ধক না থাকাও আবশ্যক। তদ্ ষণা—পক্ষী অতি দৃরে উঠিলে প্রত্যক্ষ হয় না। লোচনস্থ অঞ্জন বা নাসামূল অতিসমীপ্য বশতঃ প্রত্যক্ষ হয় না। গোলক বা ইন্দ্রিরের কোন প্রকার ব্যায়াত জন্মিলে প্রত্যক্ষ হয় না। বিমনা হইদেও উপ-লিকি হয় না। প্রমাণু অতি হক্ষ বলিয়া দেখা যায় না। সৌরা-লোকে অভিভূত হয় বলিয়া দিবাতে গ্রহ নক্ষতের উপলব্ধি হয় না। স্বজাতীয় বস্তব্য় একত্রিত হইলে, তাহার প্রত্যেকটি লক্ষ্য হয় না। কাঠনধ্যে অগ্নি আছে, হ্গ্ধ মধ্যে দধি আছে, স্থতও আছে, কিন্তু যাবৎ না তাহা অভিব্যক্ত হয়, তাবৎ প্রত্যক্ষ হইবে না l অভএব অভি- ' দূরত্ব, অতিসামীপ্য, ও ইক্রিয় বা গোলকের অবহতি বা কোন প্রকার বিকার ঘটনা হওয়া, অমনোয়োগ, অতিস্থা, অভিভব, সজাতীয় বস্তুর সন্মিলন, অনভিব্যক্তঝ্য,—চাকুষ জ্ঞানের প্রতি এই নববিধ প্রতিবন্ধক আছে *। এই সকল প্রতিবন্ধক যে কেবল প্রত্যক্ষের নিবৃত্তিজনক এমত নহে, স্থল বিশেষে উহার কোন কোনটি বিপর্যায়েরও জনক হইরা থাকে।

^{* &}quot;सतिह्रात्सामाप्यादिन्द्रियविचान्यमीऽनवस्थानात्। सीद्यात् व्यवचानात् समानाभिष्टारा द्व १' (त्रेषतक्ष)

এই রূপ শাস্তের নানা স্থানে নানা প্রকার চাকুষ জ্ঞানের কথা বার্ত্তা আছে। কাচ প্রভৃতি স্বচ্ছ পদার্থ ব্যবধান থাকিলে দেখা যায়, আর মলিন পদার্থ থাকিলে দেখা যায় না, ইহার কারণ কি ?—আদর্শে দর্শন কালে বস্তু বিপরীত ক্রমে দৃষ্ট হয় কেন ?—নদী তীরস্থ বৃক্ষকে অধঃশির দেখা যায় কেন ?—উপিরিষ্ণ চক্র স্থ্যাদির প্রতিবিদ্ধ জলের উপর ভাসমান না দেখাইয়া মধ্য-নিমগ্ন অর্থাৎ ভৃবিয়া থাকার ন্যায় দেখা যায় কেন ?—কত দ্র, কত সামীপ্য, কত স্ক্র্ম, কত স্থা বস্তুর যথার্থ দর্শন হয়, কোথা হইতেই বা ব্যতিক্রম আরম্ভ হয়, এই সকল বিষয় নানা শাস্ত্রের নানা স্থানে থাকিলেও তাহা সাঞ্যামুগত নহে বিবেচনায় পরিত্যাগ করা গেল।

আধ্যাসিকজ্ঞান বা ভ্রম-জ্ঞান।

প্রমাজানের লক্ষণ বলা হইয়াছে। তৎসঙ্গে ভ্রম-জ্ঞানেরও লক্ষণ নির্দেশ করা হইয়াছে, আর তাহা বিস্তার করিবার আবশ্যক নাই। ফল, ভ্রমজ্ঞানের সাধারণ লক্ষণ এই যে, এক প্রকার বস্তুতে জন্ম প্রকার জ্ঞান হওয়ার নামই ভ্রম। ইহাই শ্বরণ থাকিলে যথেষ্ট হইবে। অধ্যাস, আরোপ, অবিবেক-প্রভৃতি ইহার নামান্তর মাত্র।

দর্শনশান্তে ভ্রমের উৎপত্তি ও নির্ত্তির কারণ এবং তাহার অবান্তর প্রভেদ প্রভৃতি যেরপ নির্ণীত হইরাছে, তাহাই এক্ষণকার বক্তবা। সাজ্যা এবং বেদান্ত বলেন, ভ্রম-জ্ঞান মিথ্যা হইলেও তাহার কোন না কোন ফল আছে। রজ্জ্ব-সর্প দেখিলে তদনন্তর ভর জন্মে, কম্পও জন্মে। পিপাসার্ভ ব্যক্তি মৃগত্ফিকার প্রতারিত হইরা পানীর আহরণে ধাবিত হইরা থাকে। যদ্যপি ভ্রম-মাত্রই মিথ্যা বা অসহত্ত-অবগাহী, তথাপি তাহার কোন না কোন ফল আছে কিন্তু

ভাহা সর্বত্তি সমান নহে। ভিন্ন ভিন্ন ভ্রমের ভিন্ন ভিন্ন ফল ও প্রভাব দৃই হয়। সেই ফলভেদদৃষ্টে ভ্রম-জ্ঞানেরও শ্রেণী ভেদ কর্না করা যায়। প্রথমতঃ সোপাধিক ও নিরুপাধিক ভেদে হই প্রকার। অনন্তর উক্ত উভর বিধের মধ্য হইতে সম্বাদী, বিসম্বাদী, আহার্য্য ও ঔপাধিক-আহার্য্য, এই চারি প্রকার জাতি কর্না করা হইরা থাকে।

সোপাধিক ভ্রম—যদি ছই বা ততোধিক বন্ধ পরস্পর সন্নিহিত থাকে, আর সেই, সন্নিধান বশতঃ এক বন্ধর গুণ বা কোন প্রকার ধর্ম অন্থবন্ধতে মিথ্যা বা সত্য ভাবে সংক্রান্ত হয়,তাহা হইলে, যাহার গুণ অন্যত্র সংক্রান্ত হইতেছে, তাহাকে 'উপাধি,' আর যাহাতে সংক্রান্ত হইতেছে তাহাকে 'উপহিত' সংজ্ঞা দেওয়া হয়। যে স্থলে উক্ত প্রকার উপাধির সংসর্গ বশতঃ একপ্রকার স্বভাবাপন্ন বন্ধ অন্যপ্রকারে পরিদৃষ্ট হয়, সে স্থলে সোপাধিক ভ্রম। ফটিক স্বভাবতঃ স্বচ্ছ ও গুত্রবর্ণ; কিন্তু কথন কুখন কোন রঞ্জক পদার্থের সন্নিধান বশতঃ উহা পীত বা লোহিত বলিন্না প্রতীত হইয়া থাকে। সেই প্রতীতি [ফটিক রক্তবর্ণ এই রূপ প্রতীতি] ভ্রম। তত্রত্য উপাধি (রঞ্জক বন্ধ) তৎকালে প্রত্যক্ষ পোচর হউক বা না হউক, "রক্তবর্ণ-ফটিক" এই জ্ঞান ভ্রম এবং তাহাই সোপাধিক-ভ্রম।

নিকপাধিক ভ্রম—বে স্থাল উক্ত কোন প্রকার উপাধির সরি-ধান নাই, অথচ অনাথা জ্ঞান [বস্তুর স্বরূপ এক প্রকার—জ্ঞান হয় অন্য প্রকার] হয়, সে স্থলে নিরূপাধিক ভ্রম। যথা, নীল-আকাশ। বস্তুত: আকাশের কোন বর্ণ নাই, অথচ নির্ভ্র অবস্থাতেও আকাশ বেন প্রগাঢ় নীলবর্ণ বলিয়া বোধ হয়। অতএব আকাশে নীলিমা জ্ঞান ভ্রম এবং তাহা নিরূপাধিক-ভ্রম। সম্বাদী ও বিসম্বাদী ভ্রম—ভ্রম-প্রবৃত্ত ব্যক্তি, অভীষ্ট লাভে বঞ্চিত হয় ইহা স্থির সিদ্ধান্ত। কিন্ত কথন কথন কাকতালীয় ন্যায়ে ভ্রম জ্ঞান নকণ হইয়াও থাকে। যে স্থলে ভ্রম-জ্ঞানে কল লাভ হয়, সেস্থলে তাদৃশ ভ্রমের নাম সম্বাদী ভ্রম। আর যে স্থলে কললাভে বঞ্চিত হওয়া যায়, সেস্থলের তাদৃশ ভ্রম বিসম্বাদী। এই বিসম্বাদী ভ্রমই প্রায়—সম্বাদী ভ্রম কলাচিৎ দৃষ্ট হয়।

মনে কর, কোন এক বাক্তির দূর হইতে বাস্পেতে ধুম ভ্রম জিমিয়াছে। অনন্তর সেই ভ্রান্ত-বাক্তি তৎপ্রদেশে অগ্নির অন্তিম্ব অন্থমান
করিয়া, অগ্নি-আহরণার্থে উপস্থিত হইল এবং দৈবাৎ তথায় অগ্নি প্রাপ্ত
হইল। এমত স্থলে, ঐ ভ্রান্তব্যক্তির ধুম-ভ্রম সম্বাদী হইয়াছে। যদি
সে অগ্নি প্রাপ্ত না হইত, তাহা হইলে তাহার সেই ধূম ভূম বিদমাদী হইত।

আহার্যা ও ঔপাধিক-আহার্য্য ভুম--্যর পূর্বক এক প্রকার বস্তুতে অন্য প্রকার জ্ঞান সম্পাদন করার নাম আহার্য্য ভুম। যথা, মৃৎপিণ্ডে দেবতা বৃদ্ধি [দেব দেবীর প্রতিমায় দেবত্ব বৃদ্ধি সম্পাদন করিয়া পূজা করা] এবং রেথাতে অক্ষর বৃদ্ধি। এই আহার্য্য-ভূমের জঠরে ভারতবর্ষীর ধর্মশান্তের জন্ম। সাংখ্য শাস্তের উপাসনা কাওও ইহার অধীন।

উক্ত লক্ষণাক্রান্ত আহার্য্য-ভূম যদি কোন উপাধি অবলম্বন করিয়া সম্পাদিত হয়, তবে তাহাকে ঔপাধিক-মাহার্য্য বলে। য়থা, চক্ত এক, কিন্ত অঙ্গুলি দ্বারা নেত্র-প্রান্ত চাপিয়া দেখিলে, চক্ত ছই বা তত্রোধিক দেখা যায়। আকাশে নেঘ নাই, অথচ বিদ্যা-বলে [ঐক্তরালিক] তৎক্ষণাৎ সবিভাৎ স্তন্মিক দর্শন হইল। ক্ষুত্রতম অক্ষর বা বৃহত্তম পর্বতিকে কাচ-বিশেষের সংসর্গে বৃহত্তম বা কুজভম আকারে অবলোকন করা, ইত্যাদি নানা প্রকার উপাধিক আহার্য্যের উদাহরণ হল আছে। কি ঐক্রিয়ক জ্ঞান, কি যৌক্তিক জ্ঞান, কি ঔপদেশিক জ্ঞান, —সর্ব প্রকার জ্ঞানের অন্তরালে উক্ত প্রকার শত ভূম লুক্কায়িত আছে। ক্তরাবতের নিবৃত্তি না হইলে প্রকৃত মঙ্গলের আশা করা যাইতে পারে না।

ভমোৎপত্তির কারণ ও তাহার নিবৃত্তির উপায়।

ভ মোৎপত্তির কারণ প্রধানতঃ তিনটি। দোষ, সম্প্রয়োগ ও সংস্কার বা শ্বরণ।

দোষ—দোষ নানা প্রকার। নিমিত্তগত দোষ, কালগত দোষ ও দেশগত দোষ। নিমিত্তগত দোষ এই যে, যে ইন্দ্রিয় যে প্রত্যাক্ষের জনক, সেই ইন্দ্রিয় কোন প্রকার ছ্ঠপদার্থে কলুষিত থাকা। চাক্ষ্ব-প্রত্যাক্ষের জনক চক্ষ্ণ, সেই চক্ষ্ণঃ যদি পিত দোষে বিক্রত হয়, তবে অতিখেত বস্তুও হরিদ্রাবর্ণ দেখায়। সন্ধ্যাদি কালের মন্দান্ধকার প্রভৃতি কাল দোষ। অতিদ্রত্ব অতিসামিপ্য প্রভৃতি, দেশগত দোষ।

সম্প্রোগ, সম্প্রয়োগ শব্দের অর্থ এন্থলে এইরপ বৃঝিতে হইবে যে; যে বস্ততে ভূম জন্মে, সেই বস্তর সর্কাংশ ক্রি না হওয়া, অর্থাৎ কোন এক সামান্যাংশ মাত্রের প্রকাশ পাওয়া।

সংক্ষার, সংক্ষার শব্দে এথানে সদৃশ বস্তুর স্মরণ ব্ঝিতে ইইবে।
কোন কোন মতে সংক্ষারের পরিবর্ত্তে সাদৃশ্যকেই ভূমোৎপত্তির
প্রধান কারণ বলিয়া বর্ণনা আছে। তাঁহাদের স্মৃতিপ্রায় এই যে,
বস্তুর কোন এক সংশে সাদৃশ্য না থাকিলে ভ্রম জন্মিতে পারে না।

রজ্জুতে দর্শ ভূমই জন্মে, ব্যান্ত ভূম জন্মে না ; অতথব কোন প্রকার সাদৃশ্যবান্ বস্তুতেই দোষ বা সম্প্রয়োগ উপস্থিত হইলে ভূম জন্মে।

মনে কর, যেন একস্থানে কতকগুলি লোক উপবিষ্ট আছে। ত-ন্মধা হইতে হটাৎ একব্যক্তি 'ঐ রৌপ্য' বলিয়া ধাবিত হইল। অন্যান্য ব্যক্তিরা দেখিল, সে যাহার জনা দেড়িয়াছে তাহা রূপা নহে, তাহা শুক্তিখণ্ড। ভান্তব্যক্তিও তৎপ্রদেশে গিয়া দেখিল, সে যাহাকে রৌপ্য ভাবিয়াছিল তাহা রৌপ্য নহে তাহা শুক্তিখণ্ড। এন্থলের ভার-ব্যক্তির যে শুক্তিতে রজত জ্ঞান হুইয়াছে, ইহাকে দৃষ্টান্ত রাথিয়া ভূম-জ্ঞানের কার্য্য-কারণ ভাব পরিষ্কার করিয়া লও। যথা--যৎকালে পুরোবরী গুক্তিতে 'ঐ রজ্ত' ইত্যাকার জ্ঞান উপস্থিত হয়, তথন তাহার ঐ সমূদিত জ্ঞান একেবারে হয় নাই। চকু:সংযোগের অনন্তর ''ঐ'' এই অংশের শ্বারা পুরোবর্ত্তী শুক্তিই পরিগৃহীত হইয়াছিল, তং-প্রভাবে "এ" ইত্যাকার জ্ঞান ও তদোধক বাক্য নির্গত হইয়াছিল। • কিন্ত কোন প্রকার দোষ বশত: সম্প্রয়োগ হওয়াতে অর্থাৎ শুক্তির সর্বাংশ প্রকাশ না হওয়াতে প্রথমে তাহা ওজি বলিয়া জ্ঞান হয় নাই। পরস্ত চাক্চিক্য মাত্র ভান হওয়াতেই ঐ কথা বাহির হইরাছিল। তরিবন্ধন অন্য এক চাক্টিকাবান বস্তু অর্থাৎ চিরাভ্যস্ত রজতের শ্বরণ হইয়াছিল। সেই শ্বরণাশ্বক জ্ঞান তৎকালে পৃথক্রপে দণ্ডায়মান না হইয়া, "এ" ইত্যাকার সমুগ্ধ জ্ঞানের সহিত মিলিয়া গিয়া ''ঐ—রজত'' ইত্যাকারে পরিণত হইয়াছিল। সেই স্বরণাত্মক ভান "ঐ" ইত্যাকার সমুগ্ধ জ্ঞানের সহিত মিলিত হইবার কারণ এই टा, काम मार्वाड् रक्षत्र ममस्य वित्यवं अवशाहन कतिता शतित्याय ্বিশেৰো পৰ্য্যবসিত না হুইয়া থাকিতে পারে না। তক্তি-রজ্জ, এস্থলেও

জ্ঞান, চাক্টিক্যরূপ বিশেষণ অবগাহন করিয়া তৎকালে প্রকৃত বিশেষ্য আবৃত থাকাতেই অন্য এক কল্লিত বিশেষ্যে গিয়া পর্যাবদন্ধ হইরা-हिन। अक वस्तर विरम्यण कर्याद काकात क्षकात यहि कर्ना वस्त्व দৃষ্ট হয়, তবে দেই দেখা মিথ্যা স্থতরাং ওক্তিরপ অধিকরণে রজতা-कात कान अभिगा। वाहार्या जुम वाजितांक, मकन जुमारी अभागी এইরপ। এই প্রণালী অনুসারে সর্বত্তই এক প্রকার স্বভাবাপর বস্তু অন্য প্রকারে পরিদৃষ্ট হইয়া থাকে। এতাদৃশ ভূমের বিনাশোপায় কেবল তাহার আলম্বন পদার্থের সাক্ষাৎকার করা। যাবৎ না তাহার আলম্বনতত্ব সাক্ষাৎকার হয় অর্থাৎ যে বস্তুতে ভূম জন্মে সেই বস্তুর স্কাংশ প্রকাশ না হয়, তাবৎ পর্যন্ত তাহার বাধ (বিলয়) হয় না। गाःशामरङ **এইরপ ভূম-প্রণা**লীর নাম অন্যথা-খ্যাতি। অন্যান্য मार्गिनिक मिरात जुम ध्वानी जनाविध। भक्ता गर्या वरनन, जुरमा९-পত্তির প্রধান কারণ অজ্ঞান। অজ্ঞান যে কি পদার্থ?—তাহা निकांत्रण कतिया वना वात्र ना। এই পर्याच वना वाटेर्ड भारत যে তাহা অনির্বাচনীর এবং দোষ-স্থানীর। দোষ-যুক্ত অজ্ঞানের चडाव थेहे रव, रकान वखत्र नर्साःग वा कित्रमःग विम रकान शिव्हक একবার তাহার অধিকার ভূক্ত হয়, তবে সে, সেই বস্ততে তৎসদৃশ অপর এক বিপরীত বন্ধ উৎপর্দিন করিবে অর্থাৎ দেখাইবে। পুরোবর্ত্তী ভক্তির কিরদংশ অজ্ঞানের বিষয় ইওয়াডেই সে তাহাতে এক মিখ্যা-রজ্তের স্টি করিয়ছিল। কেবল অভানেরই মে এইরপ সভাব এমত নহে; দোষযুক্ত বন্ধ মাত্ৰই বিপরীত স্টিকারী। বেত্র বীজ অधिशृष्ठे हेर्रेटन दिखाक्रवंत फेर्शिक मा कवित्री, कंपनी वृत्कत উৎপত্তि करत । अकिकामन, विनिष्टेविकाद्वत्र यटन 'श्विना' भारकत

স্টি করে। এইরপে পলাওর স্টি হইরাছে এবং কত পত নৃতন বছর স্টি হইরাছে, হইতেছে এবং হইবে, তাহা বলিয়া শেষ করা বার লা।

মীমাংসকেরা বলেন, জ্ঞান মাত্রেই সত্য অর্থাৎ সম্বন্ধ বিষয়ক। জগতে মিথা জ্ঞান নাই, মিথা বস্তুও নাই। তবে যে শুক্তি স্বরূপ অধিঠানে মিথা রজত দৃষ্ঠ হয়, ভাহা বাল-প্রবাদ মাত্র। তৎকালে ক্রিতে শুক্তি জ্ঞানই হইয়াছিল, রজতাকার জ্ঞান রজতেই হইয়াছিল। দোষ বশতঃ সম্প্রেরাগ ইওয়াতেই জ্ঞানময়ের পার্থক্য জন্ম নাই, এই মাত্র প্রভেদ। জ্ঞানমন্তের পার্থক্য অমুভব না হওয়ার নাই ল্রম, এভঙ্কির মিথা।বস্তু-অবগানী মিথা জ্ঞানাম্মক ভ্রম এ জ্গতে মাই।

বাহাই হউক, উক্ত-বিধ অধ্যাদের মধ্যে আরও স্কাতা আছে।
তক্তাবং বিস্তার করিতে গেলে প্রস্তাব বাহল্য হর এবং সাংখ্য অধি- শ
কারের বাহিরে বাইতে হর। যদ্যপি তাহা আমাদের ইউ নহে,
তথাপি আর একটু না বলিলে প্রয়োজন সিদ্ধ হয় না স্কুতরাং
তাহার কিরদংশ বলিতে হইল।

অধ্যানের আর ছুইটা মৃষ্টি আছে। একটার নাম তাদাদ্যাধ্যান,
অপরটার নাম সংস্থাধ্যান। একীভূত অধ্যানকে তাদাদ্যাধ্যান,
আর সমন্ধ আত্রের অধ্যানকে সংস্থাধ্যান বলা বার। লৌহ ও
আরি একীভূত হইলে লৌহেতে বে অরির অধ্যান করে, তাহা
তাদাদ্যাধ্যান। কোন প্রকার বরণা উপস্থিত হইলে যে জীব
'আমি সেলাম—আমি মরিলাম' বলিরা অভিভূত হর, তাহা তাদাস্থ্যাধ্যানের ফল। "আমার প্র" "আমার কলত্র" ইত্যাদিন্তনে

পুত্ৰে ও কলতে বাত্তবিক আত্মৰ না থাকিলেও আত্ম-নছৰ অধ্যাস করা হয় স্তরাং তাহা সংস্থাখ্যাসের ফল। যত প্রকার অধ্যাস উক্ত रहेन, नर्स श्रकांत्र व्यथानहे वाराननार्थंत्र ज्ञात्र व्यथात्र-ननार्थं वर्धमान আছে। ৰুখন আমরা ইক্রিয়ের সহিত একীভূত হইয়া 'আমি' **इटेट्डिश** यथा जामि कांगा, जामि श्रव हेंड्यानि । कथन का त्नरहत উপর আত্মত হাপন করিয়া 'আমি' হইতেছি। বথা আমি রূপ, আমি স্থূল ইত্যাদি। কিন্ত প্রকৃত আমি কি প্রকার?—ভাহা আমরা অবগত নহি। যদি অবগত থাকিতাম—তাহা হইলে 'আমি'-ব্যবহার আজীবন একরপেই চলিত; কিন্তু তাহা চলে না। আমরা একবার যাহাকে লক্ষ্য করিয়া "আমি" বলিতেছি, অন্যবার তাহাকেই আবার "আমার" বলিতেছি। প্রকৃত 'আমি' স্থির থাকিলে একপু ঘটনা कथनरे रहेक नां, इः रथत्रश्र गांचव रहेक । विरवहनां कृतियां स्थ-रिन কোন ইন্দ্রিয়কে আমি বলিয়া স্থির সিদ্ধান্ত থাকে, তাহা হইকে শরী-রের দোবাদোবে "আমি" ণিপ্ত হইব কেন ? অতএব বাহা প্রকৃত আমি, তাহার সহিত 'আমি'-ভির অবশ্য অন্য কোন বস্তর অধ্যাস चाट्ट श्रीकात कतित्व रहेरत। त्मरे चक्षाम कथन धकीकृष रहेन्रा ध्यकान शाहेर्टिक, कथन वा महत्त्व माज ध्यकान कतिरिटिक। রূপে বাহা জগতে ও আত্ম-রাজ্যে কণিতবিধ অধ্যাস ধারাবাহীক্রমে চলিতেছে। পরস্ক কারণ বিশেষ উপস্থিত হইলে কথন কাৰন বাহ্য व्यक्षान निर्व हरेटड ताथा यात्र किछ व्योगाचिक व्यथान निर्वेड इहेट अथ श्रम ना।

অধ্যাদ বা ত্রমনিবৃত্তির উপায় কি ? কপিল প্রভৃতি ধরির। বলেন, ল্মনিবৃত্তির উপায় কেবল অধিক্রণের প্রত্নপ সাক্ষাৎকার।

যে অধিষ্ঠানে ত্ৰম হয়, ভাষার ষ্থার্থ রূপ প্রকাশ পাইলেই তদগত ত্রম নিবৃত্তি হয়। অধিষ্ঠানের স্বরূপ সাকাৎকার হইবার উপায় কেবল विरमय मर्नम । 'विरमयमर्नन' मरकत् वर्ष द्रमविरमस्य छित्र छित्र। কোথাও বা বারংবার দর্শন—কোথাও বা উপযুক্ত পরীক্ষাপ্রয়োগ। বাহার হারা দোষ ও সম্প্রয়োগ হইছে উত্তীর্ণ হওয়া যায় তাহারই নাম পরীকা। ভাদৃশ পরীকার প্রয়োগ ক্ররিলেই দোবাদি হইতে সমৃতীর্ণ হওয়া ৰায় ইহা স্থিরসিদ্ধান্ত। দোষাদি হইতে উত্তীর্ণ হইলাম কি না ?--তাহার আর পরীক্ষা করিতে হয় না ; কেন না, যথার্থজ্ঞান উপস্থিত হইলে সেই জানই দোষাদি হইতে উত্তীৰ্ণ হওয়ার সাক্ষ্য প্রদান করে এবং অবিচলিত বিশ্বাস জন্মাইরা আত্মাকে পরিতৃপ্ত করে। অপিচ, অধ্যাস নিবৃত্তি ঘটিত আরও গুটি কতক নিয়ম দৃষ্ট হয়; যথা —অপরোক্ষ অর্থাৎ ঐক্রিয়ক ভ্রম, যুক্তি বা উপদেশ দারা নির্ভ হয় मो। সাক্ষাৎঘটিত ভ্রমে, বস্তর সাক্ষাৎকার হওরাই আবশ্যক।. -দিগ্রাস্ত ব্যক্তিকে শত শত উপদেশ ও শত শত যুক্তি প্রদর্শন করিলেও ভাহার দিগ্রান্তি নিবৃত্তি হয় না। মনে কর, কোন এক নৃতন স্থানে গিয়া কোন এক ব্যক্তিব পূৰ্বদিকে পশ্চিম দিক্ বলিয়া ভ্ৰম জন্মি-য়াছে। সে জানে যে পূর্ব দিক্ হইতেই স্থ্য উদিত হন্, তথাপি, স্ব্যকে বে দিকে উদিত হইতে দেখিতেছে সেই দিকই তাহার পশ্চিম বুলিয়া বোধ হইতেছে। এমন হলে 'হুর্যা পশ্চিমে উদিত হন না,' এই बुक्ति कान कार्याकाती ऋत्र ना। यावर ना त्यहेतिक् छाहात मध्यक সাক্ষাৎ উপলব্ধ হয়, তাবৎ তাহার সেই ত্রম অপগত হয় না। এই ज्ञण, छेनुद्रमिकछारन जम शांकिरन कमाहिए छात्रा युक्तिका वाधिक হইতে পারে, কিই যুক্তিতে যে ত্রম থাকৈ তাহা সাক্ষাৎকার বাতীত

উপদেশ ছারা বাধিত হয় না। এতারতা ইছাই নির্ণীত ছইতেছে বে, সাক্ষাৎকার ঘটিত পরীক্ষা সর্ব্বজ্বাতীয় ভ্রমের বিঘাতক। আমাদের আধ্যাত্মিক-ভ্রম অনেক আছে, তত্তাবৎ উপরোক্ত প্রণালীতেই করিয়া আছে। সেই সকল ভ্রমনিবৃত্তির জন্য, সাংখ্য শান্তে এবং শান্তান্তরে व्यवन, यनन ७ निविधानन नायक विरमय वर्गानद छेनावन करा हरे-য়াছে। কেন না, অনাদিকালের আধ্যাত্মিক-শ্রম নির্ত্ত করিতে হইলে সাক্ষাৎকার, যুক্তি ও উপদেশ, এই তিন জাতীয় পরীক্ষারই আবশ্যক হইতে পারে। একটি দারা উক্ত বিধ আধ্যাত্মিক ভ্রম নির্ভ হইবার সন্তাবনা নাই। প্রবণ ও মনন, এই চুইটি যুক্তি ও উপদেশ জাতীয়, নিদিখাদন-টি প্রতাক জাতীয়। "প্রতাক জাতীয়" এই কথায় ভ্রান্ত-জীব মাত্রে আত্মার প্রত্যক্ষ বিষয়ে সংশয় করিবেন। নে সংশয় উচ্ছেদ করা বাক্যের বা শাস্ত্রের স্থায়ায়ন্ত নহে। তাহাতে সংশবিত ব্যক্তির যোগ বল থাকা আবশ্যক। ফল, চকুরাদি বাহে-ক্রিয় দারা আত্মার প্রত্যক্ষ হয় না বটে, কিন্তু সাংখ্যদর্শনের মতে আত্মা মানস-প্রত্যক্ষের বিষয়। সাধ্যাকার বলেন, কোন কোন বস্ত কেবলমাত্র মনের দারাই পরিগৃহীত হইয়া থাকে। সংস্কৃতশান্তে চাকু্ষ-জ্ঞান-ঘটিত বিচার এতদপেক্ষা বিস্তৃত থাকিলেও আমরা এই স্থানে শেষ করিলাম।*

अवराजित ७ अवगळान।

চক্ষ: কেবল রূপেতেই সংসক্ত, স্তরাং চক্দ্বারা রূপ বা রূপ-বিশিষ্ট পদার্থেরই গ্রহ হয়, শব্দ-স্পশাদির গ্রহ হয় না। শব্দদি

 [&]quot;नियतकारकासदुष्कितिष्व निवत्" " युक्तिती इपि न्द्र्याच्यते, दिक्-मृद्वदप्रीचाहते " अरे काणिन एवं बद्धव पर्य अवः जनामा जानागित्व मठ गरेशो जनाम निवृद्धित छेगांश बाँछ दांका छनि नर्द्धाने हरेगे।

कारनंत्र निविद्य स्थात छातिष्ठि देखित्र वर्त्तमान स्थाद्य, क्यार्था नय-धरण-

্চকুরিজ্ঞিরের ন্যার প্রবশেক্তিরও প্রত্যক্ষের অগোচর বস্তু। কেবল অনুমিতি বারাই উহার উপলব্ধি ও অন্তিত দিন্ধি হয়। উহার कालाव कर्नाक्रः अस्ति । भव्य-श्रन-गृह्तदवव वहना পविभागि स्वत्रभ, শ্রবণ্যত্তের রচনাপরিপাটীও প্রায় সেই রূপ। কর্ণের অন্তরাল প্রদেশের বে স্থলে বক্র ও আবর্ত্তকু ছিল্লের সমাপ্তি হইরাছে, সেই স্থলে এক ন্থিতিস্থাপক-গুণযুক্ত স্থা নায়্-মণ্ডল (স্থা স্থা সৈহিক শিরাগ্রান্থ) আছে। এক খণ্ড স্চীন ত্বক্ উহাকে আবরণ করিয়া আছে। ঐ আবরক তক্ ৰভের নাম শঙ্লি। এই শঙ্লিস্থানে যে অবকাশ (ফাকু) আছে, তাহার নাম শ্রোত্রাকাশ। ইহাই ন্যায় মতের প্রবণে-ক্রির, কিছু সাংখ্য মতে উহা প্রবণেক্রিরের গোলক। প্রবণেক্রির ঐ শৃষ্কুলিস্থানে অধিষ্ঠিত থাকিয়া কার্য্য সাধন করিতেছে। সাংখ্যমতে **हक्ष्तिक्रि**क्तत्र नाम व्यवशिक्तत्र कार्कात्रिक का व्यवशिक्तत्र निक গ্রহণ প্রণানী কি রূপ?—সাংখ্যাচার্য্যেরা তাহা কিছু বিশেষ করিয়া ব্রেন নাই। শাল্লান্তরে ষেরূপ বর্ণনা আছে, তাছাকে নিলাও করেন নাই। ইহাতে অহুমান হয় বে, শাল্লান্তরোক্ত প্রণাণীই সাংখ্যকারের অভিমত †। শাত্রান্তরে বিবিধ প্রণালীর বর্ণনা

। " अवस्थानुकारिक्याचेंद्र समानतनातिकानाई र सिकामातम् " (रोत

[&]quot; কৰি ক্ৰান্ত কৰিছেৰ কৰা: শ্ৰীৰন্ শ এই বাকা ৰাজা নাম নতে এব-নেজিয় ভৌতিক হইতেছে, আন "নাজিকনিকাছ্য-নথকৰ " এই বাকা বারা নাংগ্যকার উহাকে আইমারিক ব্লিতেছেন। চক্রিজিনের আহমারিকত্ব যে প্রকারে কক্তব করিতে হইয়াছে— প্রবেশিকার আহমারিকত্ব সেই, প্রকারে বোৰগনা ক্রিতে হইকে।

बाह् । जनार्था धकव्यकांत ध्यांनी बीविजनन-गांत्राष्ट्रगातिनी—अभतः ध्यांनी कनप्रशानक-नाात्राष्ट्रगातिनी । रीविजनन-नाात्राष्ट्रगातिनी वर्षा,—

কোন এক স্থিনজন জনাশরের মধ্যে, কোন প্রকার অভিযাত উপস্থিত করিলে, ডজনা, তত্ত্বস্কুজলে একপ্রকর্মি বেগের উৎপত্তি ছর। ক্রমে, সেই বেগ হইতে বেগান্তর—ও তরক হইতে তরকান্তর জনিতে জনিতে, বীচি অর্থাৎ কুদ্র তরঙ্গ বা গহরীর আকার প্রাপ্ত হয়। ক্রমে অতি কুত্র, ক্রমে বিশয়। যদি মধ্যে কোখাও বেগ নিরোধক वह [कून वा अना दकान क्षकात] शांक। जत जांदो तारे होतारे महे হয়, নচেৎ তাহা দূরে গিয়া বিশয় হয়। এই বেমন দুষ্টান্ত, তেমনি বায়ু পরিব্যাপ্ত অনন্ত আকাশের বে কোন স্থানে হউক না কেন, কোন প্রকার অভিযাত (এক বস্তুতে অন্য এক বস্তুর আঘাত অর্থাৎ বেগ পূৰ্কক সংযোগ) উপস্থিত হইলে, তত্ৰতা ৰায়তে এক প্ৰকার বেগ জয়ে। ঐ বেগ কি করে? না আঘাত স্থানটিকে বেষ্টন করিয়া ভত্ৰত্য ৰায়ুকে ভৱনানিত কৰে। আবাত কালে বেমন বায়ুতে বেগ-জন্মিয়াছিল, তেমনি আকাশে ধ্বনি [খক] জন্মিরাছিল। সেই ধ্বনি ঐ তরসাহমান বায়ুতে আরোহণ করিয়া ক্রমে ইন্সিয় স্থান প্রাপ্ত रहेल, हेक्किन छारारक धार्म कतिना आचात निकर नमर्भन करता। यगानि हेक्किन निकरं ना बांदक, छद्य महे बाकारना क्षेत्र नक्छि

এক শাব্রে কোন এক বিষয়ের নির্ণয় করা হর নাই, কিন্তু তাহা অন্য শাব্রে নির্ণীত আছে, এমত ছলে সেই অমুক্তবিষয়ের ফিছান্ত করিতে হইলে, তৎ স লাতীয় শাব্রে যাহা নির্ণীত হইয়াছে, ভাহাই অহণ করিবে, কেন না, ভাছাই ভাহার সম্মত !

আপনার উৎপত্তি স্থানে অর্থাৎ আকাশেই লন্ন প্রাপ্ত হয়। অপিচ, ছিরজল জলাশরের মধ্যে আঘাত করিলে যে তত্ত্ব তরঙ্গ কলাচিৎ তীর স্পর্ণ করে, কলাচিৎ নাও করে,তাহার কারণ কেবল আঘাত-বল বা আঘাত জন্য বেগের তারতম্য ঘটনা। বেগ অধিক পরিমাণে জন্মিলে অনুব-গতি ভাইনা থাকে। শব্দের গতিও ঠিক্ ঐরূপ, অর্থাৎ যে পরিমাণে বেগ উপস্থিত হইবে—শব্দের গতিও সেই পরিমাণে হইবে। দার্শনিক পত্তিতেরা এই রূপে [বীচিতরঙ্গের দৃষ্টান্তে] শ্রবণেক্রিয়ের শব্দ গ্রহণ প্রকার নির্ণন্ন করেন। এই নির্ণয়ের অনুসারে দার্শনিকেরা নির্মান্ত ঘটনা গুলিকে দ্যোপপত্তিক বিবেচনা করেন। যথা,—

"শক্ষ বহন কারী বায়র বিপরীত গতি প্রবল থাকিলে নিকটোৎপদ্ম শক্ষও বথাবৎ গৃহীত হইবে না"—"সামুখ্য থাকিলে দ্রোৎপন্ন
শক্ষও নিকটের ন্যায় শুনা বাইবে"—"প্রবণেক্রিয় ও আঘাত স্থান,
এতহ্ভরের মধ্যে কোন প্রকার বায়ুর বেগ রোধক বন্ধ ব্যবধান
বাকিলে শুনা বাইবে না, বা অল্ল শুনা বাইবে"—"পার্থিব প্রদেশের
দূর্ছ যে পরিমাণে শক্ষ জ্ঞানের প্রতিবন্ধক, জলমন্ধ প্রদেশে তদপেকা
আল পরিমাণে প্রতিবন্ধক হইবে, এমন কি,পার্থিব প্রদেশের আর্দ্ধ ক্রোল
পরিমিত দূর্ছ—আর জলমন্ধ প্রদেশের এক ক্রোল পরিমিত দূর্ছ
নামান; কারণ, জলমন্ধ প্রদেশের বানুতে স্বভাবতই বেগ বাকে"—
"শক্ষ উথিত হইবামাত্র তরঙ্গবং চত্দিক্ ব্যাপ্ত হয় বলিয়া চত্দিক্
লোকেরা শুনিতে পার"—"দিন অপেকা মধ্যরাত্রে অধিক দ্রের শক্ষ্
প্রবণ গোচন হয়, তাহার কারণ, তৎকালে অভিভাবক শক্ষান্তর থাকে
না এবং মধ্য রাত্রের বানুতে স্বভাবতঃই বেগ বাকে"—ইত্যাদি—

বীচিত্রক ন্যান-বাদীর মত, আর ক্রম্পোলক ন্যান-বাদীর
মত প্রার এক রূপ। প্রভেদ এই মে, বীচিতরক কালী মলেন, শক্ত একটিই জন্মে—আর ক্রম্পোলক ন্যার-বাদী বলেন, ক্রম্পেনের ন্যার তত্পরি তত্পরি নানা শক্ত জন্মে। অর্থাৎ ক্রম্পুর্মের কিঞ্জন্নারোহণ স্থান বর্তুল, সেই বর্তুল অংশের মর্ম্ম দিক্ ক্যাপিরা মেনন এক থাকে অনেক কেশর জন্মে, সেই সকল কেশরের শিরঃ-প্রদেশে আবার কেশরান্তর জন্মে, শক্ত প্ররূপ আঘাত স্থান হইতে এককালে দশ্ দিক্ অভিমুখে দশ্ সংখ্যার জন্ম লাভ করে। সেই দশ্ শক্ষ হইতে অন্য দশ্ শক্ত জন্মে, ক্রমে অন্য দশ্ শক্ষ, ক্রমে ইক্রির স্থান প্রাপ্তি *।

^{*} উক্ত উভয় মতেই শব্দ অভিযাত স্থানে উৎপন্ন হইয়া, ইক্সিন্ন স্থানে গিয়া প্রকাশ প্রাপ্ত হয়। কিন্তু আর এক মত আছে, সে মতে শব্দ আয়াত স্থানে উৎপন্ন হয় না। আঘাত ছলে কেবল বেগ জন্মে। ঐ বেগ, শ্রোত্র স্থান প্রাপ্ত হইলে তথায় গিয়া শব্দ উৎপন্ন করে এবং তাহাই ইক্রিয় বারা গৃহীত হয়। यथा,—"मब्दल योबीत्पन: यवणेन्द्रियेण रहाते (नावश्र) शहिरीन বংশ থতের এক দিকে লুভা নির্মোক (মাকড়শার ডিমের অক্) বা আলক-পত্রের অক্ ধারা আত্ত করিয়া, অপ্র দিকে ফুৎকার প্রদান করিলে যে ভর্মধ্যে বেগ উপস্থিত হয়, সেই বৈগ ঐ আবরণছকে গিয়া আখাত করে এবং সেই আবাত হইতেই তাহাতে শব্দ জন্মে। এই দুষ্টান্ত উভয় বাদীরাই দিয়া থাকেন, কিন্তু উভয় পক্ষের সংগতি যে কি শ্বাকার, তাহা আমরা ছির করিতে পারি -ना। याहाहे इंडेक, कर्ग-नक नि ये याखन जूना कांगाकानी बाहे। जानन अक या बाह्य त्य, मन प देखिल शारन श्रम करत मा, देखिल मन प शारन जिला अर्थ करत । यमन क्यू विक्रित्र विवत्र अरमरन यात्र, अन्तर्वित्र एन्ड्रेन्न भवन शास्त्र বায়। বলেন, "ভেরীশব্দো ময়া শ্রুডঃ" 'আমি ভেমীর পব্দ গুনিরাছি।" **छित्री स्वतिश अञ्चा**नित्रत এইत्रेग अञ्चत स्ट्रेश पारकः। भव्न हात्न ইব্রিমের গতি না হইলে এথকার অমূভব হইবে কেন ? ভেরীতে যে শব্দোৎ-পতি হইয়াছিল, বীচিতরক বালীর মতে সে লব্লের সহিত ইপ্রিয়ের সকল

বীচিতরক ও কদম গোলক, এই হুই দৃষ্টান্ত প্রাণাকী আচার্য্য-ছরের মতে শক্ত কণস্থারী পদার্থ। এমন কি, শক্ত তিন্ কণের অতি-রিক্ত থাকে না। স্থতরাং বায়্র দ্রগামী বেগ সম্বেও সে আপনার িবিনাশ কাল উপস্থিত হওয়াতে বিনষ্ট হইয়া যায়। তজ্জাত আমরা দেশাস্তরের শব্দ শুনিতে পাই না। ত্ববে বে আমরা প্রহরব্যাপী বংশী নিনাদ শুনিয়া থাকি, সে একটি শব্দ নছে। তাহা শব্দধারা, অর্থাৎ তাহা বহুল শব্দের সমষ্টি। শব্দ উৎপন্ন হইতেছে—ধ্বংস হইতেছে—এবং তাহা এত শীঘ্র শীঘ্র সম্পন্ন হইতেছে যে তাহার বিচ্ছেদকাল লক্ষ্য হয়না স্কুজরাং সেই ধারাবাহিক স্থসংলগ্ন শব্দশ্রেণীকে আমরা একটি শব্দ বিবেচনা করি, কিন্তু বাস্তবিক তাহা একটি শব্দ নহে। তাহা শব্ধারা। অপিচ, উক্ত সিদ্ধান্তের দারা আর একটি সিদ্ধান্ত লাভ হইতেছে যে, যে ত্রিক্ষণ শব্দের জীবন, সেই ত্রিক্ষণের মধ্যে শব্দ, বেগ-অনুসারে ক্রোশান্তে চালিত হইতে পারে, আবার অর্দ ক্রোশ বাইতেও পারে না। দূর গমন কালে শব্দ ক্রমশঃ ক্ষীণ হইতে হইতেই যায়; কেন না, ক্ষীণতা-ব্যতিরেকে কোন বস্তুই ধ্বংস হয় না। স্থতরাং বেগের আধিক্য হইলে সেই তিন ক্ষণের মধ্যে শব্দ অধিক দূরে যাইতে পারে, আর বেগের অল্লতা থাকিলে অধিক দূর

হয় নাই । সেই শর্দ-জন্য শব্দান্তরের সহিতই ইল্রিয়ের সম্বন্ধ হইয়াছে।
স্তরাং "ভেরীর শব্দ শুনিয়াছি" এরপ অমুভব না হইয়া "ভেরীশব্দের
শব্দ—তজ্ঞন্য শব্দ শুনিয়াছি" এইরপ অমুভবই হইত। বধন তাহা হয় না,
তথন শব্দ যে ইল্রিয় স্থানে যায়, তাহা আর অধীকার করা য়ায় না। এই
রূপ শব্দ বিজ্ঞান ষ্টিত অনেক বিতর্ক আছে, সিন্ধান্তও আছে, কিন্তু বধার্ধ
সিন্ধান্ত কি! তাহা তীহারাই জানেন।

বাইতে পারে না। সেই তিন কণের মধ্যে যত দ্র যাওয়া সম্ভব—তত দ্র গিরা বিলয় হয়। যদি এই সিদ্ধান্তই স্থির হয়, তবে এক আপত্তি উপস্থিত হইতে পারে যে, এমন এক প্রকার শব্দ আছে যে, সে শব্দ, ক্ষীণ না হইয়া বরং নিকট অপেকা দ্রে গিয়া পুই হয়, [যথা কামানের শব্দ] তাহা হয় কেন?—

ইহার উত্তর এই যে, যে শব্দের প্রতিধ্বনি জন্মে, সেই শব্দেই দ্রে গিয়া স্থলতা বোধ করায়। কিন্তু সে স্থলতা বান্তবিক মূল শব্দের নহে। বিবেচনা কর, ধ্বনি-জন্য ধ্বনির নাম প্রতিধ্বনি। স্থতরাং দ্বিতীয়-ক্ষণ ব্যতিরেকে প্রতিধ্বনির জন্ম লাভ সন্তবে না। যদি দ্বিতীয় ক্ষণেই প্রতিধ্বনির জন্ম লাভ হইল, তবে এক অতিরিক্ত-ক্ষণ ব্যাপিয়া মূল শব্দের গতি পাওয়া গেল এবং সেই দ্বিতীয় ক্ষণে যুগপৎ ধ্বনি ও প্রতিধ্বনি উভয়ই মিলিত হইয়া তত্রত্য মন্থ্যের প্রবণক্তরে, প্রবিষ্ট হইল, স্থতরাং সেই বিমিশ্র শক্টি নিকট অপেক্ষা দ্রস্থ মন্থ্যের নিকট স্থল বোধ হইয়া থাকে। ধ্বন্নি ও প্রতিধ্বনি, উভ্নের ভেদ জ্ঞান না হওয়াই ঐ স্থলত্ব বোধের কারণ। প্রতিধ্বনি পদার্থ কি ?—এবং কিজন্য উহা জন্মে ?—আবশ্যক হইলে সে সমস্ভ স্বতন্ত্র স্থানে বলা যাইবে।

স্পর্ণ ও স্প্রাহক ছগিল্রিয়।

এই ইন্দ্রিয় দারা শীত, উষ্ণ, থর, তীত্র প্রভৃতি নানা জাতীয় স্পর্শ জ্ঞান জন্ম। দ্রব্যাও স্বক্, এতহভ্রের সংযোগ হইবামাত্র দ্বিন্দ্রিয়, দ্রব্যাত-শীতলম্বাদি গুণ সমূহকে গ্রহণ করতঃ মনের সাহায্যে আত্মাতে তত্তৎ জ্ঞানের উৎপাদন করে। " আত্মাতে জ্ঞান উৎপাদন করে। " আত্মাতে জ্ঞান উৎপাদন করে। " আত্মাত গ্রহ জ্ঞান

শ্বরণ, স্নতরাং তাহার উৎপত্তি, বিনাশ বা বিকার নাই। আত্মা ্ৰ্যতীত সমস্ত পদাৰ্থই আত্মার ভোগ্য এবং সমস্তই আত্মার ভোগ জনার। অন্যে বাহাকে বলে 'জ্ঞান হয়'—সাভ্যা তাহাকে বলেন 'ভোগ হয়'। ভোগ হওয়া কি না ' জ্ঞান হওয়া'—জ্ঞান হওয়া কি না 'ভোগ হওয়া' বস্ত সকলের ক্লাব বৃা ছবি ইন্দ্রিয়দারা বৃদ্ধিতে আবদ্ধ হওয়ার নাম বৃত্তি এবং তাহা বৃদ্ধির অতিসন্নিকৃষ্ট আত্মায় প্রতিবিধিত ছওয়াই ভোগ ও জ্ঞান। ক্রন্ত বা গালিত স্থবর্ণ মৃষাম [ছাঁচে] দালিবামাত্র তাহা যেমন মৃষার অহ্রূপ রূপবিশিষ্ট হয়, সেইরূপ, অন্ত:করণ ও ইন্দ্রিয়নার। ইন্দ্রিয়নমন্ধ বন্ধর স্থায় আকার ধারণ করে। ষ্মত এব বস্তু সকল মুধা স্থানীয়, আর বৃদ্ধি, গলিত স্থবর্ণের স্থানীয়। फरक जवा-मशरपांत रहेरलहे एक् जवातंत्र नमस खनरकहे बाह्न करत বটে, কিন্তু কোমলন্ত ও কঠিনত্ব, এই ত্ইটি গুণের গ্রহণ পক্ষে কিঞ্চিৎ বিশেষ সংযোগ অপেকা করে। সামান্য সংযোগ ছারা কোমলছ ক্রিনত্বের প্রহ হয় না। দুঢ়তর সংযোগ অর্থাৎ যাহাকে চাপা ধলে, তাদৃশ সংযোগই তহভয়ের গ্রাহক। এই চাপা রূপ দৈহিক কার্য্য-টি আত্মার প্রবন্ধ বলেই সম্পাদিত হয়, তরিমিত আর স্বতন্ত্র ইক্রিয় কল্পনা করিতে হয় না ।।

ত্বণিজ্ঞিকের আশ্রর স্থান ত্বক্ অর্থাৎ চর্ম বিশেষ। দৃশ্যমান বাহ্যচর্ম প্রাকৃত ত্বক্ নহে। যদি দৃশ্যমান চর্মাই প্রাকৃত ত্বক্ হইত,তাহা হইলে, মাত্র বাহ্য-শীতল্বাদিরই অন্নত্ব হইত, বেদনাদি আস্তর-

^{* &}quot; कठिनलादिस्पर्यमेटे संगीगविशेष: कार्यम् " [तोक] एि श्रित वाता नित्रमानामि जरून शक्क मरायोग विमायत सार्नाक । जित्र जित्र मरायोग जित्र जित्र ७० छनि गृरीज रुद्द, अक अकात्र मरायोग वर्श्यकाद्र छानद आहरू मार ।

ক্পর্লের অহনত হইত না। অতএব, ছগিল্রির বে কেবল বাহ্য চর্গ্র ব্যাপক এমত নহে; ইহা আপাদ মন্তক সমস্ত দেহ পরিব্যাপ্ত। এই ছক্গোলকের আকার কিরূপ ?—সহজবোধ্য নছে। কেবল কলনা ছারা ইহার আকার সংগ্রহ করিতে হয়। বে কলনা এইরূপ—

মাংসময় প্রাণি দেহ কেবল স্ক্র-শিরালম্ন্টির জমাট্ মাত্র। আমরা বাহাকে একণে মাংস বলিয়া ব্যবহার করিতেছি, তাহাও শিরার সমষ্টি। আলুর পাতা কিয়া অয়থ পত্র পচিয়া তাহার পার্থিবাংশ নির্গলিত হইয়া গেলে, পাতাটি যেমন কেবল মাত্র তন্ত্রময় হইয়া থাকে, প্রাণি-শরীরও ঠিক্ সেইরূপ পদার্থে আর্ত আছে এবং তাহাই ছগিন্দ্রিরের গোলক। এই ছগিন্দ্রির সমস্ত শরীর-ব্যাপী, তজ্জন্য বাহ্য স্পর্শের নাায় আন্তর স্পর্শিও ষ্থায়থ অনুভূত হইয়া থাকে।

রসনা ও রাসন-জান।

এই ইন্দ্রিরটি কটু, তিজ্ঞ, কষার প্রভৃতি রসাম্ভবের দ্বার স্বরূপ। রসনা দ্বারা যে বস্তুনির্চ রসের প্রত্যক্ষ [অমুভব] হয়, তাহাকে রাসন-প্রত্যক্ষ বলে [রসাম্ভব, রস জ্ঞান ও রাসন প্রত্যক্ষ, একপর্যায় শব্দ] এই রাসন-প্রত্যক্ষবিষয়েও পূর্ববিৎ দ্রব্য ও রসনে-ক্রিয়ের সংযোগ অপেকা করে। রসনেন্দ্রিয়ের গোলক অর্থাৎ আশ্রয়- স্থান জিহ্বা। এ স্থলে জিহ্বার আভ্যন্তরীণ তথ্য প্রকট করা অনাব্যাক, উহা বৈদ্যক গ্রন্থে অমুসদ্ধেয়।

ছাণেক্রিয় ও গন্ধজান।

এই ইক্রিয়টি ভিন্ন ভিন্ন গন্ধ জ্ঞানের হেতৃ। নাসা-দণ্ডের অভ্যন্তর মূল ইহার স্থান। গন্ধ, বায়ু কর্তৃক আনীত হইয়া ইক্রিয় হানে সংযুক্ত হইলে পর তছভরের সংযোগ বশতঃ গদাস্তব হইরা থাকে। এইরূপে চক্ষ্ হইতে আণ পর্যান্ত কথিত প্রকারের পাঁচটি ইন্দ্রির, জ্ঞানের, জনক বলিয়া জ্ঞানেন্দ্রির নামে বিখ্যাত। এক্ষণে কর্ম অর্থাৎ ক্রিয়া নিস্পাদক ইন্দ্রিরের বিষয় লিখিত হইবে।

किर्पिलिया।

বাক্, হন্ত,পাদ, পায়ু, উপন্ত ;—এই পাঁচটিকে কর্মেন্দ্রিয় বসে। সাংখ্য মতে জ্ঞান ও কর্ম, এই তুইটি মাত্র মানব দেহের প্রয়োজনীয়। বস্তুতঃ তত্ত্তম ব্যতিরেকে প্রাণিগণের অপর কোন কার্য্য দৃষ্ট হয় না। চকুরাদি বেমন জ্ঞান সাধন ইন্দ্রিয়—তাহারা বেমন যথোপযুক্ত স্থানে থাকিয়া স্ঠ পদার্থের উপর জ্ঞান ব্যবহার রক্ষা করতঃ অবস্থিত আছে—এইরূপ 'বাক্' প্রভৃতি কর্ম্মেন্ত্রিয় গুলিও যথোপযুক্ত স্থানে থাকিয়া ক্রিয়া বা কর্ম্ম সম্পাদন করতঃ অবস্থিত আছে। বাক্-ইক্রিয় দারা বাজিপত্তি—হত্তেক্রিয় দারা গ্রহণ কর্ম—পাদ দারা বিহরণ (গম-নাদি)—পায়ু দারা বিসর্গ (মল মৃত্রাদির ত্যাগ)—উপস্থ দারা আনন্দ বিশেষ সম্পন্ন হইতেছে। ইহ জগতে প্রাণিগণের যেমন জ্ঞান ও কর্ম্ম ভিন্ন অপর কিছু সম্পাদ্য নাই, তেমনি, তত্ত্ত্যের সাধক দশটি जिन्न धकानमणि देखिन नारे, धक्था त्कर त्कर विन्ना शात्कन; এজন্য কপিল এগারটি (১১) ইক্রিয়ের কথা বার বার উল্লেখ করিয়া-ছেন। সেই অতিরিক্ত ইক্রিয়টি মনঃ। কর্মেক্রিয়ের মধ্যে বিশেষ বিচার্য্য কিছুই নাই—এজন্য তন্তাবৎ পরিত্যাগ করিয়া মনের ইক্রিয়ম্ব পক্ষ বৰ্ণনে প্ৰবৃত্ত হওয়া যাউক।

भागत है लिया ।

क्लिन बरनम, बनः हेक्तियुष्ठ वर्तम, व्यन्ताना हैक्तिरवद व्यथक्ष

वर्छ। अप्तर्क मन्त्र हे जिन्न चीकांत्र करतन मा। किन्छ मन्त्र নিরীশ্বর উভরবিধ সাংখ্যেই মনের ইন্দ্রিরত্ব স্বীকার আছে। कि, मनः श्रधान देखिय विषया वर्षिठ चाह्य *।

সাংখ্যাচার্য্যেরা মনের ইন্দ্রিয়ত্ব অস্বীকার-কারিদিগকে এইরূপ জিজাসা করেন যে, "শক-স্পর্শ-রপু-রস 🗯 ভৃতি বাহা বস্তুর ধর্ম গুলি বেন পঞ্বিধ বাহ্য করণের [বাহোক্রিয়ের] দ্বারা গৃহীত হইল, কিন্তু স্থুৰ,তু:খ,যত্ন প্রভৃতি আন্তর ধর্ম গুলির গৃহীতা কে ?—বাহ্যপদার্থের সাক্ষাৎকারের নিমিত্ত বেমন বাহাকরণ আবশ্যক, তেমনি অস্তঃপদার্থ সাক্ষাৎকারের নিমিত্ত অন্তঃকরণও আবশুক্র। স্থ-ছঃথের সাক্ষাৎ-কার সর্বাদাই হইতেছে, স্নতরাং তাহার অপলাপ করিতে পারিবে না অথচ চক্ষু:, কর্ণ, নাসিকা, ত্বক,—কোন ইক্রিয় দ্বারা তাহার উপলব্ধি হয় বলিতে পারিবে না; স্কুতরাং, মনঃ যে স্কুথ ছঃথ সাক্ষাৎকারের একমাত্র দার, ইহা ইচ্ছা না থাকিলেও তোমাকে স্বীকার করিতে হইতেছে। যদি তাহাই হইল,তবে আর মনের ইক্রিয়ত্ব অস্বীকার করা কোথার রহিল ?"—

মনের ইক্রিয়ত্ব-অস্বীকারকারিগণ, এতদ্বিধ আপত্তির কি উত্তর দিয়াছেন, তাহা পাঠকগণের শুনিবার ইচ্ছা থাকিলেও আমরা তাহা वाहना ভरत्र वाक कतिनाम ना। कन, माश्या मरू मनः मनाधिक অর্থাৎ একাদশ স্থানের ইক্রিয়।

জগতে আপত্তিকারীর অপ্রতুল নাই। 'মনঃ ইক্রিয়' ওনিবা মাত্র লোকের মনে জিজ্ঞাসার উদয় হইতে পারে যে "তবে, মনঃ কোন্ শ্রেণীর ইক্রিয় ?—জানেক্রিয় ? কি কর্মেক্রিয় ?"—ইহাতে

[&]quot;सभयावाक्समय मनः सङ्ख्यकमिन्द्रियम् साध्यमात्" [क्रेप्त कृष ।]

किन वर्णन ''एमयात्मन मनः" यनः উভয়াত্মক অর্থাৎ কর্শ্বেচ্ছিয়ও বটে, জ্ঞানেক্সিয়ও বটে।

এই উভয় পক্ষের উপপত্তি এইরপ — কোন ইন্সিয়ই মনের জাবীন না হইরা স্ব স্ব ব্যাপারে নিযুক্ত হইতে পারে না। মন, যখন যে ইন্সিয়ে সংযুক্ত হয়, সেই ইন্সিয়েই তথন স্বীয় কার্য্যে প্রবৃত্ত হয়। মনকে পৃথক্ রাখিয়া যদ্যপি কোন ইন্সিয় কদাচিৎ বিষয়ের সহিত সংযুক্ত হয়, তবে, তাহার সে সংযোগ নিম্ফল হয়। অতএব, ইন্সিয় নিচয়ের অধিচাতা বে মন, সে, যখন যে ইন্সিয়ের সহযোগে বিষয় গ্রহণ করে, তখন তাহাকে সেই ইন্সিয় বলিয়া গণ্য করা যায়। গ্রহণ করে, তখন তাহাকে সেই ইন্সিয় বলিয়া গণ্য করা যায়। গ্রহণন করা যায়।

মনের এমন কি সধর্ম আছে যে, তদ্ তে উহার ইন্সিয়ত্ব স্থীকার করিতেই হইবে ? আছে—''ইহা এবত্রকার—উহা এরপ নহে"—ইত্যাদি বিবেচনা করাই মনের অনন্য-সাধারণ ধর্ম। এরপ সধর্ম মনের ভিন্ন আর কাহারও নাই। অন্যান্য ইন্সিয় কেবল বস্তু মাত্র স্পর্শ করিয়াই চরিতার্থ হয়। তলাত নীল, পীত, লোহিত,—আকার, ভঙ্গী, পরিপাটী ও পরিমাণ,—এসকল বে সেই বস্তুর বিশেষণ এবং সেই বস্তুটি যে ঐ সকল গুণবিশিষ্ট,—ইত্যাদি বিবেচনা করা অর্থাৎ যাহাকে শান্তীয় ভাষায় বিশিষ্ট-বৈশিষ্ট অবগাহী বোধ বলে, সেই ব্যোধ অন্য কোন ইন্সিয় হারা হয় না, কেবল মনের হারাই হয়। প্রথমতঃ ইন্সিয় হারা বস্তুর সামান্যতঃ স্পর্শ অর্থাৎ হারা মাত্রের গ্রহণ—অনন্তর তাহা মনের নিকট সমর্পিত—পরে মনের হারা তাহার ভাল মন্দ বিবেচিত হইয়া থাকে। মনের হারা বিবেচিত

হইবার পূর্বাবন্থা অস্পষ্ট এবং ভাহারই উত্তরাবন্থা স্পষ্ট। ঐশ্রিয়ক জ্ঞানের এইরূপ স্পষ্ট ও অস্পষ্ট, দ্বিবিধ অবস্থা ৰা অংশ থাকাভেই সাখ্যাচার্য্যেরা ভজাতীয় প্রত্যেক জ্ঞানের তুই তুই স্ববস্থা কল্পনা করিয়া থাকেন। তন্মধ্যে প্রথম অবস্থা অর্থাৎ যথম মনের নিকট সমর্পিত হয় নাই, কেবল মাত্র ইন্দ্রিয়ই ত্রীহণ করিয়াছে, এই অবস্থার জানাংশ সন্মুখজ্ঞান, আর যখন মন তাহা গ্রহণ করিয়া ভাল মন্দ নির্ণয় করিয়াছে, এই অবস্থার জ্ঞানাংশই প্রকৃত জ্ঞান ও প্রত্যক্ষ। ঐ সমুগ্ধ জ্ঞানের নামান্তর আলোচনা-জ্ঞান ও নির্বিকর-জ্ঞান। জ্ঞানের পূর্বরূপ বা প্রথম অবস্থার সমুগ্ধ জ্ঞানটিকৈ হদয়ারোহণ করাইকার নিমিত্ত পণ্ডিতেরা বালক, মৃক, জড় প্রভৃতির জ্ঞানের সহিত ভুলনা कतियां शारकन । किन्नु आभारतत्र वित्वहनात्र अनावनक अक्ट्रांब रक् কথন কখন কোন কোন ইন্সিয়ের পহিত কোন কোন বিষয়ের আংশিক সংযোগ হয় এবং তন্নিবন্ধন যে এক প্রকার অস্পষ্ট জ্ঞান উৎপন্ন হয়. বরং তাহাই সমুগ্ধজ্ঞান বৃঝিবার স্পষ্ট দৃষ্টান্ত হইতে পারে,তঙ্কির অন্থ্যেম ৰালকজ্ঞানের দারা সন্মুধ্যজ্ঞানের ঠিক্ আকার বোধগম্য করা স্থকঠিন। যাহাই হউক, ফল, যুখন মন কর্তৃক বিবেচিত হয়, তথনই তাহা সাই ও প্রত্যক্ষ বলিয়া ব্যবহার হয় এবং তথনই জ্ঞানের সাফল্য বা পূর্ণতা জন্ম *। ইন্ত্রিয়কর্তৃক বিষয় গ্রাহীণ, অনস্তর তাহা মনের নিকট অর্পন,

⁽३) "बाली चनमिन्दियेण बिलुदिनिति सम् सम्— धननारिनिद्मितं नैवम् इति सम्बन् कलार्यात नियम्य दर्वयति विश्वेषयिकित्यमानेन विशेष्यविति "म्यान्य" बसुनावन् प्रस्कात्यविकित्यमाने त्वस्यानाम्बनिश्वेषायां कलार्यान सनीविषः। "— "वित्त स्वासीचनं ज्ञानं प्रयमे निर्विक्यकम्। वालम्कादिनिज्ञानस्त्रमं प्रववस्तुनम्। "— "ततः परं प्रनर्वस्तुपर्यानायादिकि वंशा। ब्रह्माहवसीयते बार्डिप क्यान्यतेन सम्बत्। " [क्ष्यान्योग्ही ।]

এই প্রক্রিয়াছমের মধ্যে অভিস্কৃত্য কালের ব্যবধান থাকাতে আমারা উহার ক্রমিকত্ব অস্তব করিতে পারি না, যেন আমরা একেবারেই দেখিয়াছি বলিরা বোধ করি।

অপিচ, সাংখ্য মতে মন, বৃদ্ধি হইতে সম্পূর্ণ তির। তির হইলেও

অভিমানাত্মক বৃদ্ধির সহিত মনের পদ্পূর্ণ যোগ আছে। এজন্য মন,
বৃদ্ধি ও অহকার,এই তিন্টিকেই অস্ক:করণ বলিয়া ব্যবহার করা হয়।

"করণ' শব্দের অর্থ জ্ঞানের হার, কেবল জ্ঞানের নহে, যে কোন প্রকার
কার্য্যের হার। অতএব মন, বৃদ্ধি ও অহকার,এই তিন্টি অস্তরে থাকিয়া

আস্তরিক কার্য্য সমাধা করে বলিয়া উহা অস্ত:করণ নামে অভিহিত

হয়। অপর দশটি [চক্ষুরাদি পাচ্, আর বাক্-আদি পাচ] হইতে

বহি:কার্য্য অর্থাৎ বাহ্যবস্তু ঘটিত জ্ঞানাদি ব্যবহার নিম্পন্ন হয় বলিয়া

তাহার নাম বাহ্যকরণ। অস্ত:করণ ও অস্তরেক্তিয় এবং
বাহ্যকরণ ও বাহ্যক্তিয় একই কথা। এতাবতা সাংখ্য মতে ১৩-টি

ইক্তিয় হইতেছে। তবে যে "য়ালিকদিলাব্যক্তম্ণ" এই বলিয়া

ইক্তিয় গণনাত্মলে একাদশ ইক্তিয় বলিয়াছেন, তাহা পূর্কোলিখিত

অস্ত:করণ-জিতয়ের একত্ব জ্ঞান করিয়াই বলিয়াছেন।

অন্ত:করণ ও বাহ্যকরণ, এই দিবিধ করণের মধ্যে প্রত্যেক শ্রেণীর করণের এক একটি অসাধারণ ধর্ম [বিশেষক্ষমতা] আছে। অহার দারাও অন্ত:করণ ও বাহ্যকরণ, পরস্পার ভিন্নতা প্রাপ্ত হইরা থাকে। ব্যা—বাহ্যকরণ গুলি সাম্প্রত কাল অর্থাৎ বর্ত্তমানকালিক ও সমীপত্ত বস্তুতেই প্রবৃত্তিমান —আর অন্ত:করণ গুলি ত্রিকাল অর্থাৎ অতীত, অনাগত্ত ও বর্ত্তমান, এই কালত্রর ঘটিত বস্তরই পরীক্ষক বা গৃহীতা। অত্যন্ত অনাগত বিষয়ে বাহ্যেক্রিয়ের কিছুমাত্র ক্ষমতা

नारे। (व वज्र मधील नारे, (व वज्र वर्डमान नारे, क्यू: जारात्क खंश कवित्र भारत ना, त्यांव भारत ना, नांत्रिका भारत ना, इस পারে না, পদও পারে না, কেহই পারে না, কিন্তু মূন পারে। করনা मक्तित्र नाशास्या मन जकनत्करे श्रहण कत्रिए शास । वाक्-रेक्सियरक যে ত্রৈকালিক বস্তুর উপর আধিপ্ত্য করিতে দেখা যায়, তাহা সে অন্তঃকরণের সাহায্যেই করে। বাগিন্দ্রিয়ের ত্রৈকালিকভাব প্রকাশ করা কেবল অন্তঃকরণের অন্থবাদ মাত্র অর্থাৎ অন্তঃকরণ অত্রোধে ममछ निक्तय करत-वांका मार्ट श्वनितक वांहिरत वहन कतिना आरंत মাত্র। "যুখিষ্ঠির ছিলেন — কুরুপাওবদিগের যুদ্ধ হইরাছিল – ক্জী অবতীর্ণ হইবেনু—দেশের অবস্থা ভাল হইবে,"—এবস্প্রকার অতীত ও অনাগত ভাবের প্রকাশক বাক্য গুলি বাগিন্দ্রিয় স্বয়ং অবধারণ পূ-র্বক প্রকাশ করে না। মন অগ্রে ঐরপ নিশ্চর করিয়া দেয়-পশ্চাৎ ৰাক্য তাহার অন্ত্ৰরণ করে-অর্থাৎ সেই নিশ্চিতভাবকে বাহিরে বহন করে। অতএব, বাহাকরণ গুলি কেবল সাম্রত অর্থাৎ বর্ত্তমান বস্তুর গৃহীতা—আর অন্তঃকরণ ত্রৈকালিক বস্তুরই গৃহীতা। নদীর পূৰ্ণতা দেখিয়া জ্ঞান হয় কোথাও বৃষ্টি হইয়াছে—দুরোখ ধৃন শিখা দর্শনে অনুমিত হয় তৎপ্রদেশে বহি আছে—অও-গ্রহণকারী পিপী-निकाट्यगीत मक्षत्रण तिथिया अञ्चयान कहा यात्र अवितार वृष्टि स्टेटव-এ সকল নিশ্চয় করা অন্তঃকরণের কার্য্য; বাহ্যকরণের নছে। অন্তঃকরণের এতাদৃশ শক্তি থাকাতেই দৃশামান জগৎ এত উন্নত হইরাছে। যুক্তি, তর্ক, বিজ্ঞান, বে কিছু শালীয় ব্যাপার, সমন্তই व्यत्वः कत्रत्वत्र महिमां *।

⁽१) "सामदवालं वाष्ट्रं विकालमासमारं करवस् ।" [क्रेप्त दृक]

অপিট, অন্তঃকরণের সাহায্য-ব্যতীত বাহ্যকরণের কিঞ্চিন্নাত্রও কার্য্য করিবার সামর্থ্য নাই। কিন্তু বাহ্যকরণের সাহাব্য ব্যতীত অন্ত:-कंत्रर्गत घटनक विवरम् हे अधिकात आह्य। महन कत्र,-यिन कनाहिए विद्शिक्तित्र श्रुणि अद्यवादि कियानुंगा वा स्वरंग रहा, आद अक्यांक অস্তঃকরণ বর্তুমান থাকে, তাহা হুইলে অস্তঃকরণ কি তৃফীস্তাবে वाकिर्व ? — कथमरे ना । भूर्सकात्वत्र मृष्ठे, व्यक, व्यात्वाहिक ও অমুমন্ত বিষয় গুলিকে স্বীয় কল্পনা শক্তিতে আনোহণ করাইয়া বহুল विकिञ की का कतिरक बाकित्व। यनि कथन अमन घटना इम्र (य, বাংগ্রেক্সিয়ের৷ আত্ম-লাভ করিল না,অথবা মনের নিকট বিষয় সমর্পন कतिन मा, वा शृत्क कथम करंद्र नारे, जारा रहेत् अखःकत्रत्वत्र कि इर्गेडि दम बना यात्र ना। বোধ रम, अक्रुश रहेरने अख:कर्न मिनीभात बहेरव मा। फन, ठक्कः त्याब-नामिका-त्रमना-फक,-देशात्त्र क्रम, मक्स, गक्स, दम, म्मर्न, এই गाँठित मध्या यथाक्राम अक একটিতে এক একটির অধিকার, কিন্তু, যনের অধিকার পাঁচটিতেই স্মাছে। চকুর অধিকার শন্ধেতে নাই, প্রোত্তের অধিকার রূপেতে শাই, কিন্তু মনের অধিকার উভয়েতেই আছে। বাক্, পাণি এবং পাদ প্রভৃতি কর্মেক্সির পঞ্চকের মধ্যেও ঐরূপ নিয়ম অর্থাৎ একের विवटत जनदत्तत्र अधिकात नारे। चक्रका-विवटत वानिकित्यत्र अधिकात ∸ गृशिकता-विसदत्र भाज स्टब्हित्सद्र अधिकात् । वकवाविसद्य स्टब्ह अमिथकात धरेर मृशेष्ठवा-विषया वाणिकियात अमिकात। धरेत्रण, প্রত্যেক ইক্রিরের এক একটি নির্দিষ্ট অধিকার আছে পরস্ক মনের অধিকার অনিৰ্দিষ্ট অৰ্থাৎ সকল বিষয়েতেই আছে। এই নিমিত, মুক্ত:ক্রণ শুলি প্রধান, আরু বাহ্যকরণ গুলি মারাধান কর্যাৎ মত:-

করণের অধীন। * একণে জিজ্ঞাস্য এই যে, মন যদি ইক্সিয়ই হইল, তবে তাহার গোলোক অর্থাৎ আশ্রয় স্থান কোন্ প্রদেশ ?—

শননের বাস ভূমি কোথার ?" কাপিলুঁ শান্তে ইহার নির্ণয়
নাই। তবে সেশ্বর সাংধ্যকারের শনাভি চক্রে বা কংপত্তে
মন্কে শ্বির করিবে" এই উপদেশে এবং সাংখ্যাক্স্মত যোগিদিগের
"ক্রমধাে চ মনঃস্থানং" "ক্র যুগলের অভ্যন্তর প্রদেশই মনের স্থান"
এই কথায়, বােধ হয়, মন্তকাভ্যন্তরের কোন এক প্রদেশই মনের
স্থান। কোন কোন দর্শনে হদয়াভান্তরই মনের স্থান বলিয়া
বর্ণিত হইয়ছে। যাহাই হউক, মনের স্থান নির্ণয় করা হঃসাধা।
প্রাণিগণের চিন্তা, ধাান ও স্থা-ছঃখাদির অন্তব প্রভৃতি মানসিক
কার্ষ্যাৎপত্তি কালে যে রূপ আকার ও ভঙ্গি প্রকাশ পায়, তাহাতে
পূর্ব্বোক্ত স্থানছয়ের অন্ততর স্থানই মনের বাস ভূমি হওয়াই সন্তব।

ন্যায়াচার্যোরা বলেন, চক্ষু:প্রভৃতি যাবৎ জ্ঞানেক্রিরে স্থান যথন মস্তক—তথন মনেরও স্থান মস্তক। যেহেতু মন ও জ্ঞানেক্রিয় উভয়ই জ্ঞানের দার অর্থাৎ জ্ঞানের কারণ।

মন পদার্থ কি?—মনের কোনো আকার আছে কি না?—
মনের সহিত আত্মার সম্বন্ধ কি?—মনের শক্তি ও অবাস্তর প্রভেদ
কভ প্রকার?—এ সকল বিষ্মু জগৎ-রচনা কালে বক্তব্য—এক্ষণে
কেবল মনের ইক্সিয়ত্ব পক্ষ বর্ণন করা গেল ।

^{• &}quot;साना:करणा वृष्टि: सबै विषयमवगाइते यसात्। तथाविविध करणे इति द्वार्थाण श्रेषाणि।" [সাংখ্যকবিকা]

[†] ন্যায় ও বৈশেষিক মতে মন নিরবন্ধ ও নিতা পদার্থ। অপিচ, পর-মাণুর ন্যার হক্ষ। তজ্ঞন্য এককালে ছই বা ততােধিক জ্ঞানের উৎপত্তি হয়। না। মনঃ পরিমাণে এক হক্ষা যে, এক ইঞ্জিয়ের সহিত্ত সংযুক্ত হইলে আরি

যুক্তি ও যৌক্তিক জান। [অহুমান ও অহুমিতি]

প্রতাক্ষ ঘটিত সমীত বক্তব্য শেষ করা হইয়াছে। সম্প্রতি যুক্তি ঘটিত বক্তব্যে প্রবৃত্ত ইওয়া যাউক।

পূর্বক্ষিত ঐক্রিয়ক-জ্ঞানের সহিত এই যৌক্তিক-জ্ঞানের অত্যন্ত ঘনিষ্ঠ সম্বন্ধ। সেই হেতৃ ইক্রিয়-পরীক্ষাপ্রকরণোক্ত নিয়ম গুলি এখানেও স্মরণ করা কর্ত্তব্য। ইক্রিয় পরীক্ষা প্রকরণের এক স্থানে বলা হইয়াছে যে, "ইক্রিয় কেবল বস্তুর সামান্য আকার [অস্পষ্ট ছবি] গ্রহণ করে মাত্র, তরিষ্ঠ বিশেষণ গুলির কল্পনা বা ভাল মন্দ বিবেচনা করেনা। কারণ, বিবেচনাশক্তি বা কল্পনাশক্তি, মন ভিন্ন

ভাহার প্রদেশ থাকে না, স্থতরাং তৎকালে অপর ইক্রিয়ের দহিত নংযোগ ঘটে না। রসনার কার্য্য মাধ্র্যাদি রস গ্রহণ করা, আর, ছকের কার্য্য শীতোকাদি স্পর্ন গ্রহণ করা,—এত ছভরকে আমরা ভোজন কালে এক কালীন হয় মনে করিয়া থাকি—বন্ধতঃ ভাহা হয় না। উহা পূর্ব্বাপর ক্রমেই হইয়া থাকে। পরস্ক তহুভয় জ্ঞানের মধ্যে এত স্ক্র কাল ব্যবধান থাকে যে, তাহাদের পূর্ব্বাপরী ভাব কোন ক্রমেই লক্ষ্য হয় না। শাস্ত্রকারেরা এই ব্যাপারটি শতপত্র ভেদন ন্যায় কল্পনা করিয়া লোকের বৃদ্ধ্যারাচ্চ করাইয়া থাকেন। শত পত্র ভেদন ন্যায়ের মর্ম্ম এই যে,এক শত পত্ম পত্র একটা স্টী হারা এক বেগে বিদ্ধ করিলে, তাহা যেমন এক কালেই বিদ্ধ হইল মনে করা যায়, কিন্তু তন্মধ্যে যে, বিদ্ধ হণ্ডয়ার পূর্ব্বাপরী ভাব আছে, তাহা আর লক্ষ্য হয় না; সেইরূপ উক্ত জ্ঞানম্বয়ের মধ্যেও পূর্ব্বাপরী ভাব থাকিলেও তাহা শীস্ত্রভা নিবন্ধন উপলব্ধি হয় না।

উক্ত মতে মনের আর একটি গুণ আছে। লোকে তাহাকে সংস্কার বলে। এই সংস্কার-শন্দের অর্থ অনেক প্রকার। কোন এক বস্তুতে বেগ উপ হিত করিলে, অথবা কোনবস্তুতে কিঞ্চিৎ চলন ক্রিয়া উপস্থিত করিলে, তক্ষন্য যে বেগ উৎপন্ন হর, তাহাকেও সংস্কার বলে—আবার আকৃষ্ণন, প্রসারণ, ও শান্দন, যদ্মারা ক্ষেতাহাকেও সংস্কার কলে। (এই সংস্কার মতবিশেবে পার্থিব প্রমাণুর গুণ-মত বিশেবে জল, ও তৈজন পদার্থেরও গুণ্ বুটে) বস্তুর স্মরণ অন্য কাহারও নাই।" পূর্ব্ধ কথিত বৃত্তান্তের মধ্যে এই অংশট আপাততঃ দ্বির রাথিতে হইবে। কারণ, এই কংশই যাবং-যৌজিক জানের বীজ, ভিত্তি, বা জীবন। অগ্নিকাদী পুরুষ, দূর হইতে ধ্ম দর্শন করিয়া, কুস্থমার্থী ব্যক্তি গন্ধ আন্ত্রাণ করিয়া, অনেক সমন্ধে অগ্নির নিমিত্ত ও কুস্থমের নিমিত্ত ধাবিত হইয়া থাকে। কেন হয়? না যৌজিক জান তাহাদিগের হৃদয়ে আরচ্ হইয়া তাহাদিগকে উত্তেজনা করিতে থাকে যে, যাও—এদিকে যাও—অগ্নি পাইবে, কুস্থমও পাইবে।

স্থা উদর হইরাছেন, অস্তে যাইবেন, প্নর্ধার উদর হইবেন।
প্নর্ধার উদর হইলে কল্য হইবে, কল্যের পর পরশ্ব, তৎপরে তৎপরশ্ব, ইত্যাদিক্রমে সংগৃহীত একটি সহস্র সংবৎসরাত্মক কালকে

হওয়া এবং 'ইহা সেই বন্ধই বটে' ইত্যাকার প্রত্যভিজ্ঞা উপন্ধিত হওয়া বাহার প্রভাবে হয়, তাহাকেও সংখ্যার বলে। এই তিন প্রকার সংস্থারের মধ্যে প্রথম ও দ্বিতীয় বিধ সংস্থার মনের ধর্ম্ম, তৃতীয়টি আদ্মার ধর্ম।

শারীর বিদ্যা বিশারদ মহর্ষি চরক বলিরাছেন, ইল্রিয় ও মন, আশ্লার সহিত সংযুক্ত হইলে আশ্লার চৈতন্য জরে। আশ্লার চেতরিতা মন—ইল্রিয় সকলের প্রেররিতা মন—বেগ, শালন, আকুঞ্চন, প্রসারণ, তাবতেরই জনক ও উত্তেজক মন। (এই সকল দেখিরা, মনের বা মনের আধারের তড়িন্তরুষ্ঠ কর্মনা করা যাইতে পারে। বোধ হয় আর্যোরা, বিদেশীরদিগের করিত তাড়িত পদার্থকেই পার্থিব, জলীর, বায়বীয় ও তৈজস পরমাণু বৃত্তি বেগাখ্য সংস্কার বলিয়া বর্ণনা করিরাছেন। ভূক্ত জব্যের পরিপাক বশতঃ যে মন্তিক জরে, তাহাতে উক্ত চতুর্বির পদার্থেরই সমাবেশ আছে, স্তরাং তাহাতে তাড়িতও আছে। ঐ তড়িৎ মন্তিক ছান হইতেই উত্ত হইরা আশ্লাকে চৈতন্য যুক্ত করে—ইল্রিয়দিগকে পরিচালন করে—কল্লা নামক শ্লাকৃক্তন, আল্লান নামক প্রসারণ, এই রূপ পরিশালনাদি সকলক্রিয়াই নির্বাহ করে। ইত্যাদি প্রকাষ্ট নির্বাহ করে। ইত্যাদি প্রকাষ্ট নির্বাহ করে। ইত্যাদি প্রকাষ্ট

নহয় এক নিমেষ পরিমিত কালের মধ্যে ব্যানস্থ করিয়া শত সহল শিল্পী, শত সহজু তাব্য সন্তার, সহল সহল প্রাণিবল সাপেক্ষ বৃহত্তম কার্বো প্রবৃত্ত হয়। কেন হয় ? না যৌজিক জ্ঞান তাহা-দিগের হৃদয়ে আরোহণ করিয়া প্রলোভন দেখাইতে থাকে য়ে, ইহা কর—এইরূপে কর। অধিক কি, প্রোণিগণের যে কিছু কার্যা প্রবৃত্তি, সমৃত্ত্বই যৌজিক জ্ঞানের মহিমা। যৌজিক জ্ঞান বদ্যপি প্রাণি ক্রম্মকে উৎসাহিত না করিত, তাহা হইলে এ জগতের মানবিক (মহুষাসাধ্য) উন্নতি কিছুমাত্র হইত না।

ব্যবহারের যোগ্য দৃশ্য-পদার্থের সৃষ্টিকর্তা হুই ব্যক্তি। প্রকৃতি, আর পুরুষ। কোন কোন মতে ঈশ্বর ও জীব। প্রাকৃতি অহকারাদি ক্রমে ভৃত্ত-ভৌতিক বছল পদার্থে পরিণতা হইতেছেন; জীব ভাবাপর পুরুষ, সেই গুলি লইয়া যৌক্তিকজ্ঞান-সহায় মনের সাহাগ্যে নানাবিধ বাহা দৃশোর নির্মাণ করতঃ জগতের বৈচিত্রা সম্পাদন করিতেছে। ঈশ্বর বাদীরা বলেন, ঈশ্বর ও জীব, এই উভয়ের কর্তৃত্বে এই বিচিত্র জগৎ পরিপূর্ণ। ঈশ্বর যাহা সৃষ্টি করিয়াছেন, তাহা এক প্রকার-জীব যাহা সৃষ্টি করে, তাহা অন্য প্রকার। জীব, দশ্বর সৃষ্ট পদার্থ লইয়া তাহার উপর কিঞ্চিৎ কল্পনা নিয়োগ [কিঞ্চিৎ রূপান্তর] করে মাত্র। ঈশ্বর জল, বায়ু, তেজঃ প্রভৃতি সৃষ্টি করিয়া রাথিয়া-ছেন—জীব সেই গুলি লইয়া গৃহ, কুডা, ঘট, পট, ইত্যাদি নির্মাণ করিতেছে। ঈশব, মহুষ্য সৃষ্টি করিয়াছেন, আমরা ভাহারই উপর পিতৃভাব, মাতৃভাব, স্ত্রীভাব, ভ্রাতৃভাব প্রভৃতির কর্মনা করিতেছি। এইরপ ঈশ্বর ও জীব, উভয়ের উভয়বিধ কর্তৃত্ব থাকাতেই জগতের এত বিচিত্রতা। পরস্ক, ঈশবের কতৃ দ স্থদূঢ়,অবিনশক্ষাধীন — আর

জীবের কতৃত্ব ক্ষণভঙ্গুর ও নইর্থাদি দোবাদ্রাত। যাহা ঈশ্বর হইতে উৎপন্ন হয়, তাহাই প্রকৃত সৃষ্টি—জীব হইতে ব্লাহা জন্মে, তাহা সৃষ্টি নহে, তাহা নির্মাণ। এই কথা ঈশরের সেবকেরা ব্যক্ত করেন-কিন্তু ঈশ্বর-নান্তিক সাংখ্যের মনোভাব অন্যবিধ। সাংখ্য বলেন, ঈশ্বর স্বয়ং অদিদ্ধ স্থতরাং তাঁহাব্র কর্তৃত্বও অদিদ্ধ। প্রকৃতি ভিন্ন অন্য কাহারও কর্ভৃত্ব নাই। তবে কি'না, কর্ত্রীস্বভাবা প্রকৃতির আবেশে জীবভাবাপন্ন পুরুষের কান্ননিক, কর্তৃত্ব স্বীকার করা যায়। প্রকৃতি-সমালিঙ্গিত পুরুষই সংসারি-জীব নামে ব্যবহৃত হয়। এই সকল জীবের মূলে কর্ডৃত্ব শক্তি না থাকিলেও ইহারা প্রকৃতির কর্ডৃত্ব কর্ত্তা হইয়া আছে। এতবিধ কাল্লনিক কর্তৃত্বশালী জীব, আর প্রকৃত-কর্ত্রী প্রকৃতি, এই উভয়ের উভয়বিধ কর্তৃত্বে জগদবন্ত যন্ত্রিত হইতেছে এবং তন্মধ্যে জীব যাহা নির্মাণ করিতেছে, ভাহা জৈবিক স্ষ্টি বা জৈবিক-নির্মাণ, আর ষাহা প্রকৃতি হইতে সমুভূত হইয়াছে, হইতেছে বা হইবে, সে সমস্ত প্রাকৃতিক সৃষ্টি।*

ঐ জৈবিক-নির্মাণ হই প্রকার। প্রথমতঃ আন্তর-নির্মাণ, অর্থাৎ
[মনে মনে গঠন] পশ্চাৎ বাহ্যনির্মাণ। এই আন্তর-নির্মাণের এমনি
আশ্চর্যা গতি যে, যে বাহাদৃশ্যের নির্মাণ কালে যে কাল, বভ প্রব্য,
যত লোক-বল অপেক্ষা করে, মেই দৃশ্যটির আন্তরনির্মাণ-কালে তত
কাল, তত প্রব্য, তত লোক বল, কিছুই লাগে না। জীব, ক্ষণপরিমিত-কালের মধ্যে বিনা দ্রব্যে, বিনা সাহায্যে, এমন এক দৃশ্যনির্মাণ করিতে পারে যে, সেই দৃশ্যটির বহির্নির্মাণ-কালে দশ সহস্র
শিল্পী, শত সহস্র দ্রব্যসন্থার ও অথওক্তারমান একটি দীর্ঘত্ম কাল

^{(*) &}quot;इंसरैंगामि जीवेन छट' वैतं विविधते।" [दिक्तिरिक]

वाहु कि विलेख छार। स्मान्यत रह मा। का खन्तर है ७ बारा परित मार्थन प्रति । व्यापन प्रती, श्राम, नगन, त्र , व्यापन प्रति । व्यापन प्रती, श्राम, नगन, त्र , व्यापन व्

যুক্তি ও যৌক্তিক জ্ঞান বলিতে গিয়া এ সকল বলা কডকটা
মঞাসলিক হইলেও বলিতে হইল। কারণ,ইহাই যুক্তির ভিত্তি বা মূল।

যুক্তির সহিত্ত বাহ্যবন্তর এরপ ঘনিষ্ট সম্বন্ধ ও সংশ্রব আছে যে

বাহার ছারামাত্র ব্যক্ত করিতে হইলে লিখিত প্রতাব আপনা হইতেই

আত্মলাভ করে। বিশেষতঃ বাহ্যবন্তর সহিত মানব-মনের সম্বন্ধ,

এক পদার্থের সহিত্ত অপর পদার্থের আত্মর্যা সহচারিত, যুক্তির

স্কুভাব এবং বৌক্তিক জ্ঞানের মহিমা, [যে সকল বিষয় চিন্তা করিলে

আপনা আপনি অক্ট্যান্থিত হইতে হয়] এনকল বিষয় কতকটা

প্র্যালোচনা না করিলেও যুক্তির প্রকৃত্তিত্র নির্মাণ করা যাইতে

পারে না—অন্ততঃ এজনাও আমাকে, কিঞ্চিৎ বলিতে হইল।

व्यभिष्ठ, अद्वान् वांखिक सेवंद्रवांनी श्रुक्तवद्रा वलन,—

"विमीष: विकाय: स चनु विश्वपायविश्ववनं, विभाषारी पाता श्रमति विमुपादान इति प।"

⁽के) "समस्तार्थान् विविधित्व प्रवात्वाप्रीति कर्ववा।"
"तंत्रात् नेत प्रकानि कर्वाचि पुरुषर्वतः।
वनार नगरायां हि सिक्षिः पौर्वपहेतुकी है" [रनशक्त]

লিবা জগৎ স্ট করিয়াছেন। কিছ তিনি কি প্রকারে—কি
কৌশলে—কিরপ যতে—কোথার থাকিরা—কি দিয়া নির্দাণ করিলেন ?—বিদ এই সকল বিষয় বৃদ্ধিতে আরোহণ করাইতে চাও—
তবে যুক্তি কুশল সংস্কৃতাত্মা পুরুষের আন্তর-স্টের দৃষ্টান্ত অন্সরণ
কর—সমাহিত হইয়া চিন্তা করু—বৃদ্ধিতে পারিবে যে ঈশর কি
প্রকারে কি কৌশলে এই বিচিত্র জগৎ স্টে করিয়াছেন, কেন না,
এক সময়ে ইহা ঈশরেরও সংকল্পে ছিল ♦। ফল, সয়য়ায়ক যৌজিক
জ্ঞানের মহিমা, শক্তি, পরিমাণ, কিছুরই ইয়ভা করা যায় না।

এতাদৃশ মহিমান্তি যৌক্তিক জ্ঞানের সহিত কাহার না পরিচয় থাকা উচিত ? কিন্ত তৎপক্ষে এক বলবৎ প্রতিবন্ধক আছে। প্রকৃত যুক্তি ও প্রকৃত যৌক্তিকাজান অর্থাৎ প্রকৃত-যুক্তি ও প্রকৃত-যৌক্তিকজ্ঞানের তুলা বেশধারী কতকগুলি তও যুক্তি ও জ্ঞান সর্বাদাই একত্র বাস করে, ইতরাং তন্মধ্য হইতে প্রকৃত যুক্তি এবং প্রকৃত-যৌক্তিক-জ্ঞানকে চিনিয়া গুরুষা হুইতে প্রকৃত যুক্তি এবং প্রকৃত-যৌক্তিক-জ্ঞানকে চিনিয়া গুরুষা হুইতে প্রকৃত যুক্তি কি ? চিনিতে না পারিলে, একটা যুক্ত্যাভাস মাত্র অবলম্বন করিয়া তজ্ঞানিত জ্ঞানের অনুগামী হুইলে, মনুষাকে পদে পদে প্রভারিত হুইতে হয়। অতএব, যে উপারে হুউক, প্রথমতঃ প্রকৃত যুক্তি কিরপ—ভাহা জ্ঞাত হওয়া আবশাক।

জানিবার উপায় কি ? যুক্তি বা বোক্তিকজ্ঞান একটি নহে, তাহা অসংখ্যা, সতরাং অসংখ্যা-বোক্তিকজ্ঞানের এক একটি করিয়া চিনিতে হইলে, সমস্ত জীবন বার করিলেও শেব হইবে না ৷ যদ্যাশি প্রকৃত যুক্তির কোন বিশেব লক্ষণ থাকে, তাহা হইলে সেই লক্ষণ

^{(•) &}quot;स ऐवर्त महस्ता मनावेम्" [अंवि]

ষাহাতে যাহাতে দেখিতে পাইব, তাহাকেই প্রকৃত যুক্তি বলিয়া গ্রহণ করিব, অন্যকে পরিত্যাগ করিব; কেন না, একটির লক্ষণ অবগত থাকিলে তদ্ধারা তজ্জাতীয় সমস্ত পদার্থের অবগতি লাভ করা যাইতে পারে। অতএব প্রকৃত যুক্তির যদি কোন প্রকার লক্ষণ থাকে—তবেই মন্থ্য যুক্তি-পরিচয়ে নৈপুণ্য ল্লাভ করিতে পারে, নচেৎ না *।

যুক্তি-নিপুণ দার্শনিক পণ্ডিতেরা বলেন, কোন বিষয়ে মন্থয়ের হতাশ্বাস হওয়া উচিত নহে। সকল বিষয়েরই যথন একটা না একটা লক্ষণ আছে, তথন যুক্তি বা যৌক্তিকজ্ঞানেরও লক্ষণ আছে। প্রকৃত যুক্তি ও প্রকৃত যৌক্তিকজ্ঞানের লক্ষণ আপাততঃ এইরূপ অব-ধারিত কর;—

"এই জগতে পৃথক্ পৃথক্, বা একত্রিত, অথবা পূর্ব্বাপরীভাবে [কার্য্য কারণ ভাবে'] অবস্থান করে, ঈদৃশ পদার্থ বহুল পরিমাণে আছে। তন্মধ্যে যাহার সহিত যাহার অবিনাভাব সম্বন্ধ অর্থাৎ পরস্পর অবিযুক্ত বা অপৃথক্ভাবে অনুস্যত থাকা স্বাভাবিক বলিয়া অবধারিত আছে, তাহার একটির উপলব্ধি হইবামাত্র অন্যটির সহিত যে স্বাভাবিক অবিনাভাব সম্বন্ধ আছে, মনো মধ্যে সেই সম্বন্ধের শ্বরণাত্মক-জ্ঞান উপস্থিত হইয়া যে তদ্বিষয়ে মনের পরীক্ষাত্মক ব্যাপার উপস্থিত হয়া—তাহারই নাম যুক্তি এবং তাহারই ফল বা তৎসমুখ জ্ঞানের নাম যৌক্তিক জ্ঞান।"

এই লক্ষণটি কাপিল স্বত্তের অমুসারী †। স্ত্রকার মাত্রেই সংক্ষেপ বক্তা। স্ত্র হারা নানাবিধ অর্থ ও রীতি-পদ্ধতির স্চনা

^{(*) &}quot;ऋषयीऽपि पदार्थानां नानःं यानि प्रयक्तमः।

खचर्यन तु सिद्धाना-मन्तं यान्ति निपयित:।।" [সায়नाচাर्या]

^{(†) &}quot;प्रतिवश्वहम: प्रतिवद्धज्ञान शतुमानम् ।" 🕷 कोशिलरूव]

মাত্র করাই তাঁহাদিগের উদ্দেশ্য। স্পষ্ট করিয়া বলা কেবল আচার্য্য-দিগের রীতি, স্তুকারদিগের নহে। স্তুকারেরা স্পষ্ট করিয়া বলেন না বলিয়া, আচার্য্যেরা দে সমস্ত স্পষ্ট করিয়া বলেন। স্ত্রার্থকালে যে পথে, যে রীতিতে, যে প্রকারে যে যে অর্থের বিস্তার করিতে হইবে, বক্তব্য বিষয়ের শুরীর যে রূপে চিত্রিত করিলে স্পষ্ট হইবে, সে সমস্তই হুত্র মধ্যে আংশিকরূপে নিহিত থাকে। আচা-র্যোরা সেই সেই অংশ অবলম্বন করিয়াই তাহাকে বিস্তার করেন। युक्ति ও योक्तिक-क्लारनत नक्तन याश वना रहेन, তाश रखास्त्रात्री विषया च्लेष्ठ रय नारे, निर्माय इय नारे। এজना श्रूनक छेशांक আচার্য্যদিগের রীতিতে বলা আবশ্যক, কিন্তু সম্পূর্ণ আচার্য্য-রীতিতে বলিতে গেলে এই প্রস্তাব এত বিস্তীর্ণ হইবে যে কেবল এই বিষয়ের নিমিত্ত একথানি স্বতন্ত্র পুস্তক না করিলে তাহা সঙ্গুলন হইবে না। স্তরাং অবিকল আচার্য্য রীতির অনুসর্ণ না করিয়া তন্মধ্য হইতে অবশ্য-বক্তব্য স্থূল স্থূল অংশ গুলিকেই বিবৃত করা বাইতেছে।

কোন পদার্থ, কোন এক পদার্থের সহিত নিয়ত অ্বস্থান করে,—কোন এক বস্তুর অভাব হইলে, তৎসঙ্গে অন্য এক বস্তুরও অভাব হয়,—কোন এক পদার্থ উৎপন্ন হইলে, তৎসঙ্গে বা তাহার অব্যবহিত পরে, অন্য এক পদার্থ জন্ম গ্রহণ করে,—ইত্যাদি প্রকারে এক পদার্থের সহিত অপর পদার্থের যে স্বাভাবিক-সম্বন্ধ থাকার নিয়ম पृष्टे इय, म्यूटे चार्ज्यकि नयस्त्रत्नाम व्यक्ति। ज्यक्ति। পদার্থে পদার্থে যে স্বাভাবিক-ব্যাপ্তি বিদামান আছে, সেই স্বাভাবিক ব্যাপ্তি থাকাই যুক্তির পূর্বে রূপ, আর মহ্ব্য-মনে তাহার অভান্ত সংস্কার স্কুলিত হওয়াই উত্তর রূপ। এই উভয়বিধ রূপ

একজিত হইলেই বৃক্তি জীবন লাভ করিতে পারে, নচেৎ পারে না। ৰহুির সহিত বৃষ্ঠের, * চলন ক্রিরার সহিত বৈগের, স্বাভাবিক ব্যাপ্তি

 चिन कोशांत्र अमन खान थारक रा, वान्त ७ थ्म अकरे वस, जरा তিনি অনেক সময়ে অনেক বিভাট ঘটাইবেন। ফল, ধুম ও বাস্প অতাস্ত ভিন্ন পদার্থ। বাস্পে অস্ত পদার্থের লেশমাত্র নাই কিন্ত ধুমে আছে। বাস্প কেবল কতকণ্ডলি জলীয় পরমাণু। ধূমে জলীয় পত্নমাণু আছে পার্থিব পরমাণুও আছে। ধূমের পার্থিবাংশ ধরা পড়ে কজ্জলে। একটি তৈজস পাত্রের গাত্রে সেহ তাব্য অক্ষণ করিয়া ধ্যোকাম ভানে ধৃত করিলে ধ্যের সমস্ত পার্থিবাংশ ঐ পাত্রের পাত্তে আবদ্ধ হইবে। যদি কেহ বিশুদ্ধ পৃথিবীধাতুর রূপ জানিতে ইচ্ছা করেন, তবে তিনি কজ্বলের প্রতি দৃষ্টিপাত করুন। কেন না, ঐ প্রকার রূপই পৃথিবীর স্বাভাবিক রূপ। জলের স্বাভাবিক রূপ ভাষর শুক্র। ইহা পরীক্ষিত কি व्यनदीक्कि, तक ज्ञारन ?—छेश किल "यत्क्रचं तत्पृथिवी, यत् धक्रं तदपा"— ইত্যাদি বৈদিকবাকো এখিত আছে। अर्थ এই যে পৃথিবী ধাতু কৃষ্ণবৰ্ণণ জল ধাতু শুক্লবর্ণ। ধূমে পার্থিবাংশ আছে, জলাংশও আছে। বাস্পে কেবলমাত্র জল পরমাণু যারা কখন কঠিন স্পর্ক রে না এবং সে নিজেও ঘনীভূত হয় না] এতদিবৰৰ ব্য অপেকা বান্দ গুজবৰ্ণ (ক্যাডালে বৰ্ণ) আর বান্দ অপেকা ধৃষ কিছু কুক্ষবর্ণ। ধ্মে পার্থিবাংশ আছে বলিয়া, যে বস্তুতে ব্যাপক কাল ধুম স্পর্শ इयु, त्म वश्च मिन इयु, किञ्च भाष्ठवरमञ्ज वान्य न्यार्ग इहेत्व त्म प्रमार्थ मिनन इहेत्व না, প্রভ্যুত, রাম্প স্বীয় জলাংশ স্বারা সেই বস্তুকে আর্দ্র রাখিবে। অপিচ, বাম্প ও ধুন এক কারবোৎপর নহে। ধ্মের কারণ সাধারণ উন্মতা। উব্যতা বাতিরেকে বাশ জন্মিতে পারে না। উবাুতা, গভীরজন জলাশয়ের মধ্যেও বাস করে-व्यक्ति देखका भनार्यस्य वाम करत । नीककारन रव, कनानत्र हरेरक ধাশ উবিত হয়, সে বাশোরও কারণ উবাুজু। জলের মধ্যে উবাুতা থাকে कि ना, তাহা তिनिर अनूशावन कवित्व शावित्वन, शिनि नीवकात्नव अवि-थजार नेमी ज्ञान यान कतिशाहन।

বাশ ও ধুমের প্রার একাকারতা আছে বলিরা, কথন কথন বাশোতে ধুম আম ক্ষমিতে পারে বটে, কিন্ত ধুম ও বাশা কোন মতেই এক পদার্থ নহে। বাশোতে ধুম-অম হইলে, সেই অমগৃহীত ধুমের বারা বহির সন্তা নিশ্চর হইবে লাকিন্ত তথপ্রদেশে সাধারণ উব্যুতার সন্তা নিশ্চর হইবে। এই সকল বিষয় আরগ্রেই ও বৈশান্তিক্ষিত্রের গ্রেহে বিস্তারিত ক্ষপে প্রতিপাদিত হইরাহে। আছে। দেখিয়া দেখিয়া, যদ্যপি কোন মন্ত্রের সংস্কার জন্মে বে, ধূম থাকিলে নিশ্চয় অগ্নি থাকে, আর বেগ উপস্থিত করিলে চলন অবশ্য হইবে, তাহা হইলে সেই মন্ত্রের নিকট যুক্তি স্বীয় শরীর বিস্তার করিবে, অন্যের নিকট করিবে না।

কোথাও ব্যাপ্তি দর্শন করিলে, তাহা স্বাভাবিক কি অস্বাভাবিক, পরীক্ষা করিতে হয়। যদি পরীক্ষা হারা নিশ্চয় হয় যে, সে ব্যাপ্তি স্বাভাবিক নহে, কোন পদার্থান্তরের সংস্গাধীন ঘটিয়াছে; তাহা হইলে সেই ব্যাপ্তিকে অস্বাভাবিকব্যাপ্তি বলিয়া পরিহার কর। যদি পরীক্ষা প্রয়োগ করিলেও তাহাতে পদার্থান্তরের সংযোগ লক্ষ্য না হয়, তবে তাহাকে স্বাভাবিক ব্যাপ্তি বলিয়া গ্রহণ কর।

মনে কর—কোপাও ধ্ম ও বহির সামানাগ্রিকরণ্য [এক স্থানে অবস্থান] দৃষ্ট হইল। ইইলে, প্রথমতঃ ইহাই দেখা আবশ্যক বে, ধ্ম ও বহি, এতছভ্তরের মধ্যে কোন্টির সহিত কোন্টির সাভাবিক ব্যাপ্তি আছে। বহির সহিত ধ্মের ? কি ধ্মের সহিত বহির ? যদি বহির সহিত ধ্মের স্থাভাবিক অবিনাভাব সম্বন্ধ থাকা নির্ণরহর, তবে ধ্মের সভার বহির সন্তা নিশ্র হইবে। আর যদি ধ্মের সহিত বহির সন্তার বহির সন্তা নিশ্র হর, তাহা হইলে বহির সন্তার ধ্মের সন্তা নির্ণর করিতে হইবে। অতএব, কোন্টির সহিত কোন্টির অবিনাভাব সম্বন্ধ স্থাভাবিক, তাহা নির্ণর করিবার নিমিন্ত পরীক্ষা প্রয়োগ করা আবশাক। সে পরীক্ষা অন্য প্রকার নহে, কেবল দাহ্য পদার্থের প্রকেণ ও নিক্ষেণ [অর্থাৎ একটি দাহ্য পরিত্যাগ করিরা অন্য আর একটি দাহ্যের সংযোগ করা]। পরীক্ষা প্রয়োগ করিবার নিমিন্ত স্থান করিবার আর একটি দাহ্যের সংযোগ করা]। পরীক্ষা প্রয়োগ করিবা

র্থের সংযোগ হইলেই ধ্ম জন্মে, তৈজস পদার্থের সহযোগে ধ্ম জন্মে
না। কেন না, বহি মধ্যে এক খণ্ড কান্ঠ নিক্ষেপ করিলে, তাহার
দাহন কালেই ধ্ম জন্মে, কিন্তু এক খণ্ড স্থবৰ্ণ নিক্ষেপ করিলে, সেই
স্থবৰ্ণ থণ্ডের দাহন কালে ধ্ম জন্মে না। অতএব, ধ্ম ও বহির স্বাভাবিক ব্যাপ্তি-জিজ্ঞাস্থ-ব্যক্তির ইহাই অবধারণ করা কর্ত্তব্য যে, বহির
সহিতই ধ্মের স্বাভাবিক ব্যাপ্তি, ধ্মের সহিত নহে। ধ্মের সহিত
বহির যে ব্যাপ্তি দেখা গিয়াছিল, তাহা স্বাভাবিক নহে। তাহা
পদার্থান্তরের [দাহ্য বিশেষের] সংযোগ বশতঃই ঘটিরাছিল। এই
রূপ নির্ণয়ের ফল এই যে, কোথাও অবিছিন্ন মূল ধ্মের উদ্গম দেখিতে
পাইলে, তন্মূলে বহি প্রাপ্তির আশা করা যাইতে পারিবে, কিন্তু বহি
মাত্র দেখিয়া কজ্জন্ম সম্পাদনের নিমিত্ত তদুপরি ধ্মের আশা করা
যাইতে পারিবে না।

বে কারণ দ্বারা ব্যাপ্তির অস্বাভাবিকত্ব নির্ণয় করা যায়, সেই কারণ-দ্রব্যাটর নাম উপাধি। জলীয়-পরমাণ্বহল দাহ্য পদার্থের সংযোগ, ধ্মের সহিত বহ্নির অস্বাভাবিক ব্যাপ্তি প্রকাশ করিয়া দিতেছে বলিয়া উহা ধ্মের সহিত বহ্নির অস্বাভাবিক ব্যাপ্তি বা অস্বাভাবিক সম্বন্ধ নির্ণয়ের হেতু হইতেছে স্থতরাং ক্থিত স্থলে ঐ আর্দ্রেরন [সজল কাঠা] সংযোগই উপ্পাধি হইয়াছে।

উপাধি হুই প্রকারে উপস্থিত করা যাইতে পারে। এক শক্ষিত ক্লপে, অপর সমারোপিত ক্লপে। উপাধি প্রদর্শন করিতে পারিলে তাহা সমারোপিত উপাধি হইবে, আর উপাধি থাকার শহা মাত্র করিলে তাহা শক্ষিত নামে পরিগণিত হইবে। এই দুই প্রকার উপা-ধিই অনিষ্টকারী অর্থাৎ প্রকৃত যুক্তির আচ্ছাদক্ষা পরস্ক তদুভরের মধ্যে প্রভেদ এই যে, সমারোপিত-উপাধি উৎপন্ন-জ্ঞানের অ্যাথার্থ্য প্রতিপন্ন করে; আর, শন্ধিত উপাধি তাহার যাখার্থ্য পক্ষে সন্দেহ জন্মায়। যুক্তি নির্দ্মাণের পর, জন্মধ্যে যদি কোন উপাধি থাকা নিশ্চয় হয়, তবে দে যুক্তিকে পরিত্যাগ করিতে হইবে, আর যদি কেবল মাত্র উপাধি থাকার আশকা উপুস্থিত হয়, তবে দেই আশভামাত্রের পরিহার করিতে হইবে। আশকা নিবারণের অন্বিতীয় উপায় তর্ক। তর্ক প্রয়োগ করিলেই আশক্ষা নিবারণ হইবে।

মনে কর, ধ্ম থাকিলেই বহি থাকে। এই একটি স্বাভাবিক ব্যাপ্তির হল। এতরাধ্যে বদি কোন প্রকার উপাধি থাকার আশকা কর,—তবে তাহা এইরপে ব্যক্ত কর। বধা—"ব্ম থাকিলেই বে বহি থাকিবে, এতৎপ্রতি কারণ কি ? নিয়মই বা কি ? বদিও দেখা যায় 'ধ্ম-মৃলে বহি থাকে' তথাপি তাহা নিয়মিত কি না সন্দেহ। যদি তাহা নিয়মিতই হয়, তবে সে নিয়ম স্বাভাবিক কি না সন্দেহ—কেন না তাহা স্বাভাবিক না হইতেও ত পারে ?—বদি বল, বহিন সহিত ধ্মের নিয়ন্তর একাধিকরণ্য দেখিয়াছি—যথন তাহা সদাকাল দেখিতেছি তথন তাহা স্বাভাবিক না হইবার বিয়য় কি ? আমি বলি, আছে। ঐ একাধিকরণ্য িকর্বভাবে থাকা বিয়য় কি ? আমি বলি, আছে। ঐ একাধিকরণ্য িকর্বভাবে থাকা বিয়য় কি গ্লামি অজ্ঞাত পদার্থের সংস্কাধীন ঘটবার আটক নাই, যাহার সংস্কর্বে দ্বাই-একাধিকরণ্য ঘটিয়াছে, সে পদার্থ লুকামিত আছে—আমরা জানিতে পারিতেছি না।"

এইরপে "ধ্ম থাকিলে তর্গুলে বহিং নিশ্চরই থাকে" এই
ব্যাপ্তি ক্র পাধিকত [অস্বাভাবিকত] শকা করিয়া তন্মধ্য হইতে উপাধি
বাহির করিবার চেটা পাও শ্রীকা প্রয়োগ করিবেও বদি উপাধি
নিকাশিত না হয়, উপাধি সুকায়িত থাকার আশকা দ্য না হয়, তবে

উহাতে তর্ক প্রয়োগ কর, তর্ক প্রয়োগ করিলে হয় ত উপাধি-টি নিকাশিত হইয়া আসিবে, না হয়, শঙ্কা দূর হইবে।

তর্ক,—"কার্য [জন্য] মাত্রেরই অব্যবহিত পূর্বেক কারণ [জনক'] সংলগ্ন থাকে। কমিন্কালেও ইহার অন্যথা হয় না। এই নিয়মামুসারে উৎপন্ন ধুম, বহ্নির, কার্য্য বলিয়া, উহার মূলদেশে বহ্নিকে অবশ্যই সংলগ্ন থাকিতে হইবে। যদি উদ্গত ধুমের মূলদেশে বহ্নি না থাকে বল—আর ধুম যদি বহ্নিকে অতিক্রম করিয়া অন্যত্র হইতেও উদ্গত হয় বল—তবে ধূম, বহ্নিভিন্ন অর্থাৎ জলাদি পদার্থ হইতেও জন্ম লাভ করে, ইহাও বলিতে পার। কিন্তু ধূম বহ্নি-ব্যতীত জন্ম লাভ করিতে পারে না, স্ক্তরাং অবশ্য জার্মান বা দৃশ্যমান ধ্ম-দণ্ডের মূলে বহ্নি সংলগ্ন আছে।"

এইরূপ তর্ক-সংযোগ দারা কথিতবিধ উপাধিদ্বরের সদ্ভাব অণবা আশকা নিরাক্ত কর—উপাধি নিরাক্ত হইলেই ব্যাপ্তির স্থাভাবিকত্ব দ্বির হইবে। *

এ জগতে স্বাভাবিক ব্যাপ্তি তিন প্রকার ভিন্ন চতুর্থ প্রকার নাই। তাহার একের নাম অব্যা-ব্যাপ্তি, দ্বিতীয়ের নাম ব্যতিরেক-ব্যাপ্তি, তৃতীমের নাম উভয়াত্মক অর্থাৎ অব্যা-ব্যতিরেক। [অব্যাপ্ত

^{*} তর্ক বরং প্রমাণ নহে। উহা প্রমাণ গ্লুত সর্ব্ধ প্রকার সংশয়ের নিরাশকমাত্র। বেখানে যে প্রকার তর্কের উপযোগিতা থাকে, সেখানে সেই প্রকার
তর্কের নিয়োগ করিতে হয়। তর্কের ভিত্তি কার্য্য কারণ ভাব। কার্য্য কারণ
ভাব বজার রাধিরা জ্ঞানের শরীর পরিকার করার নাম তর্ক। ধ্ম ও বহিন্দর
শ্রিক্তাবিক ব্যাপ্তি আছে কি না জানিবার জন্য যে তর্ক অবতারণ করিতে হইবে,
ভাহাও কার্য-কারণভাব ঘটিত। প্রদর্শিত তর্কের আকার দার্শনিকেরা সংস্কৃত
ভাষার "পুনী অহি বঙ্গিল্পানিকারী জ্ঞান্ নহা ধুন্তন্দীয়ে স জ্ঞান্।"
ইত্যাদি প্রকারে ব্যক্ত ক্রিয়া থাকেন।

আছে ব্যতিরেকও আছে] এই ত্রিবিধ ব্যাপ্তির লক্ষণ ও উদাহরণ প্রদর্শিত হইতেছে দৃষ্টি কর—

অৱম্ব-ব্যাপ্তি—যে থাকিলে যে অবশ্যই থাকে [যথা, ধৃম থাকিলে **उन्न** ति व्यवभाष्टे शास्त्र ।]

বাতিরেক-ব্যাপ্তি,—একটির অভাব হইলে তৎসঙ্গে অন্য এক-টির অভাব হয় [যণা, বহ্নির অভাব হইলে ধ্মের, কিংবা কারণের অভাব হইলে কার্য্যের অভাব হয়।]

উভয়াত্মক বা অম্বর-ব্যতিরেক—যে থাকিলে যে নিশ্চয় থাকে, এবং না থাকিলে নিশ্চিত থাকে না। [যথা, আর্ত্র-দাহ্য সংষ্ঠুক্ত বহিং থাকিলে নিশ্চিত ধূম থাকে, না থাকিলে থাকে না।]

এই তিন প্রকার ব্যাপ্তির যে কোঁন ব্যাপ্তি, যে পদার্থের সহিত যে পদার্থে সম্বদ্ধ আছে—তত্তাবৎ অবগত হইতে পারিলেই মনুষ্য যুক্তিকুশল হইতে পারে। ব্যাপ্তি-জ্ঞান সঞ্য করিবার উপায় আর কিছুই নহে--কেবল ভূরি ভূরি পদার্থের প্রকৃতি, ভাব, গতি, জাতি, সম্বন্ধ ও কার্য্য-কারণ ভাব প্রভৃতি পর্য্যবেক্ষণ করা—বার বার পর্যাবেক্ষণ করা 🛊। বিনি যে পরিমাণে ব্যাপ্তিজ্ঞান সম্পন্ন হইতে পারিবেন, তিনি সেই পরিমাণে যৌক্তিক-জ্ঞানের অধিকারী ইইবেন।

অপিচ, ব্যাপ্তি দুই বা ত্তোধিক পদার্থ ঘটিত। তাহার মধ্যে একটি পদার্থ ব্যাপ্য, অপর গুলি ব্যাপক। পূর্ব্বোক্ত ব্যাপ্তিলক্ষণের মধ্যে ''যাহার সহিত'' এই অংশ ঘারা যাহাকে লক্ষ্য করা হুইয়াছে, সেই পদার্থকে ব্যাপ্য আর ''যাহার অবিনাভাব সম্বন্ধ' এই অংশের

^{🕈 &}quot;कार्य-कार्यभावादा खमावादा नियानकात्। भविनामाविनयसी दर्भनान्तर दर्भनात्।।" [माधवानाया]

ষারা বাহাকে লক্ষ্য করা হইতেছে, তাহাকে বাগিক বনিয়া জানিতে হইবেক। দার্শনিক ভাষার ব্যাপ্যের নামান্তর—হেডু ও লিক। আর ব্যাপীকের নামান্তর স্থান বিশেষে সাধ্য ও প্রতিজ্ঞা। এই সাধ্য বা প্রতিজ্ঞার আধার বা আশ্রর স্থানের নাম পক্ষ।

যুক্তির লক্ষণ বলা উপলক্ষ্যে এ পর্যান্ত অংশ অংশ করিয়া যে किছू वना रहेन, उद्धाव९ এकजिउँ वा योग कतिया उद्घाता धरेक्रप निषर्व मांভ হইতেছে यে, "পরীক্ষাশীল বছদর্শিবাক্তি বস্তর স্বভাব, প্রকৃতি, জাতি, গুণ, কার্য্য-কারণভাব ও সমন্ধ প্রভৃতি নিরন্তর পর্যাবেক্ষণ করেন বলিয়া ভন্তাবং গুলি ভাঁহার অন্তরে সংস্কারাবদ্ধ হইয়া থাকে। এতাদৃশ ব্যক্তি যদি কথন কোন প্রকার পদার্থ অবলোকন করেন, বা, মনে মনে ধ্যান করেন, তাহা হইলে তৎ-ক্ষণাৎ তাঁহার পূর্ব্যঞ্জিত সেই সকল সংস্কারগুলির উদ্বোধ হয়। শংস্কারের উদ্বোধ হইবামাত্র ভন্নলে ''ইহা অমুক বস্তু—ইহার সহিত অমুকের উদৃশ সম্বন্ধ"—ইত্যাদিপ্রকার পূর্বালোচিত ভাব সমস্তের শ্বরণ বা আন্দোলন হয়। এই আন্দোলনাত্মক শ্বরণের ফল জ্ঞান-খিশেষের উৎপাদক মানসিক ব্যাপার। এই মানসিক-ব্যাপার যে জ্ঞানকে প্রস্ব করিবে, সেই জ্ঞানেরই নাম যৌক্তিকজ্ঞান, জার সেই হুসম্বন্ধ আন্দোলনাত্মক মানসিক ব্যাপারের নাম যুক্তি। তৎপ্রকাশক বাক্যের নামই বুর্জিবাক্য। এই বোক্তিক-জ্ঞান অব্যভিচারী। ইহার নামান্তর অসুমিতি ও অনুষান [অনুমিতিকেও কথন কথন অনুমান मर्क উল्लंभ क्या इय] *।

^{*} ধ্ম ও বহিং ঘটিত দৃষ্টান্ত গুলি ছ'ল বৃদ্ধি ব্যক্তিও বৃথিতে দমৰ্য, এ জন্য কোন স্ক্ষু পদাৰ্থ অবলম্বন না ক্রিয়া, ধ্ম ও বৃহিকে ফইয়া সকল কথাই বলা

এবদ্বিধ যৌক্তিক-জ্ঞান কথন আপনাৰ অন্তঃর স্বতঃই উৎপন্ধ হর, কখন বা পরের অন্তরে বলপূর্বক উৎপাদন করিতে হয়। জনা পূর্ব পূর্বে পণ্ডিতেরা ইহাকে ছুই শ্রেণী ভূক্ত করিয়া থাকেন। স্বার্থাত্মান ও পরার্থাত্মান। স্বার্থাত্মানে কোন গোলযোগ নাই; कातन, कान अनार्थ नर्मन कतिरण अत्र, वाशिखान-मण्यत श्रुकरमत्र श्रमात्र व्यापना इरेएडरे उ९मश्क वश्चत्र छेपनिक इरेगा थारक-पूर्व কথিত যুক্তির আন্দোলন বা তাহার শরীর বিস্তার করিবার আবশ্যক হর না। চকুর সহিত বিষয়ের সংযোগ হইবামাত্র বিনা আন্দোলনে যেমন জ্ঞানোৎপত্তি হয় অর্থাৎ তৎকালে বা ডাহার পূর্ব্বে এমন জ্ঞান হয় না যে, আমি চকুর্বারা এই কারণে এই রূপ করিয়া ইহা দেখিতেছি, — এইরূপ, স্বার্থামুমান উৎপন্ন হইবার পূর্বের বা ভৎসম-कारल ज्ञात्मालन इव ना रव जामि এই कावरण धवरत्यकारत हैश জানিতেছি; অতএব স্বার্থানুমানে যুক্তি করনার প্রয়োজন হয় না-পরার্থানুমান পক্ষেই উহার প্রয়োজন। কারণ, অবোধ ব্যক্তিকে বা সংশন্ধিত ব্যক্তিকে বুঝাইতে হইলে, তাহার চকুর উপর যুক্তির শরীর নির্মাণ করিয়া দেখাইতে না পারিলে, হৃদয়ের মধ্যে প্রবিষ্ট कतिया मिटा ना भातित्व, तम बुबित्व मा-तम निःमनिष्यं इटेर्च ना। এই জন্যই পণ্ডিভেরা তাদৃশ ৰাক্তির নিমিত্ত যুক্তির শরীর-নির্মাণের উপযোগী পাঁচ্ট অবয়ব কল্পনা করিয়া থাকেন। সেই পাঁচ্টি অবয়বের নাম যথাক্রমে প্রতিজ্ঞার উল্লেখ, হেতু প্রদর্শন, উদাহরণ,

हरेत। अभिन, मःकात यनि कम मार्थ पृष्ट शास्त्र, जात जरमःकास पृक्षिकित मिथा। इहेरने। स्व नंख मिथा। युक्ति हित कतित्ज हरेरने, मिरे नज़त मिथा। यि कि स्वा ना हम्, जरन जहुत स्वा ना कार्य कार्य कार्य करेंद्र ना।

দেশান, উপানয় অর্থাৎ ব্যাপ্তির শারণ করান এবং অবশেষে নিগমন।
অর্থাৎ ব্যাপ্য বা হেতু বস্তুটি দেখাইয়া তাহার সহিত যাহার অব্যক্তিচারী সহচারিত্ব আছে—তাহার অবশ্য সন্থা অন্তুত্ব করান।

প্রতিজ্ঞা—যেটি সিদ্ধ করিতে হইবে, তাহার উল্লেখ বা স্থাপন করার নাম প্রতিজ্ঞা [যথা, সম্মুখস্থ পর্কতে বহু আছে]। পর্কতে বহ্নির অন্তিম্ব সিদ্ধ করিতে হইবে স্থতরাং কথিতরূপে তাহার উল্লেখ করাই প্রতিজ্ঞা শব্দের বাচ্য।

হেতু *—ব্যাপ্য পদার্থাট প্রদর্শন করা [যে অদৃশ্য বস্তুটি সিদ্ধ করিতে হইবে, তাহার সহিত দৃশ্যবস্তুটির যে স্বাভাবিক ব্যাপ্তি আছে,

^{*} হেতুটি নির্দ্ধোষ হওয়া আবশ্যক। হেতুতে কোন প্রকার দোষ থাকিলে ভদ্মারা সভা লাভের আশা করা যাইতে পারিবে না। এজন্য হেতৃটি সদোব কি निक्षिय, विवाहना कड़ा खावनाक। एतर थारक श्रीत्रज्ञांश कड़-ना थारक श्रहन কর,—এই নিয়ম দর্বত্ত অনুস্তাত থাকিবে। হেতুর নির্দোষতা প্রমাণ হইলে, ব্যালিরও স্বাভাবিকত্ব নিশ্চয় হইবে। ছুই অর্থাৎ সদোব হেতৃকে শাস্ত্রকারেরা 'হেত্বাভাস' বলিয়া থাকেন। হেত্বাভাসের অর্থ এই বে, দেগিতে হেতুর ন্যায় কিন্তু তাহা বাস্তবিক হেতু নহে। এই হেতাভাদ পাঁচ প্রকার। স্বাভিচার, বিরুদ্ধ, অসিদ্ধ, দংপ্রতিপক্ষ, ও বাধিত। এই সকল দোব যুক্ত হেতুর বিবরণ मः करिकाल अहे मार्क बना याहेरिक शास्त्र या, याहारिक रहकू विविद्या अवधात्र করিতে হইবে, সাধ্যের সূহিত তাহার যদি কখন কোথাও বাভিচার দৃষ্ট হয়, তবে তাহাকে স্বাভিচার বলিয়া ল্লান। পক্ষে হেতুর সন্তাব এবং হেতুর সহিত সাধ্যের স্বাভাবিক ব্যাপ্তি থাকা যদি পরীক্ষা দারা সিদ্ধ না হয়, তবে তাহাকে অসিদ্ধ বলিয়া জান। *বিকল্প-প্রমাণাস্তরের সহিত বিরোধ উপস্থিত হইলে ভাহাকে বিরক্ষ নামক হেছাভাস বল। সাধ্যের অভাব-বোধক হেছপ্তর থাকিলে ভাহাকে সংপ্রতিপক বলা যায়। প্রমাণান্তর দারা হেতুর হেতুছ অপগত হইলে ভাষা বাধিত নামে ব্যবহৃত হয়। এসকল বিস্তার করিতে গেলে অতি বাহলা इश, क्रिंग्स्फः এ मकल विठादित्र अपर्यन करा अ श्रुष्टकर উत्पर्या नहि । হেত্বাভাস বা সদোব হেতুর লক্ষণ গুলি সংক্ষেপে বলা হইল, এতদকুসারে मुम्बय वा क्रियांहर्त इन छनि योगेहियां नर्छ।

পক্ষে [হেতুর অধিকরণ প্রদেশে] সেই বস্তুটির অল্রান্ত অন্তিম্ব প্রদর্শন্ করা [যথা, দেখ-দৃশ্যমান পর্কতে ধ্ম দেখা যাইতেছে]।

উদাহরণ-ব্যাপ্য-পদার্থ থাকিলে যে তথায় ব্যাপক-পদীর্থঞ থাকে, এমন একটি স্থল দেখান। [যথা, স্মরণ করিয়া দেখ, পাক-শালায় ধূম থাকে--তন্মূলে বহ্নি**ওু** থাকে]।

উপনয়—অমুমেয়-পদার্থটির সহিত দৃশ্যমান ব্যাপ্য [হেতু] পদার্থের যে স্বাভাবিক ব্যাপ্তি আছে, তাহা তাহাকে নিঃসৃংশরিত রূপে স্থরণ করান। [যথা, ধুম থাকিলে তন্মূলে বহ্নি থাকার নিরম আছে। শ্বরণ কর, তুমি বেখানে বেখানে ধৃম দেখিয়াছ, সেই সেই খানেই বহ্নি দেখিয়াছ।।

নিগমন—তর্ক দারা সংশয়চ্ছেদ করিয়া পুনশ্চ প্রতিজ্ঞাত পদা-র্থের অন্তিম্ব সিদ্ধির বিষয় উল্লেখ করা [যথা, যথন অম্ক বস্তু দেখি-তেছ—তখন ওখানে অবশ্য অমৃক আছে; যে যেহেতু, অমৃক থাকিলে অমূক অবশ্যই থাকে। মনে কর-যেমন বহ্নি-ব্যাপ্য ধুম বেথান হইতে অবিচ্ছিন্ন ভাবে উদাত হয়, তাহার মূলপ্রদেশে বহি অবশ্যই থাকে। ধ্মমূলে বহ্নি না থাকিবার কারণ কিছুমাত নাই। ध्रमाकारमत्र मृत अरमण रा निम विक्निम्त इहेरव, धूम रमिन निका বহি,ভিন্ন পদার্থ হইতে উৎপন্ন হইবে। কিন্তু আজ্ও তাহা হয় নাই। অতএব যত দিন বহু ধুম জন্মহিবে—তত্দিন ধ্মের মূলে বহিকে থাকিতে হইবে ।

এইরূপে পাঁচ্টি, অবরব স্বারা যুক্তির শরীর উৎপন্ন হয়। উৎ-পরশরীর যুক্তি, মহাদাগকে ইজিবের অতীতপদার্থে উপনীত করিয়া থাকে। কোন কোন বৈদান্তিক আচার্য্য, কথিতবিধ পাচ্টি অব্যবের অবা তিন্ট যাত্র অব্যবকে কার্যাকারী মনে করেন।
[অন্য হুইটি অকর্মণ্য] স্বতরাং ইইাদের মতে তিন্টি মাত্র অব্যব
ফুর্জির অঙ্গ। সে তিন্টি এই,—প্রতিজ্ঞা, হেতু ও উদাহরণ। আবার
কেহ কেহ বলেন, তিন্টিরও আবশ্যক নাই, কারণ, ব্যাপ্তিজ্ঞানসম্পন্ন পুরুষের নিকট, প্রতিজ্ঞার উপর একমাত্র হেতু প্রবর্শন
করিলেই যথেই হয়। এমতে ছুইটি মাত্র অব্যব বলা হইতেছে।

এবিষধ অবয়ব সম্পন্ন যুক্তি 'ন্যান্ন' নামে ব্যবহৃত হইনা থাকে।
পৌতম ও কণাদ, এই পঞ্চাবনৰ ন্যান্নকে বহু বিভান করিয়া বলিয়া-ছেন। তদমুসারে তাঁহাদের কৃত গ্রন্থের নাম ন্যান্ন গ্রন্থ বা ন্যান্ন শাস্ত্র হইনাছে। এই যুক্তির সহিত মহুন্য মনের যে কিরপ অনির্বাচনীর সম্বন্ধ আছে—যুক্তি মানবমনের উপর যে কি,পরিমাণে প্রভুত্ব করিতে পারে,—তাহা অবধারণ করিয়া বলা যান্ন না। কল, সন্দিশ্ধ-পুক্ষবের দন্দেহ ভঞ্জন, ভ্রান্তপুক্ষত্ম ভ্রম-নিরাকরণ, অবোধপুক্ষবের বোধ উৎপাদন করিতে একমাত্র যুক্তিই পটারসী। জগতে যুক্তিরপ পরীক্ষা বিদামান না থাকিলে, কি আধ্যাত্মিক কি কাহ্যিক, কোন প্রকার উন্নতি হইত না; এমন কি, এ জগং পুত্র কলত্রাদির সহিত একত্র বাসরেও উপযোগী হইত না।

পূর্ব্বে বে তিন প্রকার ব্যাপ্তির উ্কুরেখ করা হইরাছে, তদমুদারে যুক্তির গতি ও নাম তিন প্রকার। এক প্রকারের নাম পূর্ববিৎ, অপর প্রকারের নাম শেষবৎ, তদ্ভির প্রকারের নাম সামান্যতোদৃষ্ট।

পূর্বরং — "কার্য্য থাকিলে তাহার কারণও থাকে" এবল্পকার অব্য-বৃষ্টিত ব্যাপ্তি হইতে যে যুক্তির উপান হয়, তাহার নাম পূর্ব-বং ্বথা, কার্য্য দেখিয়া কারণের অহুসন্ধান বা নির্ণয় করা] এই জাতীয় যুক্তির সাহায্যে মহুষ্য, জগতের শৈশবাবস্থা, ঈশরের বাস ভূমি ও স্বর্গের বৈভব নির্ণয় করিতে প্রবৃত্ত হয়।

শেষবৎ—"কারণের অভাবকালে তৎসঙ্গে কার্য্যেরও অভাব হয়" এবন্ধিধ ব্যতিরেক-ব্যাপ্তি ঘটিত যুক্তির নাম শেষবৎ। [কারণের ভাবাভাব-অনুসারে কার্য্যেরও ভাবাভাব নিশ্চয় করা] এই জাতীয় অনুমানের বলে মনুষ্য, মৃত্যুর উত্তর কাল ও ভবিষ্যতের গর্ভ-পরীক্ষায় প্রবৃত্ত হয়।

সামান্যতোদৃষ্ঠ—তুল্য-শ্বভাবাপর বা তুল্যজাতীয় বস্কর একটি মাত্র দেথিরা, তৎ সজাতীয় অন্য একটি অদৃশ্য বস্কর নির্ণয় করা। [যথা,—মহানদে (পাক শালায়) ধ্ম ও বহুর একত্র সমাবেশ দেথিরা তহুভ্রের স্বাভাবিক সহচারিত্ব জ্ঞান জন্মিরাছিল, এক্ষণে পর্বতে কি স্থানাস্তরে তত্ত্ল্য অর্থাৎ তৎসদৃশ ধ্মান্তর দেখিয়া তৎসহচর বহু-সজাতীয় অন্য বহুর সম্ভাব নির্ণয় করা হইতেছে] এই জাতীয় অম্-মানের বলে জীব, যাবৎ-সতীন্ত্রিয় পদার্থের নির্ণয়ে প্রবৃত্ত হয়] *।

এই তিন প্রকার যুক্তির জনির্ণেয় বস্তু বর্ত্তমান দৃষ্ঠ জগতে নাই। এই তিন প্রকার যুক্তির আশ্রয় না লইতে হয় এমন অবস্থাই নাই, সময় নাই, ঘটনাও নাই। যুক্তি, প্রত্যক্ষর উপর প্রভুত্ব করে, বাক্যের উপরও প্রভূত্ব করে। যুক্তি, প্রত্যক্ষ ও বাক্য এতহভয়ের অতীত বিষয়ের উপরও প্রভূত্ব করে। কোন পদার্থ দেখিলে, তাহা ঠিক্ দেখা হইল কি না, যুক্তির সাহায্য ব্যতিশ্বেকে নির্ণয় হয় না। কেহ কোন উপদেশ বাক্য বলিলে, তাহা স্বর্দ্ধপার্থ-দেয়াভক কি না, যুক্তি ব্যতিরেকে বুঝা যায় না। অতএব, স্কৃদ্ধ মহিমান্তিত যুক্তির সহিত

[&]quot; "सामान्यतम् हटादतीन्द्रयाचा प्रतीतिरतुमानात्" [मरोशाकोतिका]

শশ্রণ পরিচর রাখা আবশাক এবং ইহাকে বলিতে হইলে বিস্তার করিয়া বলাই উচিত। বৃক্তি-শূর আচার্য্যেরা বৃক্তির প্রতি যে শ্রকার পরাক্রম প্রকাশ করিয়া গিয়াছেন, সে সম্লায় উল্লাটন করা শ্রকাদির অসাধ্য স্বতরাং প্রকৃত্যুক্তি ও প্রকৃত্যৌক্তিক-জ্ঞানের শ্রকটি রেখা মাত্র কর্মনা করিয়া, ইহাকে অপূর্ণ অবস্থাতেই শেষ ক্রিয়াম ঃ

উপদেশিক-জ্ঞান ও উপদেশর স্বরূপ।

এই ঔপদেশিক-জ্ঞানের অন্য নাম 'শাক জ্ঞান' ও 'শাকী প্রমা' প্রবং ঐ উপদেশের নামান্তর শাস্ত্র, শক্ষ, বাক্য প্রভৃতি।

কাঠ লোগ্রে আঘাত করিলেও শব্দ উৎপর হয়, আবার আ্রার্থার প্রায়ের মানব-কঠ হইতেও শব্দ নির্গত হয়, পরস্ত তত্ত্বপ্রকার শব্দের কার্য্যকারিত্ব এক রূপ নহে। উক্ত উভয় জাতীয় শব্দের প্রেয়োজন ব্যবহার ও কার্য্যকারিত্ব, সমস্তই ভিয়। এতদ্ধ্রে দার্শনিক পণ্ডিভেরা শব্দের ত্ইটি জাতি কয়না করিয়া থাকেন। একটি জাতি ধ্বন্যাত্মক, অপর জাতি বর্ণাত্মক। এই ধ্বন্যাত্মক শব্দকে আমরা অব্যক্ত শব্দ বিলয়া ব্যবহার করি, স্থল-বিশেষে 'অফ্করণ শব্দ' বলিয়াও থাকি। আর, বর্ণাত্মক শব্দকে ব্যক্ত শব্দ, বাকা ও কথা প্রভৃতি বছবিধ নামে উল্লেখ করিয়া থাকি।

শক্ষ মাত্রেরই অভাব এই বে, উহারা প্রবণেক্রিয়ে সংলয় ইইবা-বান, ইক্রিয়-অধিচাভার নিকট আপনার ব্যাস প্রকাশ করে এবং কোন

প্রকার না কোনপ্রকার জিন্ধার বা জ্ঞানের আধান করে। জন্মধ্যে, বে সকল শব্দ কেবলমাত্র শোক, হর্ব, আবেগ প্রভৃতি বৈকারিক ভাবের আধায়ক হয়, বাহাতে কোন প্রকার অর্থের সংস্তব থাকে না অর্থাৎ যাহা মানব-মনে কোন প্রকার পদার্থের ছবি সংলগ্ন করিছে: পারে नों, त्में मकल नक ध्वमि काडीय व्यवः ইहा बेरे व्यवाखन काडि 'व्यक्र-করণ'। মুরজ, মৃদঙ্গ, কাংস্য, করতাল, তৃরী, ভেরী প্রাভৃতির শব্দ এই ধ্বনি-জাতীয় এবং অস্মদাদির নিকট পাশব-শব্দপ্ত ঐ ধ্বনি-জাতীয়। মহ্য্যকণ্ঠ-বিনিৰ্গত শব্দ যদি বৃদ্ধিপূৰ্বক বা সংশ্বারপূৰ্বক নিৰ্গত না हम्, তाहा इटेटन दम मकंड भागव मदमत माम स्विन-काठीम हहेरव। যথা—অতিবালক, অত্যুদ্মত ও রোগবিশেষগ্রস্ত মহুষ্যের ই্যা—হুঁ---জ্যা—জ্ৰু—প্ৰভৃতি শক্ষ । যে শক বৃদ্ধি পূৰ্বক মানব কণ্ঠ হইতে বিনিঃস্ত হয় এবং অর্থের সহিত যে শব্দের সম্পূর্ণ সংস্ত্রৰ আছে, অর্থাৎ যে শব্দ দারা মানব-মনে কোনো না কোনো বস্তুর আকরি [ছবি] সন্নিপতিত হয়, সেই সকল শব্দকে 'বৰ্ণ শব্দ' বা 'ব্যক্তশব্দ' বলা বায়। এই অসীম-মহিমাবিত বর্ণশব্দ বারা কবিরা প্রাম, নগর, পরী অট্টালিকা এবং স্থা, হঃখ, লোভ, মোহ, কাম, ক্রোধ, ভয় প্রভৃতি বহুবিধ মানসিক ভাবের ছবি অন্যের মনে আহিত করিয়া থাকেন। বস্তুর বর্ণনা সিদ্ধি হয় বলিয়া এই জাতীয় শব্দের নাম 'বর্ণ শব্দ'। हक्त्रीता रवमन व्लब्ध आकात ध्रकात छेशनिक रम्, धरेम्रण वाका-দারাও বস্তুর আকার প্রকার স্কৃতি প্রবগত হওয়া যার, বরং চক্-অপেকা বাকোর গতি অধিক ব্যাপক। চক্-ছারা হথ ছংথাৰি অন্তঃপদার্থের গ্রহ (জ্ঞান) হয় না, কিন্তু তাহা বাক্যমার। হয়। চক্ষারা অন্যের অন্তরে বস্তর আকার প্রাবিষ্ট করান সাহ না, কিন্তু বাজ্য ছারা

যার। চক্ষ্: কেবল নিজ-অধিষ্ঠাতার অনুগত, কিন্তু বাক্য নিজ-অধি-ষ্ঠাতার ন্যায় অন্যেরও অনুগত। বাক্য যদি স্থ-পর সাধারণকে স্থ্ ছঃথের ভাগী না করিত, তাহা হইলে লোক অন্যের বক্তৃতায় আপনি মোহিত হইত না এবং আপনার বক্তৃতায় আপনি অনুরক্ত বা বিরক্ত হইত না। বেদে ইন্দ্রিয়নিচুয়ের বাহ্য-দর্শিতা বিষয়ে একটি মন্ত্র উক্ত হইয়াছে। যথা—

"पराखि खानि व्यवस्त् स्वयभुक्तसात् पराक् पश्चिति नाऽन्तरात्मन्"।

ইন্দ্রিরগণ পরের অমুগত হইল দেখিয়া স্বয়স্ত্র (পরমাত্মা) তাহা-দিগকে হিংসা করিলেন, তদবধি তাহারা আর অন্তরাত্মাকে দেখিতে পায় না। ইহার ভাব এই যে, ইন্দ্রিয় দারা কেবল বাহ্য-দর্শন সিদ্ধি হয়, অন্তঃপদার্থের দর্শন সিদ্ধি হয় না। কিন্তু—

"वाक् वै सब्वें विजानाति सर्वमितत् वची विस्ति:।"

অর্থাৎ জগতে পরোক্ষ ও অপরোক্ষ যে কিছু বস্তু আছে, তৎসমন্তই বাক্যের ঐর্থ্য অর্থাৎ বাক্য দারা সমস্ত পদার্থেরই উপলব্ধি
সিদ্ধি হয় । পূর্বে কালের ঋষিরা বে, গুরুর নিকট হইতে আত্মসাক্ষাৎকার লাভ করিতেন, তাহা তাঁহারা বাক্য দারাই করিতেন।
সামরা যে সংসার চক্রে ঘূর্ণমান হইতেছি, তাহাও বাক্যের অধীন
হইয়া। অতএব প্রত্যক্ষ ও অনুমানের ন্যায় বাক্যেও একটি অথগুনীয়
প্রামাণ্য আছে, ইহা অবশ্য স্বীকার্যা।

^{*} বাহ্য ইন্দ্রির অপেকা বাক্যের বিষয় অধিক বটে, কিন্ত অন্তরিন্দ্রিরের অপেকা নহে। কেন না, যাহা মনের বিষয় মহে, তাহা বাক্যেরও বিষয় নহে। মন যে কিছু নির্মাণ করিতে পারে, সে সমন্তই বাক্য প্রকাশ করিতে পারে, অন্ত ইন্দ্রির পারে না, এই মাত্র করা ইনার উল্লেখ্য।

া সাংখ্যাচাৰ্য্য ঈশ্বর-কৃষ্ণ ৰলিয়াছেন "দেখা গেল না বলিয়া বস্তৱ অভাব অবধারণ করা উচিত নহে; কারণ, অনেক সময়ে আমর! প্রত্যক্ষের অগোচর পদার্থকে যুক্তি দারা সিদ্ধ করিয়া থাকি। যুক্তির অধিকারে আসিল না বলিয়াও অভাব-অবধারণ করা সঙ্গত নহে , কারণ, যুক্তি যাহার ছায়া স্পর্কু করিতেও পারে না, ঈদৃশ কত শত পদার্থ আমরা কত কত সময়ে একমাত্র বিশ্বস্তপুরুষের বাক্যদারা লাভ করিয়া থাকি *। মনে কর, বদি কোন ভ্রম-প্রমাদ-বিবর্জিত সত্যবক্তা পুরুষ আমাদিগকে বলেন যে "অমুক স্থানে অমুক বস্তু নিপ-তিত আছে"। বলিলে, আমাদিগের যদি সেই বস্তুতে আবশ্যক থাকে এমত হয়, তাহা হইলে অবশ্য আমরা সেই বস্তু আহরণের নিমিত্ত ধাবিত হইব। অতিবিশ্বস্তা জননী যদি বলেন "জাও--অমুক স্থানে তোমার ভোজন দ্রব্য প্রস্তুত স্বাছে।" স্কুননী এই কথা বলিলে, তৎ-कारन यनि आभारमत वृज्ञका थारक, जाश श्रेरन आभता उनस्य उनीय উপদিষ্ট স্থানে গমন করিব; কেন না, ঐ বিশ্বস্তবাক্য শুনিবামাত্র আমাদিগের এরপ দৃঢ় প্রতায় জন্মিবে যে, "বস্তু তথায় অবশ্য নিপতিত আছে" "ভোজ্য অবশ্য প্রস্তুত আছে।" ঐ বাক্য শ্রবণের পূর্বের আমা-দের ঐ জ্ঞান জন্মে নাই —জন্মিবার সম্ভাবনাও নাই। কারণ, ওরূপ छान जन्माहेवात अधिकात कि हेलिय, कि युक्ति, काशाव नाहे। अहे মৃহ্রে দিল্লীতে কি রূপ ঘটনা উপস্থিত আছে—তাহা প্রতাক বা যুক্তি দারা নির্ণয় করিতে পারে এমন সাধ্য কাহার আছে ? যদি

 [&]quot;चवाचुषाचामतुमानेन बीची धूमादिरिव वक्ने:" । [कांशिन एक]
 "चतीन्द्रवीचा प्रतीति रतुमानात् ।
 तचादिष वासिक परीचमातानमात् सिक्म् ।" [नेवा-कृक]

মানব আতির স্থভাবতঃ সে সাধ্য থাকিত, তাহা হইলে আর লিখন পঠন পদভির উদর হইত না, সংবাদ পদ্ভেরও আবশ্যক থাকিত না। অতএব, চক্ষুরাদি ইন্সিরের ন্যায় এবং তৎসম্বন্ধ-সমুখ যুক্তির ন্যায়, মৃত্যু বাক্যেও একটি অকাট্য প্রামাণ্য আছে অর্থাৎ প্রত্যক্ষের ন্যায়, যুক্তির ন্যায়, সত্যবাক্যও একটি প্রমাণ বা যথার্থ জ্ঞানের কারণ।

বাক্যের প্রামাণ্য থাকা যদি স্বীকার্য্য ইইল—তবে তাহার সত্যাসত্যের রূপ নির্দারণ করা আবশ্যক। যেহেতু, বাক্য মাত্রই সত্য
হইতে পারে না, বা বাক্য সম্থ জ্ঞান মাত্রই যথার্থ জ্ঞান হইতে পারে
না। ঐক্রিয়ক জ্ঞানের মধ্যে ও যৌক্তিকজ্ঞানের মধ্যে, যেমন শত
শত ভ্রম প্রকায়িত থাকে, শাস্ব-জ্ঞানের বিক্যে জন্য জ্ঞানের বিশ্বেও
তেমনি ভ্রম থাকিতে পারে, স্ক্তরাং ইক্রিয় ও ঐক্রিয়ক জ্ঞানের ন্যায়
ত্রবং যুক্তি ও যৌক্তিক জ্ঞানের ন্যায়, শব্দ ও শাস্ব-জ্ঞানেরও পরীক্ষা
করা আবশ্যক। পরীক্ষা করিতে হইলে প্রথমতঃ লক্ষণ নির্দেশ করা
আবশ্যক। সেই আবশ্যকতা বিধায় কাপিল শাস্ত্রে উহার এইরূপ লক্ষণ
নির্দিন্ত হইরাছে, ''আমীঘইম: মহু:।" অর্থাৎ উপদেশাত্মক আপ্রকাক্যের নাম 'শব্দ' এবং সেই শব্দ-শ্রবণের সমনন্তর যে জ্ঞান জন্মে,
তাহাই 'শাক্ষ-জ্ঞান'। এই শাক্তানও অব্যত্নিচারী ও অল্যন্ত।

এখন জিজ্ঞাস্য হইবে যে "আপ্তৰ্শক্ষের অর্থ কি? এবং বাক্যেরই বা আপ্ততা কি ?"—

কাপিল-মতামুসারীরা বলেন 'মাপ্ত'শব্দের অর্থ এই বে, যাহাতে ভ্রম প্রমাদ প্রভৃতি জৈবিক-দোষের আশকা নাই, তাহাই আগুবাক্য। সেম্বর-সাংখ্য ও ওপনিষদ আচার্য্যেরা বলেন, স্থাপ্ততা বাক্যের নাহে, আগুতা পুক্ষের। জীক, ভুদ-প্রমাদ-ইক্সিয়াপাট্য হিলিয়ের দোব] বিপ্রালীপ্দা [প্রতারশেক্ষা] প্রভৃতি কতকগুলি সহজাত হৃষ্ট লোবে দ্বিত থাকে। যে প্রকাষ ঐ দকল জৈবিক দোষের অভাষ আছে, সেই প্রকাই আপ্র প্রকাষ এবং তদীয় বাকোর নাম 'আপ্র-বাক্য'। এই আপ্র প্রকাষ যাহা উপদেশ করেন, তাহা সত্য, অভ্যান্ত ও অব্যতিচারী। আপ্র-প্রকাষ যে কিছু বলেন, তৎসমন্তই সত্য বটে, কিছু তর্মধ্যে যে অংশ উপদেশাত্মক, প্রামাণ্য সেই অংশেই বাস করে; অপরাংশ তাহার অমুগত হইয়া সেই প্রামাণ্যের বা উপদিশ্য-মান অংশের উত্তেজনা করে। [উদাহরণ পশ্চাৎ ব্যক্ত হইবে]

জগতে এমন আগু-পুরুষ কে আছে—যাঁহাতে পূর্বোলিথিত দোষের সম্পর্ক নাই ?

সেশ্ব-সাংখা ও ঈশ্বাহুগত অন্যান্য দার্শনিক পুরুষেরা বলেন,
এক আপ্তপুরুষ ঈশ্বর, আর আপ্তপুরুষ যোগজ-সামর্থ্যনান্ উৎকৃষ্ট
সত্ত যোগি পুরুষ [যোগনামর্থ্যে যাঁহাদের আত্মা দোষসম্পর্ক শূন্য
হইয়াছে] ইহাঁদের উপদেশ কদাচ অসত্য হয় না। ইহাঁদের উপদেশের উপর সম্পূর্ণ আত্মা নির্ভর করা যাইতে পারে। পরস্ক প্রাক্ষ
তিক মন্থ্যের উপদেশের উপর কশ্বই সম্পূর্ণ বিশ্বাস নিক্ষেপ করা
যাইতে পারে না।

নৈরায়িকেরা বলেন, দুখারের বাকাই হউক—আর বোপিপ্রবের বাকাই হউক—যে বাক্য আকাজ্ঞা, আসন্তি ও যোগ্যতাঅনুসারে উচ্চারিত না হর এবং যাহার কোন তাৎপর্য্য দৃষ্ট হর না,—
সে বাক্যের আগুতা কমিন্ কালেও নাই। আকাজ্ঞা, আসন্তি ও
বোগ্যতা,—এই সমন্তর, আর তাৎপর্য্য, যে কোন ব্যক্তির বাক্যে
থাকিবে তাহারই বাক্য 'আই বাক্য' হইবে, ভাহারই বাক্যে বিশাস

নিক্ষেপ করা যাইবে, নচেৎ উক্ত-সম্বন্ধত্তর রহিত অর্থাৎ অসম্বন্ধ ও তাৎপর্য্য শূন্য ঈশ্বরের বাক্যেও বিশ্বাসন্করা যাইতে পারে না।

একণে আকাজ্জা কি ? বোগ্যতা কি ? আসন্তিই বা কি ?— এতবিধয়ে মনোযোগ কর—

আকাজ্ঞা,—একটি শক্ত উচ্চারণ করিলে, তাহার অর্থ-সম্পূর্ণের
নিমিত্ত বে শক্তান্তরের সংযোজন করার আবশ্যক হয়, সেই আবশ্যকভাবের নাম আকাজ্ঞা। যথা 'রাম' বা 'রামের' এবম্প্রকার শক্ত উচ্চারণ করিলে, রাম বা রামের কি ?—এই রূপ জিজ্ঞাসা জয়ে।
ইহারই নাম আকাজ্ঞা। এই আকাজ্ঞার পূর্ত্তি করিবার নিমিত্ত, ঐ উচ্চারিত বাক্যের অবয়বে 'আছেন' বা 'প্ত্র' প্রভৃতি শক্তের সংযোজন করা আবশ্যক হয়। কথন কথন বাহিরে ঐরপ শক্ত-সংযোজন বা উচ্চারণ করিবার আবশ্যক হয় না, মনে মনে উদয় হইয়াই উহা আকাজ্ঞার নির্ত্তি করিয়া থাকে।

আসত্তি,—যতগুলি শব্দ উচ্চারণ করিয়া একটি বস্তু বোধক বাক্য নির্মাণ করিতে হইবে—সেই সমস্ত শব্দের পরস্পার সম্বন্ধ রাথিয়া, পর পর বিনা-বিলম্বে উচ্চারণ করার নাম আসত্তি। এই আসভিই বাক্যার্থ বোধের কারণ। শব্দ সকল আসন্তি-ক্রমে উচ্চারিত না হইলে অর্থাৎ আজ্ বলিলাম 'রাম' আর কাল বুলিব 'আছেন' এরপ ব্যবহিত উচ্চারণ করিলে তাহা কোন অর্থের প্রকাশক হইবে না।

যোগ্যতা,— আকাজ্ঞা ও আসত্তি-অনুসারে শক্রাশি উচ্চারণ করিলেই কোন না কোন অর্থের প্রকাশ পাইবে, কিন্তু সেই প্রকাশ্য-মান অর্থ রদি অযোগ্য হয়, তাহা হইলে বৃদ্ধিতে হইবে যে, সে বাক্যে বোগ্যতা নাই। এতাদৃশ বাক্যকেই লোকে অযোগ্য বাক্য বলে। কি হইলে যোগ্য বাক্য হয় ?—আর কিম্বিধ অর্থ হইলেই বা তাহাকে যোগ্য অর্থ বলা যায় ?—

যে বাক্যের অর্থ, প্রত্যক্ষ বা যুক্তির অবিরোধী—সেই বাক্যই যোগ্য বাক্য এবং তাহারই অর্থ যোগ্য অর্থ; যথা—"এই স্ত্রী বন্ধ্যা," এই বাক্যাট যোগ্য এবং ইহার প্লর্থও যোগ্য অর্থ; কেননা, ইহা প্রত্যক্ষ বা যুক্তির বিরোধী নহে। যাহার অর্থ প্রত্যক্ষ বা যুক্তির সম্পূর্ণ বিরুদ্ধ, সেই বাক্যই অযোগ্য বাক্য; যথা—"এই ব্যক্তির জননী বন্ধ্যা"—এই বাক্যাট কি যুক্তি, কি প্রত্যক্ষ,সর্ব্বাংশেই সম্পূর্ণ বিরুদ্ধ।

তাৎপর্য্য,—বক্তার অভিপ্রায় অর্থাৎ মনোগত ভাব-বিশেষকে শাস্ত্র কারেরা 'ভাৎপর্যা' নামে উল্লেখ করিয়া থাকেন। এই তাৎ-পর্য্য ই শাক্ষ-জ্ঞানের প্রধান অঙ্গ। যে বাক্যের কোন তাৎপর্য্য নাই, অথবা উপলব্ধি হয় না, সে বাক্য আকাজ্ঞা, আসত্তি ও যোগাতা অনুসারে উচ্চারিত হইলেও কার্য্যকারী হয় না। কিন্তু এক মাত্র তাৎপর্য্যের বলে যোগ্যভা বিহীন বাক্যও সাধু বলিয়া সমাদৃত হঠতে পারে। মনে কর—'ইহার জননী বন্ধ্যা'—এই বাকাটি নিতান্ত অবোগ্য হইলেও বক্তার যদি এরপে বলিবার কোন তাৎপর্যা থাকে—তাহা হইলে ঐ বাক্য কদাচ অগ্রাহ্য হইবে না: ববং, উহা কোন উৎকৃষ্ট ভাবের ব্যঞ্জক হইবে। অতএক তাৎপর্যাই বাক্যের সার; তাৎপর্য্য-বোধই ঔপদেশিক জ্ঞানের প্রাণ, তাৎপর্য্য-ব্যতিরেকে বাক্ষ্যের বা বাক্যার্থের জ্ঞান হইতে পারে না। ফলতঃ নিম্বর্ধ এই যে আকাজ্ঞা, আসন্তি, যোগ্যতা ও তাৎপর্য্যু—এই চারি প্রকার সমন্ধ স্থতে আবদ্ধ य ताका, तारे ताकारे बाख ताका ; उडिन्न बना बकात बाखतीका এ জগতে নাই।

"আগু বাকাও বথার্থ জ্ঞানের জনক"—এতদ্ঘটিত তিনটি মত বলা হইল। এতৎসম্বন্ধে আরও মত আছে, তাহা আর বলিবার আবশ্যক নাই। কেন না, আগু-বাকোর লক্ষণ-ঘটিত মত যতই কেন থাকুক না, সকল মতেই বেদ বাক্যের আগুতী স্বীকার আছে। এমন কি,তৎকালের সমস্ত আস্তিক সুম্প্রদায়ই বেদের নামে শিরোনমন করিতেন।

ভারতবর্ষীয় প্রাচীন ঋষিদিগের বৃদ্ধি যতই তীত্র—যতই স্ক্রবস্তর প্রাহণক্ষমা থাকুক — দেখা যায় বেদের নিকট সকলকারই বৃদ্ধি কুঠিত হইয়াছিল। বেদের নিকট তাঁহাদের বৃদ্ধি যে কেন কুষ্ঠিত হইয়াছিল -কে বলিতে পরে? তাঁহারা যে বেদকে অভ্রান্ত মনে করিতেন, করিতেন কি না অথবা কেন করিতেন ? তাহা তাঁহারাই ভানেন। ফল, ভাঁহাদিগের লিখনভঙ্গী দেথিয়া আমাদিগকে সিদ্ধান্ত করিতে হয় যে তাঁহারা বেদবাক্যকে অভ্রান্তবাক্য বলিয়াই জানিতেন। কিন্তু সে পক্ষে [বেদের আপ্রভাপক্ষে] যে সকল হেতুবাদ দেখিতে পাই—সে সমস্ত এক্ষণকার লোকের অশ্রদ্ধান্ধন্দিত জড়-বৃদ্ধিতে অকিঞ্চিৎকর বলিয়া প্রতীয়নান হয় স্থতরাং সে সকল উদ্ঘাটন করিয়া এক্ষণে লেখনী क्रम कता वृथा। ভবে এই মাত্র বলিলেই পর্য্যাপ্ত হয় যে, ঋষিদিগের লেখা দেখিয়া বোধ হয়, ঋষিদিগের ব্লিখাদে ও সিদ্ধান্তে "বেদ অপৌ-कृरवय--- (वन जन्मनित नाम कान लाक विक मन्त्रात वानुष्टिक রচনা বাক্য নহে।"

আশ্চর্যা! অম্মনাদির মনে বেদের অপৌক্ষবেরত বিরুদ্ধে যে
সকল ভবর্কর উদয় হয়, অবিদিগের মনেও সেই সমস্ত বিভর্কের উদয়
ছইয়াছিল; তথাপি তাঁহারা আমাদের ন্যায় বেদের পৌরুদেরত্ব

করেন নাই; প্রত্যুত, পৌরুষেরত্ব পক্ষ থণ্ডন করিয়া অপৌরুষেরত্ব পক্ষই স্থান্থির করিয়া গিয়াছেন।

ঋষিদিগের মনে বেদের অপৌরুবের্ছ-বিরুদ্ধে যে সকল আশস্কার উদয় হইয়াছিল,তঞ্জীবতের মধ্য হইতে ছটি চারিটি আশকা মাত্র নিম্নে প্রদর্শিত হইতেছে, দৃষ্টি কর—

'বেদ অপৌরুষেয় নহে'—'কঠাদি ঋষিরাই উহার প্রণেতা'— 'বৈদিক মন্ত্র বা ব্রাহ্মণ-গুলি যখন ঋষিদিগের নাম-ধাম-কার্য্য কলা-পাদি ঘটত, তথন ঋষিরাই বেদের রচয়িতা'—'আদিম কালের ঋষিরা সময়ে সময়ে যে সকল আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক ঘটনা বা ব্যাপারামুসারী মনোভাব সকল বর্ণন দারা বাক্ত করিতেন, কালক্রমে সেই সকল বাক্য 'বেদ' নামে পরিগণিত হইয়াছে,স্লতরাং বেদ পুরুষ নির্দ্মিত, কদাপি অপৌরুষেয় নহে'—অপিচ 'বেদ ুষ্থন কতকগুলি বাক্যের সমষ্টিমাত্র, তথন উহা কোন বাগিন্দ্রিয়বান্ মহুবা হইতে উৎপন্ন হইয়াছে দন্দেহ নাই। ঈশ্বর অম্মদাদির ন্যায় ইক্সিয়-বিশিষ্ট নহেন, স্কুতরাং ঈশ্বর হইতে বাক্য উচ্চারিত হয় না, স্বন্ধং উচ্চারিতও হয় না'—'বিশেষতঃ বেদের মধ্যে বছতর প্রলাপ বাক্য আছে,বেদ অভ্ৰান্ত হইলৈ উহাতে প্ৰলাপ ৰাক্য থাকিবে কেন ?'--'যে সকল यांग यक्त, रा नकल किया कलांश, रा रा कल्लव निमिख अस्थीन कतिए (तर्म উপिष्ठि श्रेशाष्ट्र, मग्रक् श्रकात अञ्छीन कतिरम्ख তাহার একটিতেও ফল-সংযোগ দৃষ্ট হয় না স্থতরাং বেদ আগু বাকা নহে' ইত্যাদি *।

[&]quot;वैद्यंत्रेने सजिनमें पुरुषाखाः" "पौरुषियाचीद्रमा एति वचाामः, परिक्रष्टपासाः कृतका वेदा ददानीनामाः, --कृषं पुनः ज्ञतका वेदाः ! --वतः

এইরূপে ঋষিরাও বেদের অপৌরুষেয়ন্ত-বিরুদ্ধে কথিতবিধ তর্ক
বিতর্কের উদ্ভাবন্ধ করিয়াছিলেন। এমন কি, কপিল ও মহু প্রভৃতি,
বাঁহারা আদিমতম ঋষি,তাঁহারাও এবস্প্রকার আশক্ষা সকল অবতারণ
করিয়াছিলেন; কিন্তু তাঁহারা কেহই পৌরুষেয়ন্ত পক্ষ স্বীকার করেন
নাই, প্রভৃত্ত বেদ অপৌরুষেয়, নিতা ও স্বতঃপ্রমাণ বলিয়া গিয়াছেন। ঋষিরা যে কি জন্য বেদের এত দূর পক্ষপাতী—তাহা কে
বলতে পারে? ফল,আর্যাজাতির মধ্যে যাঁহারা ঋষি নামধারণ করিয়াছিলেন, তাঁহাদিগের মধ্যে অনুসন্ধান করিলে বরং তৃই এক জন
ঈর্ষাপলাপকারী ঋষি পাওয়া যাইবে—তথাপি বেদের অবমাননাকারী
ঋষি এক জনও পাওয়া যাইবে না।

বেদ-পাল্কের সত্যোদ্ধার প্রণালী।

ঋষিরা বেদ-পুরুষের অভ্রাস্ততা ও তদীয় বাক্য-প্রতীত অর্থের অব্যভিচারিতা স্বীকার করিতেন বটে, কিন্তু তাই বলিয়া যে তাঁহারা

पुरुषाखाः:,—पुरुषेण हि समाखायने बेदाः—काठकं, कालापकं, पैप्पला-दकं, मीदगळं इखेनमादि,—कत्तां मद्दश्य पुरुषः कार्यः मद्दः"—"सित्य दर्भनाच"—"जनन सरण वन्तय वेदार्थाः,— 'ववरः मावाहिणरकामयत' 'क्मुक्विन्दुरौद्दालिकरकामयत' इखेनमादैयः, उद्दालकस्यापत्यं गस्यते भौद्दालिकः, यदीकं, पाक् भौद्दालिक-जन्मनी नायं यत्यो भूतपूर्व्यः"— "वनस्पतयः समासत, सपाः सतमासत." इत्यादि वाक्यमुन्तत्त्वाकामदृशः कथन ? — "जरद्वी गायति मत्तकानि" कथनाम जरद्वी गायत् ? कथं वा वनस्पत्तयः सपां वा सतमासीरन् ?"— "न नित्यत्वं वेदानां कार्यस्वपुतः" 'कृत्वा सन्दर्भ स्ववहारार्थे केन विदेदाः प्रणीताः'— "भनियतः ग्रन्दः, कर्यकाले फलाद-र्मभात्' इत्यादि [देजिनि ७ नवन कार्यो]।

বেদের বথাক্রত অর্থের প্রামাণ্য স্থীকার করিতেন, এরপ নহে।
অর্থাৎ বেদ-বাক্য গুলি আবৃত্তি করিবা মাত্র যে অক্ররি প্রতীতি হয়,
দেই অর্থই যে ঠিক্, ঋষিরা এরপ মনে করিতেন না। তাঁহারা বলেন,
"অযানী ঘর্মান্তরায়া" "অযানী রক্ষ জিরায়া"—অগ্রে বেদ অধ্যয়নকর,
পরে অধীতবেদ হইতে আপাত-লব্ধ অর্থের ধারণ কর—পশ্চাৎ দেই
সকল অর্থের বিচার কর—বিচার করিলে অন্তর্লান [লুক্কায়িত] অসতাাংশের পরিহার হইবেক—অসত্যের পরিহার হইলেই সত্যাংশ
প্রকাশ পাইবে—দেই প্রফ্ রিত সত্যাংশ বাহা বলিবে,তোমরা তাহাই
করিবে। তাহারই সত্যতা, তাহারই অভান্ততা ও তাহারই আপ্রতা।
বিচার-পৃত অর্থের অন্তর্গন করিলে মন্ত্রাকে প্রতারিত হইতে হয়
না, কিন্তু অবিচারিত অর্থের অনুগত হইলে মনুষ্যকে অবশাই
প্রতারিত হইতে হয় *।

বাক্যবিচার সম্বন্ধে ঋষিদিগের মনোভাব এই ষে, বেদ-বীক্যই হউক—আর লৌকিক-বাক্যই হউক—কোন বাক্যই তুল্য ভঙ্গীর বা ভুলাপদ্ধতির অনুগত নহে। বাক্য মাত্রেরই ভঙ্গী, সামর্থ্য, গতি ও বিন্যাম-পরিপাটী পরস্পর বিভিন্ন। স্কৃতরাং সেই ভিন্নতা-অনুসারে বাক্য-রাশিকে বিভিন্ন শ্রেণীর অনুগত করিয়া অর্থ কল্পনা করিতে হয়। পশ্চাৎ তাহাতে তর্কসংযোগ করিয়া, ভিন্ন ভিন্ন অর্থের সম্বলন ও বাব্দলন করিতে হয়; তাহা হইলেই রাশীক্ষত বাক্যের মধ্য হুইতে সারার্থ গ্রহণের উপায় প্রকটিত হুইতে পারে।

ঋষিরা বেদ-চর্চ্চা করিয়া থেরূপ পদ্ধতিতে বেদ-বাক্য সকলের

^{* &}quot;अपरीचा प्रवर्तनानीऽ बाँदिक्नाते इनर्घश्वाप्रुवात्।" [मीमाःना छाषा]

বিভাগ করতঃ অর্থ সংগ্রহ করিতেন, এম্বলে—অস্ততঃ তাহার কিয়-দংশও বলা আব্দাক হইতেছে।

রাশীভূত বেদ-বাকা সকলকে প্রথমতঃ হুই ভাগে বিভক্ত কর।
এক ভাগ বিধি, অপর ভাগ অর্থবাদ। বিধি হুই প্রকার। প্রবর্ত্তক
বিধি ও নিবর্ত্তক বিধি। প্রবর্ত্তক বিধি 'বিধান' নামে, আর নিবর্ত্তক
বিধি 'নিষেধ' নামে বিখ্যাত। দেখিতে পাইবে যে, প্রবর্ত্তকবিধি
গুলি মনুষ্যকে বিধের পদার্থে প্রবর্ত্তিত করিবার জন্য ব্যাকুল, আর
নিবর্ত্তক—জাতীর বিধি গুলি, নিষিদ্ধ কার্য্য হুইতে মনুষ্যকে নিবৃত্ত
রাথিবার জন্য শশ-বাস্ত।

অর্থবাদ ও ছই প্রকার। স্থতার্থবাদ ও নিন্দার্থবাদ। স্থতার্থবাদ শুলি প্রবর্ত্তক-বিধির পোষকতা করে, আর নিন্দার্থবাদ শুলি নিবর্ত্তক-বিধির উত্তেজনা করে। এই অর্থবাদ-দ্বরের আবার তিন প্রকার ভেদ আছে। শুণবাদ, অমুবাদ, আর ভূতার্থবাদ। ইহার বিস্তার, সম্ভ-বতঃ প্রদর্শিত হইতেছে, মনোনিবেশ কর—

প্রবর্ত্তকবিধিই হউক—আর নিবর্ত্তকবিধিই হউক;—থগু বাকাই হউক—আর আখ্যারিকা বাকাই হউক;—বাক্য-রাশির মধ্যে যে অংশ উপদেশাত্মক, সেই অংশের নাম বিধি। তথ্যধ্যে যে বিধি কার্য্য-প্রবৃত্তির উত্তেজক, সেই সকল বিধি প্রবর্ত্তক-জাতীয়, আর যাহা নিবৃত্তির প্রযোজক, তাহা নিবর্ত্তক বা নিষেধ জাতীয়। "কুর্যানি" করিবেক, "কুরু" কর,—"কর্ত্তবাঃ" করা আবশ্যক,—"করণীয়ঃ" করিবার যোগ্য,—"ক্তে শুভন্তবতি" করিলে মঙ্গল হইবে,—ইত্যাদি প্রকার বাক্যজাত প্রবর্ত্তক বিধি-জাতীয়। আর "ন কুর্যাৎ" করিবেক না,—"ন কর্ত্তবাঃ" করিও না বা করা অনুচিত,—"কৃতে নরকঃ

প্রয়ান্তি" ইহা করিলে কর্ট পাইবে,—ইত্যাদি প্রকার বাক্য সকল . নিবর্ত্তক বা নিষেধবিধি-জাতীয়।

এই দ্বিধি বিধিকে পৃষ্টি করিবার নিমিত, দৃঢ় রাথিবার নিমিত, কতক গুলি উত্তেজক বাক্য এবং উত্তেজক আখাায়িকা তৎসঙ্গে যোগ দেওরা থাকে। সেই সকল অংশের নাম অর্থবাদ। বিধি যেমন দ্বিবিদ, তেমনি উত্তেজক-অর্থবাদগুলিও দ্বিবিধ। স্তুত্যর্থবাদ ও নিন্দার্থবাদ। "মর্থায় দুখীলনম্বির্থ বার: কখনন্"—প্রয়োজন [উদ্দেশ্য] সিদ্ধি লক্ষ্য করিয়া যে কিছু বলা যায়, সেই সকলের নাম অর্থবাদ। ইহারই রিভাগ স্তত্যর্থবাদ ও নিন্দার্থবাদ। প্রশংসা বাক্য বা প্রশংসাবাদ, আর ঐ স্তত্যর্থবাদ, একই কথা। আর নিন্দাব্চন ও নিন্দার্থবাদ, তুল্য কথা। আরোপিত গুণ কথনের নাম স্তৃতি বা প্রশংসা, আর আরোপিত দোষ কথনের নাম নিন্দা বা গ্রহণা। ইহা মনে ক্রিডে হইবে।

পূর্ব্বে বলা হইয়াছে "স্তত্যর্থবাদ গুলি প্রবর্ত্তক বিধির পোষ-কতা করে, আর নিন্দার্থবাদ গুলি নিবর্ত্তক বিধির সহায়তা করে।" এই পোষকতা সহায়তা বা উত্তেজকতা যে কিরূপ তাহাও বিবেচনা করা আবশ্যক।

েবদ বাক্য রাজাদিগের আঞা-বাক্যের স্থায় নহে। রাজা যেমন
"ইহা কর"—"উহা করিও না" এই মাত্র বলিয়াই নিশ্চিত্ত থাকিতে
পারেন, সে বিষরে লোকের প্রবৃত্তি জন্মাইবার নিমিত্ত গাঁহার আর
উপায়ান্তরের উদ্ভাবন করিতে হয় না, বাক্যাড়বর বা প্রয়াস বয়
করিতে হয় না, বেদ-ব্রুরে সম্বন্ধে সেরূপ নিয়ম থাটে না। বেদবক্তার সিপাই নাই—শান্ত্রীও নাই। তিনি কাহাকে মারিতে পারিবেন

না, ফাটক দিতেও পারিবেন না। অথচ তাঁহাকে তত্তৎকার্য্যে আবদ্ধ রাথিতে হইবে—প্রত্যেক উপদেষ্টব্য বিষয়ে লোকের প্রবৃত্তি বা নিবৃত্তি জনাইতে হইবে। তিনি কি করেন, "কর" বা "করিও না" এই মাত্র বলিলে, পাছে কেহ তাহা না ওনে, এই ভয়ে লগত্যা তাঁহাকে সমস্ত উপদেশ গুলিকে ফলাফল সংযুক্ত করিয়া স্তুতি নিন্দা বা পুরস্কার ভিরস্কার পরিপূর্ণ করিয়া উপদেশ করিতে হইয়াছে 🎤 বাক্যের শক্তি, কিন্ধপে ৰাক্য বা বাক্যবিন্যাস প্ৰারা তাৎকালিক লোকদিগকে কতদ্র বশীভূত করা যায়—ভ্লান যায়—মোহিত করিয়া রাথা যায়—তাহা ভাঁহারা দেরপ বুঝিতেন,তদনুসারেই তাঁহারা শাস্ত্র রচনা করিয়াছেন। অতএব যে সকল কর্ম কর্ত্তব্য বলিম্বা উপদিষ্ট হইয়াছে, বা অকর্চব্য विनिया निषिद्ध श्रेयां ए, उद्योवत् विविश्व क्लांक्ल (य अभ्रस्टे किंक् इटेर्स्यू अक्र नर्ट । किन ना, उभरन्छेरा विषया फनाकन मः रवांश कवा কেবল লোকের তত্তৎকার্য্যে রুচি জন্মাইবার নিমিত্ত। মহর্বি বাাস বলিয়াছেন "রোচনার্থা ফলশ্রতিঃ" মহুষোর কার্যাপ্রবৃত্তিতা ও অকার্য্য-নিবৃত্তিতা দাধনের নিমিত্তই ফলের উল্লেখ করা হয়।

> "पिव निम्बं प्रदास्थानि खलु ते खण्ड-लङ्डुकन्। पिवैवसुक्तः पिवति न फलं तावदेव तु॥" [भौभाः मा अङ्]

পুত্রের আরোগ্যকামী পিতা যেম্ন নানাবিধ প্রলোভন হারা শিশু সন্থানকে তিক্রাবাদ ঔষধ সেবনে প্রবৃত্ত করান, প্রজাবর্সের কুশলকামী শান্তও তেমনি অজান প্রজাদিগকে ফলাফলের লোভ দেখাইয়া সংকার্য্যে প্রবিত্তি ও অকার্য্য হইতে নিবৃত্তি রাখিবার চেন্তা পান। তিক্ত ভোজন করা হইলে পিতা যেমন বালককে মোদক প্রভৃতি স্বীকৃত লোভা বন্ধ প্রদান করেন মা, শান্তও তেমনি উপদিষ্ট

কার্য্যের অনুষ্ঠাতাকে যথোক্ত ফল প্রদান করেন না। যেমন পিতার ইচ্ছা পুত্ৰ অরোগী হউক, তেমনি শাস্ত্রেরও ইচ্ছা প্রজা সকল শাস্তি লাভ করুক। পিতার প্ররোচনায় তিক্তাস্বাদ ঔষধ সেবন করিলে পুত্র যেমন কেবল আরোগা লাভই করে, মোদক পায় না, সেইরূপ, শাজের প্ররোচনায় মন্ত্র্য শাজ্রোপদিষ্ট পথে গমন করিলে বাহ্যিক বা আধ্যাত্মিক কোন প্রকার না কোঁন প্রকার কুশল লাউ করে, অন্য ফল পায় না। "প্রতিপদি কুমাণ্ডং নামীয়াৎ" প্রতিপত্তিথিতে কুমাও ভক্ষণ করিবেক না। এই একটি বিধি অর্থাৎ উপদেশাত্মক बाका। পाছে কেছ এই উপদেশ উল্লন্ত্রন করিয়া অকুশলী হয়, এই ভয়ে শাস্ত্র, উহার গাত্তে একট্টি নিন্দার্থবাদ সংলগ্ন করিয়া দিলেন "কুমাণ্ডে চার্থহানি:স্যাৎ" যে প্রতিপত্তিথিতে কুমাণ্ড ভক্ষণ করি-বেক, তাহার অর্থ বিনাশ হইবে। বস্তুতঃ কথিত সিদ্ধান্তের অুনুসারে বুঝিতে হইবে যে ঐ অর্থবাদ বাকাটি কেবল প্রতিপত্তিথিতে লাক-দিগকে কুমাও ভক্ষণ হইতে নিবৃত্ত রাথিবার চেষ্টা করিতেছে মাত্র, কুলাও-ভোক্তার অর্থ বিনাশ করিবার চেষ্টা পাইভেছে ন।। ফলত: উক্ত উপদেশ বাক্যের মর্ম্ম এই যে, প্রতিপত্তিথিতে কুম্মাণ্ড ভক্ষণ করিলে রাস্তবিক কোন অপকার না হউক, ভক্ষণ না করিলে শারীরিক বা মানসিক কোন প্রকার না কোন প্রকার উপকার चारह।

প্রভাগ আজা বাক্যের উপর ভক্ত-প্রধের অচলা ভক্তি ও বিশাস থাকার তাহারা বেমন প্রভূবাক্য সকল শিরোধার্য্য করত: বহন করে—সেইরপ, শাস্ত্র-জক্ত ব্যক্তিরা বেন উক্ত কথার উপর ভক্তি ও বিশাস নিহিত করিয়া কুমাওভোজনে নিমৃত থাকিলেন, কিছু মান্ত্রারা শাজের ভক্ত নহেন, অহুগত নহেন, তাঁহারা কেন নিবৃত্ত থাকিবেন?
বরং তাঁহারা এই বলিয়া শাজকে অহুযোগ করিবেন যে, " শাজ
উক্ত তিথিতে কুমাও ভক্ষণাভক্ষণের দোষ গুণ অবগত, আছেন কি
না সন্দেহ ?—যদি থাকেন, গোপন করিবার প্রয়োজন কি?
—তোমরা সক্ষদে কুমড়া থাও—খুংলে কি হইবে ? কিছুই হইবে
না—উহা কেবল বোকা ভূলান কথা মাত্র"।

পরভাবী অশ্রন্ধাপু তর্কদাস তপ্তশোণিত ভবিষাৎ-পূর্কষেরা মে
শাস্ত্রকে এই বলিয়া তিরস্কার করিবে—শাস্ত্র তাহা বৃথিতে পারিয়া
ছিলেন। কারণ, ঐ রূপ অত্যোগ বাক্য লক্ষ্য করিয়া নানা শাস্ত্রের
নানা ছানে কটাক্ষ-ক্ষেপ দৃষ্ট হয়। ফল, থাদ্যাথাদ্যের সহিত শরীরের, মনের, জ্ঞানের, ধর্মের যে ঘনিষ্ট সম্বন্ধ আছে, সে সমস্ত প্রদর্শন
করিষ্ট্রীত হইলে স্বতন্ত্র একটি পুস্তক নির্মাণ করিতে হয় এবং তাহা
এ পুস্তকের উদ্দেশ্য নহে। স্কুতরাং তাহা পরিত্যক্ত হইল,—পাঠক
মর্গ ক্ষমা করিবেন।

ভিঠত। লোক মধ্যে এই এক স্থির সিদ্ধান্ত আছে যে "ভাল লোকে বাহা উপদেশ করে—তাহার কোন ভাল ফল আছে। আর বাহা নিষেধ করে, তাহার কোন মন্দ ফল আছে"। এই লৌকিক সিদ্ধান্তের অনুসারেই বৈদিক বাক্যের সিদ্ধান্ত হয়। সাধু সন্থবোরা বেমন লোককে স্থকার্য্যে প্রবৃত্ত করিবার নিমিত্ত নানাবিধ ফলের উল্লেখ,

^{*} পূর্মকালের তুই একটি বিধি-নিবেধের মর্ম এক্ষণকার বৈজ্ঞানিক পণ্ডিতের।
কলনা যারা বাহির করিতেছেন। ১৭৯৪। ৯৫ শকের তহুবোধনীপত্রিকার "আর্ব্য ক্রিনিগের তাড়িত্ বিষয়কজান" শীর্মক প্রস্থাবে কতক গুলি তার প্রকাশিক ক্রিনিগের বাড়েত্ বিষয়কজান" শীর্মক প্রস্থাবে কতক গুলি তার প্রকাশিক ক্রিনিগের এবং অন্যান্য সময়ে ক্ষ্যান্য প্রকার পারীয় বর্ম ক্ষমেক প্রকৃতি হই-ভাছে এবং এখনও হইতেছে।

परिनात जाशान, जाशाविकात तहना, मृष्टांख ऋत्वत छेडानन करतन ; শাস্ত্রও ঠিক্ সেই রূপ করেন। তন্মধ্যে উপদেশাস্থক অংশই বেমন লোক-বাক্যের সার, সেই রূপ শাস্ত্র-বাক্যেরও সার উপদেশ। বাক্য-রাশির মধ্যে উপদেষ্টব্য অংশের পোষকতাকারী ঘটনা বা আখ্যায়িকাত্মক বাক্যান্তর গুলি যেমন কদাচিৎ সত্যও হয়, কদাচিৎ मिथा। इस, (वन-वादकात अर्के (महे क्रिय हम। अरे विद्युष्टनात्र ঋষিরা, উপদেশাত্মক শাস্ত্র ভাগের উত্তেজক ঘটনাখ্যান, ইতিহাস वर्शन, वा वञ्चनकि कथन ऋश आर्थवानिक अःग नकनक जिधा বিভক্ত করিয়া তাহার তাৎপর্য্য নির্ণয় এবং সত্যাসত্যের অবধারণ क्ति छन। त्रहे छिन श्रकादित थक श्रकादित नाम अनवाल, দ্বিতীয় প্রকারের নাম অনুবাদ, তৃতীয় প্রকারের নাম ভূতার্থবাদ। ইহা পূর্বে বলা হইয়াছে, একণে তাহারই মর্ম প্রকট করা যাইতেছে।

खनवान-"विद्राद्ध खनवानः मा। य व्यर्थवात ब्रिकाक-वा युक्ति-विक्रक भगार्थित वा घर्षेनात मध्यव पृष्ठे श्रेट्र, छाशांत नाम खनवाम । এই खनवाम-काजीव व्यर्थनात्मत्र वर्गनीव व्यक्तार्थ व्यः অস্তা; কেন না উপদেশ্য বিষয়ে লোকের প্রবৃত্তি বা নিবৃত্তি উৎপা-দনের নিমিত্তই ইহার জন্ম স্থতরাং উপদেশ্য বিষয়ের প্রশংসা করাই ইহার সতা।

অমুবাদ--- "অমুবাদোহবধারিতে" যে অর্থবাদ কেবল বিজ্ঞাত वियायतरे कथा वाल, जाहाय नाम अस्वान। अरे अस्वान-काजीय अर्थवात्मत्र मन्त्राःम ও वर्गनीय बःम উভয়ই সত্য। यदि विकार বিষয়ের উপদেশ করা নিশা যোজন, তথাপি তাহার কোন বতর কল আছে বুৰিতে হইবে অৰ্থাৎ বেখানে ষেখানে তালুণ বৰ্ণনা বা উপ- দেশ আছে, সেই সেই স্থানে অবশ্য কোন প্রকার স্বতন্ত্র অপরিজ্ঞাত বিষয়ের উপদেশ আছে ব্ঝিতে হইবে।

ভূতার্থবাদ— "ভূতার্থবাদস্তন্ধানাং" যে অর্থবাদে প্রভাক বা বৃক্তি বিক্তন্ধ কথা নাই, বিজাত বিষয়েরও প্রতিপাদন নাই, ঈদৃশ অর্থবাদের নাম ভূতার্থবাদ। এই ভূত্যুর্থবাদ-জাতীয় অর্থবাদকে অসতা বিবেচনা করা মৃঢ় বৃদ্ধির কার্য্য।

এইরপ শান্ত-বাক্যের বা লোক-বাক্যের বিবিধা গতি, শান্তের স্থানে স্থানে প্রদর্শিত হইরাছে। বাক্যের সহিত অর্থের, অর্থের সহিত বাক্যের ও উভরের সহিত মানব মনের বা মানবীয় জ্ঞানের কিরূপ সম্বন্ধ—বাক্যের শক্তি মহুষ্যের মনে কতন্ব প্রভুত্ব করিতে পারে—তাহাও বর্ণিত হইরাছে। সে সকল উদ্যাটন করা অম্বনাদির অসাই। ফল, এতদপেকাও স্ম্মা গতি অবলম্বন করিয়া আর্য্যেরা বেদ বাক্যের তাৎপর্যাবধারণ করিতেন। তাহাতে যেরূপ জ্ঞান লাভ হইত, তাহাকে অব্যতিচারী মনে করিয়া তদহুসারেই চলিতেন, এবং অন্যক্তেও উপদেশ দিতেন, কদাচ তিরিক্ত্র কার্য্য করিতেন না।

বেদের মধ্যে যে সকল কৃত্র বা বৃহৎ প্রস্তাব আছে, ঋষিরা বলেন বে, ছয় প্রকার উপায় দারা তত্তাবতের তাৎপর্যা উদ্যাটিত হয়।
য়থা—উপক্রম ও উপসংহারের প্রকর্প্য (১), অভ্যাদ [প্রনঃ প্রনঃ
উল্লেখ্র] (২),উপক্রাস্ত [য়াহাপ্রস্তাব আরম্ভের ভিত্তি] প্লার্থের অপূর্বকা
অর্থাৎ অজ্ঞাততা [অন্যপ্রকারে যাহা জানা বায় নাই] (৩), উপক্রান্তের সহিত ফল দম্বর্ম (৪), উপক্রান্ত পদার্থে ক্রটি জনক অর্থব দ
(৫), তর্ক দারা উপক্রান্ত পদার্থের সংশোধন (৬)। যে পদার্থ
ক্রইয়া প্রস্তাবের আরম্ভ হইয়াছে, সমান্তি কালেও যদি সেই বছর

উল্লেখ থাকে, প্রস্তাবের মধ্যে মধ্যে বদি সেই পদার্থের অহ্বাদ হইরা, থাকে, বারংবার উল্লিখ্যমান সেই পদার্থ বদি ফল-প্রদ বদিয়া বর্ণিত হয়,—এবং অর্থবাদ-বাক্য গুলি যদি তাহাকেই লক্ষ্য করিয়া প্রবৃত্ত হইরাছে এরপ বোধ হয়, তর্করারা সেই পদার্থই সংস্কৃত হইয়া দিছান্ত হইতেছে বদি এরপ প্রতীতি হয়,—তাহা হইলে সেই পদার্থের উপদেশ করাই সেই প্রস্তাবের উদ্দেশ্য বা তাৎপর্য্য বিবেচনা করিতে হইবেশ।

এই সকল বিচার পদ্ধতি ও এতন্তির অনেকানেক বাক্-ভঞ্চি-প্রকাশ, বৈদিক রচনার উপর দেখিতে পাওয়া যায়। স্বৃতি ও পুরা-ণের রচনাও এই পরিপাটী ক্রেমে হইয়াছে। বেদের মধ্যে বেমন অনেক অসম্ভব গল-কথা আছে, পুরাণের মধ্যেও ঠিক্ সেইরূপ আছে। অসঙ্গত রচনা দেথিয়া প্রাণকে আমরা উপেক্ষা ক🏔 কিস্ত ঋষিরা তাদৃশ বা তদধিক অসকত দেখিয়াও বেদকে অব্ভূ করি তেন না, প্রত্যুত বিচার মার্গ অবলম্বন করিয়া ভাহার বাবার্থ্য নিরূপণ পূর্ব্বক সত্যাংশের আদান ও অসত্যাংশের পরিহার করিতেন। অসত্যাংশকে একেবারে হেম জ্ঞান না করিয়া তাহা সত্যাংশের উপ-কারক মনে করিতেন। ঋষিরা যেমন বেদ বাক্যের তাৎপর্য্য-গ্রন্থের নিমিত ব্যাকুল, প্রকাবান্ ও বিচারনিপুণ হইয়াছিলেন, আমরাছ যদি সেই রূপ হইতাম, উপেকাজিকা বৃদ্ধি যদি আমাদের প্রবলা বৃদ্ধি হইত, ভাহা হইলে বোধ হয়, আমরাও পুরাণাদির প্রতি প্রাবাদ্ধি হইতাম।

[&]quot; "चयक्रकीयसंकारावनाकीऽपूर्णता समाम्। वर्षवादीयपत्ती प विक्री

শ্রাণ এই শক্তি বৈদিক শক। অত্তব, বাাস বা তছ্তব-কালিক পঞ্জিগণ হইতেই বে প্রাণের প্রথমাৎপত্তি হইয়াছে, এরপ সিদ্ধান্ত মনে রাথা অকর্ত্তবা। ভঙ্গি-বিশেষের প্রাক্ষণায়ক বেদ তা-থকে প্রাণ বলে। আধুনিক প্রাণ সকল তাহারই অত্করণ মাত্র। কর্ত্তবাকর্ত্তবারূপ বেদা র্থর সরণায়ক ঋষি-বিরচিত গ্রন্থের নাম স্থৃতি [বেদের অর্থ স্থরণ রাথিয়া যাহা রচিত] আর বৈদিক প্রাণের পদ্ধ-তিতে, লৌকিক ও বৈদিক উভয়বিধ ঘটনাবলী প্রকাশক ঋষি বির-চিত গ্রন্থের নাম প্রাণ। *

সম্প্রতি উপদেশিক জ্ঞানের পরীক্ষা করিতে করিতে আমরা অনেক দ্বে আদিয়া পড়িয়াছি। অতএব, এই স্থানেই প্রাশক্ষিক অভ্যাগত বৃদ্ধির শেষ করা গেল।

নিচকে মধ্যে আপ্ত-বাক্য স্বতঃপ্রমাণ। চকু: বেমন স্বতঃপ্রমাণ, দেইকণ স্বতঃপ্রমাণ; অর্থাৎ উহা প্রমাণ কি না ? তাহা আর পরীকা করিতে হয় না। এই প্রমাণ-পরিনিষ্ঠিত জ্ঞানের অব্যভিচারিতা সর্বা কালেই আছে। বাক্যের আপ্রতা সম্বন্ধে যে কিছু মত আছে—সে-

^{* &}quot;यहां आवानी विद्वासपुरावानि कव्यान् वाद्या नारामंती" [व्यान कावा वृक्षा व्यक्ति] क्यांगत श्राणेन विज्ञावनी विव्यवश्यक दन कार्ण्य नाम किल्हान—कन्नरक्त वा क्षणेली वृक्ष कार्क्य भूकीवृद्धा वर्गनावाक दम कार्ण्य नाम भूबान—वाग वक्षांनि वृक्षिक कर्डत्या कर्डत्या भूकि ६ दम ६ वर्ग वृक्षा वृक्ष दम कार्ण्य नाम कन्न—श्राणे क्षणे गांगिक वांगिता विव्यक्ति विद्या व्यक्ति विद्या व्यक्ति विद्या व्यक्ति व्य

শমত পূর্বেই বলা হইরাছে। ফল, সকল মতেই বেদ বাফ্যের আপ্রতা খীকার আছে। বাক্য-বিচারের বে প্রকার রীতি-পদ্ধতি প্রদর্শন
করা হইল, তদমুসারে বিচারিত বেদ-বাক্য বে জ্ঞান প্রস্ব করিবে,
লেই জ্ঞান অল্রান্ত অর্থাৎ বথার্থ জ্ঞান। লোকিক বাক্যেও বিচার সংযোগ করার আবশ্যকতা আছে। তাহাও পূর্বের বলা হইরাছে।
তদমুসারে বিচারিত-লোকিক বাক্যও বথার্থ জ্ঞানের জনক। তবে
প্রভেদ এই যে, লোকিক বাক্য কেবল ঐহিক ব্যবহারের যোগ্য
পদার্থের প্রতিপাদন করে, আর বৈদিক বাক্য সকল দৃশ্যাদৃশ্য ও
ঐহিক পারত্রিক উভর বিধ পদার্থেরই প্রতিপাদন করে, কিন্তু বেদবাক্যের কিছু অদৃশ্য ও পারত্রিক কুশলের দিন্তেই সমধিক পক্ষপাত
দৃষ্ট হয়।

অপিচ, বাল্যকাল হইতে শব্দের প্রবণ, কার্য্যের দর্শন, বহার পদ্ধতির মনন, ও পর্যাবেক্ষণ করিতে করিতে মহুষ্য, শব্দ মাশির বিচিত্র শক্তি অবগত হইতে পারে। শব্দে যে অর্থ-প্রতায়ক বিচিত্র শক্তি আবদ্ধ আছে, তাহার পরিচয় পাওয়ার নামব্যুৎপত্তি । এই

^{*&}quot;অনুব্দর্য বিহার্যদনীনি:" "নিধিঃ অক্ষান্ধনির:" [কাপিল স্তা]
বাংপতি [সংকারবিশেই] জন্মান একটি জান-সামান্যের এবং কোন কোন বিশেষ
জানের কারণ। এখন জান অনেক আছে, যাহা ইন্সির, যুক্তি, বা উপদেশ বারা
জন্মে না। কেবল ব্যবহারাধীন উৎপন্ন হইয়া দৃঢ় সংক্ষারে জাবক হর। এই
ব্যবহারাধীন সম্পন্ন জানের কর্তকভালি ঐন্সিরক-জানের মধ্যে, কর্তকভালি
বৌজিক জানের মধ্যে, কর্তকভালি বা উপদেশিক জানের মধ্যে অবিষ্ট হইয়া
আছে। সে ভলিকে আমরা ভিন্ন বলিয়া উপলব্ধি করিতে পারি না। বধা
ঐন্সিরক-জানের মধ্যে দ্রখাদি জান। এই দুর্ভ জান্ট কোন অসাণ নিশার
মহে। উহা ব্যবহার-সম্পন্ন । ব্যবহার সম্পন্ন হইলেও আমরা উহাকে বজর
বলিয়া আমি মা, ইন্সিরক অনিয়াই বিবেচনা করি। ব্রহ, উল্লেখ, নীচয়, এনক্ষ্

বৃৎপত্তিমান্ প্রুষই বিচারের অধিকারী। ভ্রম, প্রমান, বিপ্রলিপ্সা, কর্ণাপাটৰ প্রভৃতি জৈবিক দোষ রহিত ক্রিতিবিধ অধিকারি-ব্যক্তি বিচার পূর্বক বাহা বলেন, ভাহা সত্য। এতত্তির সাংখ্যমতে বিচারিত বেদ বাক্য এবং বোগি-পুরুষের * বাক্যও সত্য স্ত্তরাং তৎসমুখ জ্ঞানও সত্য। এতাদৃশ সত্য বাক্যের নাম উপদেশ, আর তজ্জন্য জ্ঞানের নাম উপদেশিক জ্ঞান।

এতাদৃশ ঔপদেশিক জ্ঞান সর্বপ্রকার অনর্থ নিবৃত্তির কারণ এবং এতাদৃশ উপদেশ ভ্রম, প্রমাদ, অজ্ঞান, সংশয়, সর্বপ্রকার দোষ নিবৃত্তির হেতু।

শিশুকাল হইত্ত্বে জ্ঞান সঞ্চয় আরম্ভ করিয়া আমরা যে ভবি-

চকু: বি অনাকোন ইপ্রিয় গ্রাহা নহে, স্তরাং উহা ইপ্রিয় সন্ত জ্ঞান নহে।
তথা আনুষ্ঠান বিবেচনা করি যে "এতদ্র" "এত উচ্চ" ঘেন চকে দেখিতেছি।
কলতে, ঐ সকল জান আমাদের ক্রমশঃ ইপ্রিয়ের ব্যবহারাধীনই উৎপন্ন ইইয়া
বৃদ্ধ সকলারে আবদ্ধ হইয়া গিয়াছে। উহা ব্যবহারাধীন জ্ঞা বলিয়া, অপ্রাপ্তব্যবহার বালকদিগের 'এত দূর' 'এত উচ্চ' জ্ঞান থাকা দৃষ্ট হয় না। এই ক্রপ,
সক্ষে তাদি ব্যবহার সমুখ জ্ঞানও যৌক্তিক জ্ঞানের মধ্যে এবং এ শক্ষের এই শক্তি,
এইক্রপ বলিলে ত ই ক্রপ ব্রিতে হইবে, ইত্যাদি জ্ঞান উপদেশিক জ্ঞানের মধ্যে
নিবিষ্ট আছে। কপিল বলেন, আপ্রোপদেশ, বৃদ্ধ পরস্পরায় বস্তর ব্যবহার ও
ক্যাত-শক্ষের সামানাধিকরণা, এই তিনটি মাত্র শদার্থ জ্ঞানের কারণ। তন্তির
চতুর্ব কারণ নাই। এ সকলের অনেক বিস্তার আছে, কিন্তু সে সকল বলিতে
ক্ষেলে জনেক বাছলা হইয়া উঠে বলিয়া কান্ত থাকা গেল।

^{*} সাধ্য-পাতপ্রকানি শারের মত এই বে, যোগাভ্যাস করিতে করিতে স্ফু-বেরর এক প্রকার সামর্থা উৎপার হয়। জননে তাঁহার। ত্রিকালদর্শী ও বথাভূত অর্থের জাতা হন। যোগাভ্যাস বারা জৈল্প:করণের রজ স্কম অংশ অর্থাৎ ক্ষমতা, অপ্রকাশ ও বিক্ষেপ প্রফুতির কারণীপ্রুত্ব সামর্থ সকল অবিভূত হর এবং তবলে অন্তঃকরণ প্রকাশনর হইলা উঠে স্কর্মং জাহাদিশের নিক্ট দ

বাতে জান বৃদ্ধ হইবার আশা করি – ভাহাও উপদেশের বা আগু বাক্যের মহিমা। যদি চকুং, কর্ণ,নাসিকা প্রভৃতি সমস্ত ইন্দ্রির বর্তমান থাকে, আর একমাত্র বাক্-ব্যবহারের অভাব হয়; যদি জগতের কোন লোক কিছুমাত্র না শুনে, না বলে, ভাহা হইলে আমরা চকুং থাকিতেও অন্ধ, ইন্দ্রির থাকিতেও নিরিন্দ্রির প্রায় হইয়া যাই সন্দেহ নাই। অধিক কি, বাক্য-ব্যবহার না থাকিলে আমাদের কোন জ্ঞানই সঞ্চারিত ও পরিষ্কৃত হইত না। যদি সদ্য-প্রস্তুত বালককে বিজন অরণ্যে রাখা যায় —ভাহা হইলে তাহার যেরপ জ্ঞান সঞ্চয় হন্দ্র—ভাহা পাঠকগণ ভাবিয়া দেখুন। ইহু সংসারে যদি সকল মন্ত্রাই যুগপৎ বাগিন্দির বিহীন হয়—তাহা হইলে সংসারের দশা কি হয় তাহাও মনে করিয়া দেখুন।

* মনে কর, বে কথন 'অখ' এই বাক্য শুনে নাই—কী বন্ধ।কে 'অখ' বলে তাহা জানে নাই—ঈদৃশ অগৃহীত-শবার্থ কি তিক্
প্রুষের চক্ষ্র উপর অখ রাথিয়া দিলেও যতক্ষণ না কোন বিশ্বস্ত
প্রুষে বলিবে যে 'এই অখ'—ততক্ষণ তাহার অখ জানা হইবে না।
পূর্ব্বে যদি লিপি বা বিশ্বস্তবাক্যের দ্বারা অশ্বের লক্ষণ জানা থাকে—
তবে তাহা না বলিলেও কথঞিৎ চলিতে পারে। অতএব, পদার্থ
চিনিবার প্রধান উপায় বাক্য, বিশেষতঃ বিশ্বস্ত প্রুষ্কের বাক্য।
সাংখ্যদিগের প্রকৃতি প্রুষ্কের বিবেক জ্ঞান, বৈদান্তিক দিগের
ভক্ষজান, সমন্তই আপ্র-বাক্যের উপর নির্ভর করে দেখিয়া ঋষিরা

^{* &}quot;यथा दृष्ट-गी-पिकासापि चर्यकीतमन्दार्थ सङ्गतिकस्य दृयं गीरिति, वाकामिवाऽमानत् न चनु सीन विषयीक्षतिऽपि गी-पिका गी वृभुत्साऽतृवत्तीः"। [यशांका विठात]।

, >+X

বাক্যকে চক্ষু অপেক্ষাও গুরুতর প্রমাণ মনে করিতেন। এই জন্যই খবিদের নিকট বাক্যের অত সম্মান। আপ্রবাক্যে যে অখণ্ড প্রামাণ্য আছে এবং সেই অখণ্ড প্রামাণ্য আপ্ত বাক্য কি না বেদ;—এই বেদবাক্য এবং বেদার্থ মনন-শীল যোগি-পুরুষদিগের যাক্য ঝবিদিগের নিকট অতি মান্য। তাঁহাদের মতে বাক্য, কি ইহ লোকিক কি পার-লোকিক, কি তাত্তিক কি পারমার্থিক, —সর্ক্ববিধ পদার্থেরই প্রকাশক।

এত দ্রে পরীক্ষা বিষয়ক প্রস্তাবটি সমাপ্ত করা হইল। এক্ষণে পরীক্ষিতব্য বিষয়ের নির্ণয়ে প্রয়ন্ত হওয়া যাইবে।

*मश्कार्य्यवानः । "नाऽसदुत्पादीवृश्कवत्।"

[কাপিল হত্ৰ]

প্রেমাণ পরীক্ষা সমাপ্ত করা হইয়াছে। † সম্প্রতি প্রমাণের বিষয়] পরীক্ষা উপস্থিত। ইহাও সংক্ষেপে

^{* &}quot;অন্তীতি প্রতীতিবিবরং সং" যাহা আছে বলিরা জ্ঞান হয়, তাহারই নাম সং ('আছে' এই জ্ঞান প্রমা জ্ঞান হওয়া আবশ্যক) সং ও সত্য একই কথা। স্থিপরীতের নাম অসৎ বা অসত্য। যাহার রূপ নাই, আথ্যা নাই, যে স্বয়ংও নাই, তাহার নাম অভাব বা অসত্য। যথা—নরশৃক, শশবিষাণ, বন্ধ্যা পুত্র ইত্যাদি।

[†] পূর্বে তিনটি মাত্র প্রমাণের কথা বলা হইরাছে। যদিও মতবিশেষে
অধিক প্রমাণের কথা উল্লেখ আছে, তথাপি তাহা উল্লেখ মাত্র। সাংখ্য মতে
"নান্যনং নাতিরিক্তম্" তিনের অতিরিক্ত প্রমাণ নাই, ন্যন্ত নাই। অলৌকিক
আর্ব বিজ্ঞান বা যোগি-প্রত্যক্ষ যদিও প্রমাণান্তরের ন্যায় অসাধারণ কল প্রস্ব করে, তথাপি তাহা ক্থিত প্রমাণাত্তর হৈতে ভিন্ন নহে। যোগীরা যোগ বলে,
বিদেশীয়েরা যন্ত্র বলে, অতি দ্রস্থ বন্তকেও নিক্টছের ন্যার লক্ষ্য করেন—
শরমাণু বা তন্ত্রা-কৃষ্ম বন্তকেও স্থলবং প্রত্যক্ষ করেন, এ কথা গুনা যার

বক্তব্য। পরস্ত এই সংকার্যাদ অংশ প্রমেন্থ-মধ্যে পরিগণিত হইলেও যুক্তি-শ্রেণীর মধ্যে সন্নিবিষ্ট থাকার ইহাকে প্রমেন্ন পরীকার পূর্বে অবতারিত করা গেল; কেন না, ইহাই সাংখ্য শাস্ত্রের প্রমেন্ন পরী-ক্ষার ভিত্তি।

সাংখ্য মতে তাত্ত্বিক-প্রমের (প্রমাণের বিষয়ীভূত মূল তত্ত্ব)
পঞ্চবিংশতির অতিরিক্ত নহে। বদ্যাপি পশু, পক্ষী, মন্ত্ব্য,—চক্র
স্থ্য, গ্রহ, নক্ষত্র, তারকা,—ঘট, পট, গহ, কুড্য প্রভৃতি সমস্ত
পদার্থই প্রমেয়; এবং মন, বৃদ্ধি, অহঙ্কার ও আত্মা প্রভৃতি যে কিছু

प्रभाश यात्र। किन्न जिविध पर्नातन . छेनात्री छूठ य यात्र १ वर्षः, इहात्र। सतः कान श्रमान नट्ट। उत्त कि ना, श्रमानास्तत्र स्रूपंज हहेत्व छेहात्र। यहः द्रमहे श्रमाप्तत्र नाधक हत्र नट्ट। यात्र वा यसः, हिन्द्र नः प्र्ल हहेत्व प्रमहे व्याप्त निक्ष का वा यात्र वा यात्र मिल् वृक्षि करत्र माज, जिवित्र स्र स्र वा वा विक्ष वृक्ष कथा मीनाः मको जात्र जात्र ने वित्र विद्या कि वित्र विद्या कि वित्र विद्या कि वित्र विद्या कि व

অপিচ, যোগ ও বন্ত্র, এতত্তরের মধ্যে অপর এক প্রভেদ বর্ত্রমান আছে।
যন্ত্র কেবল বাহ্যেল্রিয়ের শক্তি বৃদ্ধি করে, কিন্তু যোগ অন্তরিল্রিয়েরও শক্তি বৃদ্ধি
করে। যন্ত্র, স্ক্র বন্তর শরীরে স্কৃত্ব ক্রম না জন্মাইয়। ঠিক্ আকারটিকে চক্র্রেগিচর করিতে পারে না, দ্রন্থ বন্তকে নিকটন্তের নায় ক্রম নাজন্মইয়। প্রত্যক্ষে
উপনীত করিতে পারে না, কিন্তু যোগ তাহা পারে। [যোগের ঐ রূপ শক্তি
আছে কি না, ঠিক্বলা যায় না। তবে বৃদ্ধ্যারোহ করিবার নিমিত্ত যে কিছু
যুক্তি আছে, তাহা যোগ দর্শন লিখিবার কালে বক্তরা।]

আর এক কথা। ভারত বৃদ্ধের সময় ব্যাসদেব সঞ্চয়কে এক দিবা চক্ষঃ বিদান করিয়া যান। লিখিত আছে, সঞ্চয় তদ্বারা দ্রস্থ যুদ্ধকাও নিকটপ্রের ন্যার অবলোকন করিয়া তম্ভাত ধৃতরাষ্ট্রের গোচর করিতেন। "নিকটপ্রের ন্যায়" এই লিখন ভঙ্গি ধারা বোধ হয় যে ঐ দিব্য চক্ষুং কোন প্রকার যাজাতীয় হইবে ৮ চস্যা যথন দিব্যচকুর নামান্তর, তখন অসম্ভব্ট বা কি? আন্তর-পদার্থ তাহাও প্রমেষ; তথাপি, তাহা প্রমেষ হুইলেও ভাব্বিক প্রমের নহে। উহা ব্যবহারিক প্রমের 🛊।

তাত্তিক প্ৰমেয় কি ? যাহা তত্ত্ব অৰ্থাৎ কোন মৌলিক-পদাৰ্থ ৰলিয়া প্ৰমা জ্ঞানের বিষয় হয়, তাহাই তাত্ত্বিক প্ৰমেয়। এক মৃত্তিকা-বিকারকে ঘট, শরাব এবং উদঞ্চন প্রভৃতি নানা নামে ব্যবহার कतिरम्थ, वावशत निशामरानत निर्मिष्ठ छिन्न छिन्न श्रमार्थ विषय श्रमार्थ করিলেও, তাহা যেমন মৃত্তিকা হইতে তত্ত্বাস্তর নহে, তেমনি আন্তর ও बाह्य-পদার্থের ব্যবহার দশায় অসংখ্যতা কল্পনা করিলেও সে मभाखित छन्न वाखिविक व्यमःशा नाह। भागार्थ मकन वावहात काल একবিধ; কিন্তু তাহার তত্ত্ব অন্যবিধ।

কাহারো মতে জগতের মূল তত্ত্ব এক অধিতীয় ব্রহ্ম; কাহারো ক্ষতি আর পুরুষ; আবার কাহারো মতে জগতের তত্ত্ব অন্য-ি কিই কেন মত থাকুক না, ব্যবহারের সমসংখ্যক তত্ত্ব কোন আৰু । ব্যবহার-ভাবের কাল্পনিকতা আর মূলের তাত্ত্বিতা পঁটা নতেই আছে। ব্যবহারিক পদার্থের অসত্যভাব দেখাইবার নিমিত্ত ছান্দোগ্য ষষ্ঠাধ্যায়ে একটি আখ্যায়িকা কথিত হইয়াছে। ঐ আথ্যায়িকার স্থূল মর্ম্ম এই যে, "পুরাকালে উদ্ধালক নামে এক ঋষি, খেতকেতু নামক আপন পুত্রকে ব্রহ্মজ্ঞ করিবার নিমিত্ত শুরু-সলিধানে প্রেরণ করিয়াছিলেন। শেতকেভু, কিছুকাল পরে

^{*} थ्रमः भरकत वर्ष यथार्थ कान । मिटे यथार्थ कान रा रा वर्षाक व्यवगाहन করে সেহ দেই বস্তুই প্রমেয়। এতাবতা বস্তু,পদার্থ, প্রমেয়,এই সমস্ত নাম এক व्यार्थ हे बावहात हत्र । बावहातिक ध्यमा अवः वावहातिक ध्यामा, बावहात कालहे छ्लबुङ किछ তाक्कि थ्या ७ ठाविक श्राम् छव कारनत छलबुङ ।

উদালক এতদর্শনে হংথিত হইলেন। ভাবিলেন, এখন আর ইহাকে উপদেশ দেওয়া র্থা। যে মন্থ্যের জিজ্ঞাসা-রৃত্তি প্রবল নাই, নিজের জ্ঞান শক্তির প্রতি সংশয় নাই, সে মন্থ্যুকে উপদেশ দেওয়া র্থা। অতএব, যদি কোন প্রকারে ইহার নিজ অজ্ঞানসত্তা অন্থভব করান যায়—তবেই ইহার বর্ত্তমান অজ্ঞান উপদেশ দ্বারা উপ শাস্ত হইতে পারিবে, নচেৎ না। উদালক মনে মনে এই রূপ আন্দোলন করিয়া শেতকেতুকে জিজ্ঞাসা করিলেন "সেইকিছে তুমি সমস্ত শাস্তই অধ্যয়ন করিয়াছ, কিন্তু তুমি ক্রিনান পদার্থ জানিয়াছ যে যাহা জানিলে সমস্তই জানা হয় ?"—

খেতকেতু বলিলেন "পিতঃ! ইহা কিরপে সম্ভব হয় 🕍—

উদালক বলিলেন "একটি মৃন্ম বস্তর মূল জানিলে যেমন
সমস্ত মৃণ্ম বস্তই জানা হয়—একটি নথ-নিক্সন্তনের [নকণ] তত্ত্ব
জানিলে যেমন যাবৎ কাষ্ণায়দ [তীক্ষ্ণােহ] পদার্থ জানা হয়—একটি
হিরণ্য-কুগুলের প্রকৃতি জানিলে যেমন যাবং হিরণ্ম বস্তই জানা
হয়;—তেমনি এই দৃশ্যমান জগতের একমাত্র মূল উপাদান জানিতে
পারিলে, তৎকার্যভূত সমস্ত পদার্থই জানা হয়।"

উদালকের এবস্থিধ উত্তরে খেতকেতুর কমে নিজ জ্ঞান-শক্তির প্রতি সংশব্ন জন্মিল, জিজ্ঞাসার উদয় হইল, বৃভূৎসা প্রবন হইল। অনস্তর উদ্দালক তক সহক্বত উপদেশ দ্বারা তদীয় মনে তত্ত্ব সঞ্চার করিলেন। অতএব, ব্যবহার কালে ঘট-শরাবাদির পার্থক্য অমুভূত **रहेरा** छाहा छाड़िक छारात निकं अमछ। ''वाचारभणं विकारो नामधेयं चत्तिकेथेव सत्यम्" विकात भाग्धं नकन वाका वाताहे रुष्टे (কল্লিত),নাম সকলের সত্যতা নাই, মূল পদার্থেরই সত্যতা। অতএব चंहे, नताव, डेम्क्न, - এ जकन नाम माज, मृजिकारे डेराप्तत प्रजा।

এই অভিপ্রায় কেবল উদ্ধালক ঋষির নহে, সাংখ্যাচার্য্যদিগেরও वर्षि। मराशानिर्धात्रा वर्णन, कार्या-कात्रणভाव क्रथ खूब खबलयन করিয়া জগতের মূল তত্তে উপনীত হও—তাহা হইলে আপনার স্বরূপ ও জগতের যথার্থ রূপ অবগত হইতে পারিবে। জগৎ ও আস্মা, এই তৃই পুরার্থের বিবেক জ্ঞান লাভ করিতে পারিলেই ক্লভার্থ ছইবে। ন্মিক দিগের কথা গুলি শুনিতে যেমন, ব্ঝিতে তেমন ্রীবা বুঝিভে যেমন, পরীক্ষা করিতে তেমন নহে। সাংধ্য-ক্রিলেন "নিয় শ্রেণীর কার্য্য কারণ ভাব অবলম্বন করিয়া মূল তবে উপনীত হও" কিন্তু ততদূর গমন করিবার পরিষ্কৃত পথ কৈ ? জগতের ভাব, গতি,সংস্থান ও কার্য্য কারণ ভাব এমনি বিচিত্র,এমনি আশ্চর্য্য যে, নিম্নশ্রেণীর কার্য্য-কারণভাব স্থির করাও স্থকঠিন। আবার মহুষ্য মনের সহিত এই জগতের এমনি বক্ত-সম্বন্ধ, এমনি প্রতার্য্য-প্রতারক ভাব যে, একটা সামান্য কার্য্য কারণ ভাব গড়িতে গেলেও মত ভেদ উপস্থিত হইয়া সংশয় সাগরে নিমগ্ন করে ও বিমো-হিত করে। কোন অন্ত্রণ ধ্বনির [যেমন টেকীর কচ্কচির] व्यक्ति मत्नामित्वन कतित्व, त्रारं ध्वमित्क यथम त्यन्त्रण कन्नमा कन्ना ষায়, তথন সেই রূপই বোধ হয়। জগৎ বা আত্মার স্বরূপ নির্ণয় করিতে প্রবৃত্ত হইলেও ঠিক্ সেই রূপ হয়। না হইবে কেন?
যথন জগতে এমন কোন পদার্থ নাই যাহার হুইটি একরূপ পাওয়া
যায়, তথন অবশাই ওরূপ হইবে। প্রফ্রা, প্রত্যেক ব্যক্তিতেই
বিশ্রান্ত বটে, কিন্তু প্রত্যেক ব্যক্তিতেই অত্যন্ত ভিন্ন। অভএব,
যাহার যেমন প্রজ্ঞা, তিনি তদমুরূপ সিদ্ধান্ত করিবেন। বহু লোকে
বহু প্রকার সিদ্ধান্ত করিবে, তন্মধ্যে কাহার সিদ্ধান্ত যে ঠিক্, কে
বিশতে পারে ?—

সাংখ্যকার বলেন, নির্দোষ সংস্ক ত আত্মাই উহা বলিতে পারে।

যাহা ত্রৈকালিক, (কস্মিন্ কালেও যাহার অন্যথা হয় না) তর্ক পরি
ফৃত, সংস্কৃত-আত্মার বিশ্বস্ত, নিরপেক্ষ সৎপুরুষের প্রিয়, তাহাই

ঠিক্। সেই ঠিক্ সিদ্ধান্তই কল প্রসব করে। সেই সিদ্ধান্তই ক্যাণিকামী পুরুষের অবশ্য গ্রাহ্য। উৎপত্তি ঘটিত কার্য্য কারণ ভ্রমানিক মত আছে বটে, কিন্তু সে সমন্ত মত অত্রৈকালিক,

ফুত, সংস্কৃত আত্মার ও সৎপুরুষের নিকট অপ্রিয় স্কৃতরাং ক্রেম্ব্র অসং।

এক মত আছে, ''অসতঃ সজ্জায়তে" অসৎ অর্থাৎ রূপ ও আখ্যাদি-বিবর্জি তরূপ কারণ হইতে সং [যথার্থ বস্তু] পদার্থ জন্ম লাভ করে। এই মতের নাম অসংকার্যবাদ।

^{*} ইহা ন্যায় সন্মত। এতন্তির নান্তিকবিশেষের মতে অসৎ অর্থাৎ নাম রূপ আখ্যা বিবর্জিত (যাহা কিছুই নহে) স্বরূপ কারণ হইতে তভুলা অর্থাৎ যাহা কিছুই নহে এমন এক আশ্চর্যা কাষ্য উৎপন্ন হয়। এমতে জগছৎপত্তির পুর্বেষ কিছুই ছিল না, এখনও না, ভবিষ্যতেও না। ইহার মতে ঈশর নাই পরকালও নাই।

আর এক মত আছে, "একসা সতো বিবর্ত্তঃ কার্যজাতং ন বস্তু সং" এক সম্বস্তু হইতে এই দৃশ্যমান কার্য্য সমূহ আত্মলাভ করিয়াছে স্কুতরাং এ সমস্তই অসং অর্থাৎ ভ্রমোৎপন্ন ও ভ্রমময়। এই মতের নাম বিবর্ত্তবাদ।

অন্য এক মত আছে "সতো সজায়তে" পরমাণু প্রভৃতি সং পদার্থ হইতে অসং অর্থাৎ যাহা উৎপত্তির পূর্ব্বে ছিল না, তাহা দ্বাণ্-কাদি ক্রমে উৎপত্ন হয়। এই মতের নাম অভাবোৎপত্তি বাদ।

অপর এক মত এই যে "সতঃ সজ্জায়ত-এব" সদস্ত হইতে সদস্তই উৎপন্ন হয়, অর্থাৎ যাহা উৎপন্ন হয়,তাহা উৎপন্ন হইবার পূর্ব্বেও থাকে। এই মতের নাম সংকার্য্য বাদ। সাংখ্য প্রণেতা কপিল এই শক্ষপাতী। মহর্ষি কপিল গুক্তি সহকারে বলিয়াছেন "পূর্ব্ব লি সদোয়, অন্যথাভবিক, অত্রৈকালিক, সংস্কৃত-আত্মার প্রাং উহা অসৎ ও অগ্রাহ্য; কিন্তু এই মতটি [উৎ পত্তির ব্যাহ্য। আমরাও সাংখ্যপক্ষপাতী স্কৃতরাং এই মতই বিবৃত করা যাইতেছে—

যদি বল, কার্য্য যে উৎপত্তি হইবার পূর্ব্বেও ছিল—কোথায় ছিল?—ইহার উত্তর এই যে, তাহা কারণ দ্রব্যে লুকায়িত ছিল। ইহাতে যুক্তি কি?—অভিনব উৎপত্তিপক্ষে বিপ্রতিপত্তিই বা কি?—

অভিনব উৎপত্তি পক্ষে বিপ্রতিপত্তি [ব্যাঘাত] এই যে প্রথমতঃ
ক্রিদ্ধ সাধন অর্থাৎ যাহা থাকে, তাহার আবার উৎপত্তি কি ?—"ছিল
না হইল" এমন হইলেই উৎপত্তি বলা যায়। কার্য্য যদি চিরকালই
আছে. তবে তাহার নিমিত্ত যত্ন বা আয়াস কেন ?—

আছে। আয়াস বা বত্বের প্রায়েজন আছে। সুকারিত অর্থাৎ
শক্তিরপে অবস্থিত অব্যক্ত-কার্য্যকে ব্যক্ত করাই যত্ন ও আয়াসের
ফল; কেননা, অনভিব্যক্ত কার্য্য সকল ব্যবহারের অন্থপরোগী এবং
নিফল। মৃৎপিণ্ডে ঘট শক্তি আছে কিন্তু ঘটের অভিব্যক্তি-ব্যক্তি-ব্যক্তিকার জলাহরণ বা অন্থবিধ অর্থ ক্রিয়া সম্পন্ন হইতে পারে না;
স্থতরাং অভিব্যক্তির নিমিত্ত তাহাতে ব্যাপার-সংযোগ করিতে হয়।
উৎপত্তির পূর্বের কার্য্যের সন্তাব থাকিলেও যথন তাহার অভিব্যক্তি
হওয়ার অপেকা আছে, তথন আর কার্য্য-প্রবৃত্তির ব্যাঘাত জন্মিবে
কেন ? যত্ন বা আয়াসের বৈকলাই বা হইবে কেন ?—কার্য্যের অনাগতাবস্থা বা কারণ-ব্যাপারের পূর্ব্ববিস্থা অথবা অব্যক্ত-অব্যাধ্য অন্তংপত্তি। আর, বর্ত্তমানাবস্থা বা ব্যক্ত-অবস্থাব নাম উ
অন্তর্ণির ও বিনাশ এ জগতে নাই।

যে কারণ-দ্রব্যে যে কার্য্য-শক্তির অভাব আছে, দেই কার্ম্ম-দ্রব্যা হইতে সেই কার্য্যের উৎপত্তি কদাচ হইবে না। শত সহস্র শিল্পী একত্রিত হইলেও নীলকৈ পীত করিতে পারিবেন না। অসংখ্য উপার অবলম্বন করিয়া চির কাল নিস্পীড়ন করিলেও বালুকা হইতে মেহ নির্গলিত হইবে না; কেন না, পীত বা মেহ, নীলে বা বালুকাতে নাই। অতএব যে কার্য্য যেউপাদানে লুকায়িত থাকে, শক্তি রূপে নিহিত থাকে, সেই কার্যাই সেই উপাদান হইতে প্রাত্ত্তিত হয়, কার্যান্তর হয় না। যদি তাহা হইত, তবে সকল বন্ত হইতেই সকল বন্ত হইতে পারিত। যথন তাহা হয় না, তথন বিশেষ বিশেষ কার্য্য-শক্তি বিশেষ বিশেষ উপাদানে শক্ত [শক্তি রূপে লুকায়িত

चारह, गत्नह नाहे। किन এই সংকার্যা রক্ষার নিমিত আনক প্রকার তর্কের উদ্ভাবন করিয়াছেন, বাহুল্য ভরে সে সকল পরিত্যাগ कद्भा (श्रम *।

সাংখ্য মতে কার্য্য দ্বিবিধ। এক অভিবাজামান: অপর উৎ-পদ্যমান। ধাঞ্চ হইতে তওুল, গো হেইতে ত্ত্ম,—ইত্যাদি প্রকার कार्या कारज्ड नाम अভिवाकामान। वीक् श्रेर्ट अक्षुत्र, आशात-দ্রব্য হইতে শোণিত, ইত্যাদি জাতীয় কার্য্যের নাম উৎপদ্যমান। এই দ্বিধ কার্যাই শক্তিরূপে স্বীয় কারণে অবস্থান করে। উপযুক্ত উপায় প্রয়োগ করিলেই তাহারা স্বীয় স্বীয় রূপ ধারণ করিয়া প্রকাশ পার্য প্রেই প্রকাশ পাওয়ার নাম কোথাও অভিব্যক্তি, কোথাও

> ক্তির জ্ঞান কাহারো বা কার্য্য-নিষ্পত্তির অনন্তর জন্মে, তৎপূর্বেই জন্ম। "ভূতে পশ্যস্তি বর্ববা" পরে জন্মে

^{• &}quot;बिविधविरीवापत्तेय" "नासदुत्पादी कृशक्षवत्" "उपादान निय-मात्" "सर्वत सर्वदा सर्वाऽसथात्" "मतस मना करणात्" "कारण भावाय" "नामि व्यक्ति निवस्वनी व्यवहाराज्यवहारी" "नाम: कार्यजगः" এই সকল কাপিল পুত্রের মর্ম লইয়া ইহা লিখিত হইল। ভাব এই বে मुखिकांत्र यनि घटेनाङ ना शांकिछ. छाहा इट्टेल क्लांठ मुखिका चात्रा लाटक ঘট আছত করিতে পারিত না। মৃতিকার ঘট জন্মাইবার শক্তি আছে ৰলিয়াই. মৃত্তিকা ঘট জন্মায়। মৃত্তিকা ঘট জন্মাতে পারে বলিয়াই লোকে মুদ্ধিকা মধ্যে ঘট আছে জানে এবং ডরিমিডই লোকে তমধ্য হইতে ঘট বাঁহির করিবার চেষ্টা পার। এইরপ প্রকৃতিতে বদি অগৎ-রচনা শক্তি না वाकिक कीहा हहेल कर्नाठ अकृष्ठि बन्द तहना कत्रिक भौतिष्ठ ना । अकृ ভিত্তে শ্লেণ্ড উৎপাদিকা শক্তি আছে বলিয়াই প্রকৃতি জগৎ শ্লনার। ইন্চ্যাদি। সাম্পু বে ইয়ারের কর্তৃত্ব লোপ করিবেন, এই ছান হইতেই ভাষার প্রশাত।

कड़ वृक्ति मश्रवात, जात भृर्त्स करना भतीकक मश्रवात। এই जनाई পরীক্ষক পুরুষেরা কার্ব্যোরতি করিতে পারেন,জড় বৃদ্ধিরা পারেন না।

সাংখ্য মতে কারণও হুই প্রকার। এক প্রকারের নাম নিমিত্ত कांत्रण, जक्र अकारतत्र नाम छेशामान कांत्रण ।* कांत्रण मरमत् नाधात्रण व्यर्थ এই रि "येन निना यद्र भनिक तत्त्रस कारवान" व्यर्शक यदा जिरहत्त েবে আয়ু-লাভ করিতে পারে না, সে তাহার কারণ। এই লক্ষণ অমুদারে দকল বস্তুই দকল বস্তুর কারণ হইয়া উঠে,—এই জন্য সাধারণ কারণ কুটের মধ্য হইতে কতক গুলিকে কর্ত্তা,কতকগুলিকে কর্ম্ম, করণ, অধিকরণ, সম্প্রদান প্রভৃতি নাম দিয়া বিশেষ কবা হয়। পশ্চাৎ অবশিষ্ট কুইটির মধ্যে ঘনিষ্টতা অনুসারে একের নামু নিমিত্র कात्रण-अभरत्रत्र नाम छेभामन कात्रण वला इस । এই छेभामान देनब्राब्रिटकत्रा नमराश्ची कांत्रन रिनशा थाटकन। সহিত নিমিত্ত-কারণের প্রভেদ এই যে,জারমান কার্য্যের শরীক্ষ मान-कात्रन-जवाजी-मरयूक शारक, निमिख कात्रनि रमक्र शास्त्र मा ঘটরূপ কার্য্যের উপাদান-কারণ মৃত্তিকা এবং নিমিত্ত কারণ দত্ত,চক্র,

কারণ-জ্ঞানে বাৎপদ্ধ হওয়া স্কৃতিন। কোন কার্য্য উৎপদ্ধ হইলে পর ভাহার কারণ অনুধারণ করা বরং সহজ, কিন্তু ভবিষাৎ কার্যোর কারণ অবধারণ করা ব্যু ক্টিন। ভাষা স্থনিপুণ প্রজ্ঞাদম্পন্ন-ব্যক্তিরাই পারেন - বৃক্তি-কৃষ্ণ খ্যান-পারগ-ব্যক্তিরাও পারেন।

कार्यात कात्र निर्वत्र कारल अवत्र ७ वाजित्त्रक, উভत्र शर्थ अवत्रक्त করিতে হয়। কোনটি খাকাতে কার্যাট জন্মিয়াছে তাহা দেখিতে হইবে এবং कानि ना शकित्त जाश रहेज ना देशा प्राथित. रहेदन, "राश ना शकित्य क्ष्रेख ना " अहे अ: पछि निकृष्ठे मध्य असूनादत अहंग कतिएक इरेटत: नाहर কুলকারের পিতামহ লা থাকিলে ঘট হইওলা বলিয়া যে ঘটের এতি দেই শিভাষ্টত কারণ হইবে, এমত নহে।

নিশিত কারণ ক্ষুদ্ধে ওভন্তা ভিঁতা প্রভৃতি। ঘটরূপ কার্য্যের পরীরে মৃত্তিকার্য়প উপাদান সংলগ্ন থাকিবে কিন্তু নিমিত-কারণের সংশ্রমণ থাকিবে কিন্তু নিমিত-কারণের সংশ্রমণ থাকিবে না; কেন না, নিমিত্ত কারণ, কার্য্য জন্মাইয়া দিয়াই কুতার্থ হয় স্কতরাং ভাইার সহিত আব কার্য্যের সমন্ত্র থাকে না। ফল, বে জব্যের গাজে কার্য্য-জব্মে, বা, যে জ্ব্যা বিক্বত হইয়া কার্য্য জন্মার, ভাহারই নাম উপাদান। কাবণে যে বার্য্য শক্তি বিলান হইয়া থাকে, সে উপাদান কারণেই থাকে, নিমিত্ত কাবণে নহে।

সাখামতে বর্ত্তমান সমস্ত জগতের উপাদান প্রকৃতি। সেই প্রকৃতিত অনস্ত ও অপ্রমেয় কার্যাজনন-শক্তি লুকারিত ছিল, ক্রমশঃ ব্যক্ত হইবা এই দৃশ্যমান বিচিত্র জগৎ উৎপন্ন হইয়াছে। কি প্রকাবে তাহা হইতে বিশ্ব ব্রহ্মাণ্ড উৎপন্ন হইয়াছে। কাণ্ডে বিবৃত হইবে। স্ক্রাং এই স্থানেই পরীকাকাণ্ড

পরীক্ষাকাত সমাত।

विद्धार्थम ।

সাখ্য-দর্শন [অন্যান্য দর্শনের মত দথলিত] মূল্য ১॥০
আকাল কুইন [নতল্] মূল্য ॥০
জাকনাশুল /
জাকনাশুল
জাকনাশুল
জাকনাশুল
জাকনাশুল
জাকনাশুল
জাকনাশুল
স্থারী-নাটক ' মূল্য ॥০

এই দ্ৰুব প্রেক পটোলডালা ক্যানিং লাইতেনী, বছরাদাব ইন্ট্রোল প্রেন ল্ল করেড করের প্রকালনে এবং আমার নিকট শন্ত এ যায়।

পথানভিম্ন ভ্ৰুত প্ৰাধ্যায়ী অধাৎ সুপল্প নাক্ষণ, যাহাতে পানিনি, কাজাৰন ও প্ৰজাল ভ্ৰুত হল ভাব্যাহিল তাবৎ মৰ্থ কৌশনে ক্ৰাণিভ আছে, এই ব্যাক্ষণখানি বিষ্ নিশ্ৰ-ভূত টাকাৰ কহি ও কিন্তে ক্ষিত কাৰিব। নিশ্ৰিত প্ৰাহকেব প্ৰভি অগ্ৰিম ম্বা প্ৰতিষ্ঠ নাজিল প্ৰতি ও টাকা অবধানিত কৰা ছইলাছে। গ্ৰহণেজ্ব-ক্ষণ ক্ষা আমান প্ৰায় প্ৰেৰণ কৰিয়া বাধিত ক্ৰিব্ৰেন

क्षिकालीयत द्वनाखर्वात्रीन ।

अन मः जगावी व्यन ग्रहत त्मम,

व विकास ।